# ধর্ম্মোপদেশের সার



অথচ

ধর্ম্ম পুস্তকহইতে গৃহীত নানা প্রমাণযুক্ত প্রশ্নোত্তর।
বলি বঙ্গদেশীয় খ্রীষ্টীয়ান লোকদের
উপকারার্থ

শ্রীযুত জান লিচমন সাহেবকর্ত্তৃক
সংগৃহীত

LICHMAN (JOHN)

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইল।

---

১৮৩৬।

নির্ঘণ্ট।

# ধর্ম্মোপদেশের সার।

---

## ধর্ম্মপুস্তকবিষয়।

জিজ্ঞাসা। ঈশ্বর মনুষ্যেরদিগকে কোন্ শাস্ত্র দিয়াছেন।

উত্তর। তিনি অনুগ্রহ করিয়া ধর্ম্মপুস্তক দিয়াছেন।

২ তিম ৩। ১৬। সমুদয় ধর্ম্মগ্রন্থ ঈশ্বরাবেশদ্বারা দেওয়া গিয়াছে॥ ২ পিত ১। ২১। কেননা পূর্ব্বকালে মনুষ্যের ইচ্ছা দ্বারা আচার্য্যবাক্য প্রকাশিত ছিল না কিন্তু ধর্ম্মাত্মাতে প্রবৃত্ত ঈশ্বরের পুণ্যবান লোকেরা কহিল॥

২ জি। ধর্ম্মপুস্তক যে ঈশ্বরের বাক্য ইহার প্রমাণ কি।

উ। ধর্ম্মপুস্তকের অতিউত্তম উপদেশ ও তাহার নির্ম্মলতা ও তন্মধ্যে লিখিত কথার পরস্পর মিলন ও তাহার আশ্চর্য্য গুণ ও তাহার ভবিষ্যদ্বাক্যের পূর্ণহওন এবং প্রত্যয়ি লোকেরদের মনের মধ্যে ধর্ম্মাত্মা দ্বারা যে সাক্ষ্য হয় এই সকলেতে প্রামাণ্য হইতেছে যে ধর্ম্মপুস্তক নিতান্ত ঈশ্বরের বাক্য।

১ করি ২। ৯,১০। যেমন লিখিত আছে ঈশ্বর আপন প্রেমকারিরদের কারণ যাহা২ প্রস্তুত করিয়াছেন তাহা চক্ষু দেখে নাই ও কর্ণ শুনে নাই ও মনুষ্যের অন্তঃকরণেও প্রবিষ্ট হয়

নাই কিন্তু আপনার আত্মার দ্বারা ঈশ্বর আমারদের নিকটে তাহা প্রকাশ করিয়াছেন॥ ১২ গীত ৬। য়িহুহের বাক্য শুদ্ধ মৃত্তিকার আফরে সাতবার পরীক্ষিত রূপার মত॥ প্রে ২৬। ২৩। এই যে কথা আচার্য্যেরা ও মোশহ কহিল সে যে হইবে ইহাব্যতিরেকে আর কিছু না করিয়া আমি আপামরসাধারণ সকল লোককে প্রমাণ দি॥ এবরী ৪। ১১,১৩। কেননা ঈশ্বরের বাক্য জীবৎ ও প্রাদুর্ভাবী দ্বিধার তলোআরহইতেও তীক্ষ্ণ প্রাণ ও আত্মার এবং গ্রন্থি ও মজ্জার দ্বিধাকরণপর্য্যন্তই পরিভেদক এবং অন্তঃকরণের সঙ্কল্প ও সন্ধানের বিচার কারী॥ মাতি ১। ২২,২৩। দেখ এক কন্যা গর্ভবতী হইয়া পুত্র প্রসব করিবে এবং তাহারা তাহার নাম ইমানুএল অর্থাৎ প্রভু আমারদের সহিত রাখিবে ঈশ্বরের এই যে বাক্য আচার্য্যের দ্বারা উক্ত ছিল সেই বাক্য পূর্ণকরণের জন্যে এ সকল হইল॥ ১ য়োহ ২। ২০। কিন্তু ধর্ম্মস্বরূপ যিনি তাঁহার নিকটহইতে তোমারদের এক অভিষেক আছে এবং তোমরা সকলি জান॥ ৫। ১০। যে জন ঈশ্বরের পুত্রে প্রত্যয় করে সেই জন আপনার মধ্যে প্রমাণধারী হয়॥

৩ জি। ঈশ্বর কি নিমিত্তে ধর্ম্মপুস্তক দিয়াছেন।

উ। মনুষ্যেরদের উপদেশ ও ত্রাণের নিমিত্ত তিনি ধর্ম্মপুস্তকদিয়াছেন।

রোম ১৫। ৪। কেননা পূর্ব্বকালে যে২ কথা লিখিত ছিল সে২ কথা আমারদের শিক্ষার নিমিত্তে লিখিত ছিল॥ ২ তিম ৩। ১৪। ধর্ম্মগ্রন্থ খ্রীষ্টয়িশুবিষয়ক প্রত্যয়দ্বারা তোমাকে ত্রাণেতে বিজ্ঞ করিতে পারে।

৪ জি। আমারদের প্রত্যেতব্য ও কর্ত্তব্য ধর্ম্মের আচরণের বিষয় ধর্ম্মপুস্তকবিনা আর কোন ব্যবস্থাপক আছে কি না।

উ। না, খ্রীষ্টীয়ান ধর্ম্ম বিষয়ে কেবল ধর্ম্মপুস্তক

ব্যবস্থাপক আছে তাহাব্যতিরেকে আর কোন ব্যবস্থা নাই।

১৯ গীত ৭। য়িহুহের শাস্ত্র সম্পূর্ণ। মাতি ১৫। ৯। কেবল মনুষ্যের আজ্ঞা শিক্ষাকরাতে তাহারা আমাকে ব্যর্থ ভজনা করে॥ ২ তিম ৩। ১৬,১৭। সমুদয় ধর্ম্মগ্রন্থ ঈশ্বরাবেশদ্বারা দেওয়াগিয়াছে এবং শিক্ষা ও বিবেক ও শাসন ও ধর্ম্মক্রিয়োপদেশের কারণ ফলদায়ক আছে যে ঈশ্বরীয় মনুষ্য সম্পূর্ণ হয় ও সর্ব্ব সুক্রিয়াতে সর্ব্বতোভাবে সসজ্জ হয়॥

৫ জি। ধর্ম্মপুস্তকের উপদেশের সার কি।

উ। ধর্ম্মপুস্তকের মূল উপদেশ এই ঈশ্বরকে ভয় কর ও তাঁহার আজ্ঞা প্রতিপালন কর।

ধর্ম্মোপ ১২। ১৩। আমরা সকলের তাৎপর্য্য শুনি ঈশ্বরকে ভয় কর ও তাঁহার আজ্ঞা পালন কর যেহেতুক মনুষ্যের সকলি এই॥

---

## ঈশ্বরবিষয়।

৬ জি। ঈশ্বর যে আছেন ইহার প্রমাণ কি।

উ। মনুষ্যের আত্মা বিবেক ও সৃষ্টির নানা কার্য্য এবং বিশেষতঃ ঈশ্বরের বাক্যেতে স্পষ্ট প্রমাণ হয় যে ঈশ্বর আছেন।

রোম ২। ১৫,১৬। যাহারদের শাস্ত্র নাই এমন যে অন্য দেশীয় লোক তাহারা যখন আপন বাঞ্ছাতে শাস্ত্রের মত কার্য্য করে তখন তাহারা আপনারদের অন্তঃকরণের লিখিত শাস্ত্রেরসুক্রিয়া প্রকাশ করিলে ও তাহারদের অন্তঃকরণ সাক্ষ্য করাত তাহারদের মনন পরস্পর দোষ কিম্বা হেতবাদ করিলে

প্রাপ্তশাস্ত্র না হইয়াও আপনারদের শাস্ত্র আপনারাই হয়॥ প্রে ১৭। ২৩,২৭। কেননা আমি ভ্রমণ করিয়া তোমারদের পূজ্য দেখিয়া অজ্ঞাত দেবতার নিমিত্তে এই কথা উপরে লিখিত এক বেদি দেখিলাম অতএব যাহাকে তোমরা অজ্ঞাত রূপে ভজনা কর তাঁহাকে আমি তোমারদের নিকটে প্রকাশ করি তিনি আমারদের কোন কাহাহইতে দূর নহেন বটে॥ রোম ১। ২০,২১। কেননা তাঁহার যাহা২ অদৃশ্য অর্থাৎ তাঁহার অনন্ত পরাক্রম ও ঈশ্বরত্ব দৃশ্য বস্তুর দ্বারা পৃথিবীর সৃষ্টিকালাবধি সুন্দররূপে জানা যায় অতএব তাহারদের ওজর করার পথ নাই॥ ১ পিত ১। ২০। এবং ধর্ম্মগ্রন্থের কোন আচার্য্যবাক্য মনুষ্যের স্বমনোজাত যে নয় ইহা প্রথমতঃ জানিয়া যেপর্য্যন্ত তোমারদের অন্তঃকরণে রাত্রি প্রভাত না হয় ও পোহাতি তারার উদয় যে পর্য্যন্ত না হয় সেই পর্য্যন্ত যেমন অন্ধকারময় স্থানে দীপ্তিকর জ্যোতির প্রতি নিরীক্ষণ করা যায় তেমন তাহার প্রতি তোমারদের নিরীক্ষণ করা ভাল॥ য়োহ ৫। ৩৯। ধর্ম্ম গ্রন্থ আলোচনা কর কেননা তাহাই আমার বিষয় প্রমাণদায়ী॥

৭ জি। ঈশ্বর কি রূপ।

উ। ঈশ্বর আত্মাস্বরূপ অনন্তকালঅবধি অনন্তকাল পর্য্যন্তস্থায়ী সর্ব্বব্যাপী ও সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তিমান তাঁহার সত্তা ও জ্ঞান ও পরাক্রম ও ধর্ম্ম ও ন্যায্যতা ও সাধুতা ও সত্যতা গুণসকল অসীম ও অপরিবর্ত্তনীয়।

য়োহ ৪। ২৪। ঈশ্বরই আত্মা এবং যাহারা তাঁহার ভজনা করে আত্মাতে ও সত্যতাতে তাঁহার ভজনা করাই তাহারদের আবশ্যক আছে॥ ৯০ গীত ২। পর্ব্বতগণের জন্মের পূর্ব্বেও তোমার পৃথিবী ও সংসার নির্ম্মাণ করণের পূর্ব্বে অদ্যাবধি শেষপর্য্যন্ত তুমিই প্রভু॥ ১৩৯ গীত ৭,৮। আমি তোমার আত্মা হইতে কোথায় যাইব তোমার সাক্ষাৎহইতে কোথায় পলাইব স্বর্গারোহণ করিলে সেখানে তুমি নরকে বিছানা করিলেও

সেখানে তুমি॥ এবরি ৪। ১৩,১৪। তাঁহার দৃষ্টিতেও কোন সৃষ্ট বস্তু অপ্রকাশিত নয় কিন্তু যাঁহার বিষয়ে আমারদের কথা কহা হয় তাঁহার চক্ষুর গোচরে সকলে আদুল ও অনাবৃত আছে। প্রকা ৪। ৮। ধর্ম্ম ধর্ম্ম ধর্ম্ম ভূত বর্ত্তমান ও ভবিষ্যৎ য়িহুহ সর্ব্ব শক্তিমান ঈশ্বর ॥ যাত্রা ৩। ১৪। তাহাতে ঈশ্বর মোশহকে কহিলেন আমি যে আছি সেই আছি॥ ১৪৭ গীত ৫। আমারদের পরমেশ্বর বড় তাঁহার পরাক্রমও বড় এবং তাঁহার জ্ঞান অসঙ্খ্য॥ আদি ১৭। ১। য়িহুহ কহিলেন যে আমি সর্ব্বশক্তিমান ঈশ্বর॥ প্রকা ১৫। ৩। হে পুণ্যবানেরদের রাজা তোমার ক্রিয়া ধর্ম্ম ময় ও সত্য তোমাবিনা ধর্ম্মস্বরূপ আর কেহ নাই॥ দ্বি বা ৩২। ৪। তিনিই সত্যবাদী ও নির্দ্দোষ ঈশ্বর তিনি ন্যায়বান ও ধর্ম্ম স্বরূপ॥ যাত্রা ৩৪। ৬। য়িহুহ পরমেশ্বর দয়ালু ও কৃপাবান্ চিরসহিষ্ণু এবং দয়াতে ও সত্যতাতে বহুল॥ আয় ১১। ৭। তুমি অনুসন্ধানের দ্বারা কি ঈশ্বরের তত্ত্ব জানিতে পারিবা সর্ব্বাধ্যক্ষের সকল তত্ত্ব কি তুমি পাইতে পার॥ মল ৩। ৬। আমি য়িহুহ আমার অন্যথাহওয়া নয়।

৮ জি। এক ঈশ্বরবিনা দ্বিতীয় আছেন কি না।

উ। না ঈশ্বর কেবল একই তিনি জীবৎ ও সত্য।

দ্বি বা ৬। ৪। হে য়িশ্রাএল শুন আমারদের ঈশ্বর য়িহুহ একই য়িহুহ॥ ১ করি ৮। ৪। আমরা জানি যে জগতে দেবতা কিছু নয় ও যে এক ঈশ্বরব্যতিরেকে আর কেহ নাই॥ য়িরি ১০। ১০। য়িহুহই সত্য ঈশ্বর তিনিই জীবৎ ঈশ্বর ও নিত্যস্থায়ি রাজা॥

৯ জি। ধর্ম্ম পুস্তকের মধ্যে ঈশ্বর কিরূপে আপনাকে জানাইলেন।

উ। ঈশ্বর পিতা ও পুত্র ও ধর্ম্মাত্মারূপে প্রকাশিত হইলেন এবং এ তিনই এক ও একই তিন।

১ য়োহ ৫। ৭। কেননা স্বর্গে প্রমাণদায়ী তিন আছেন

পিতা ও বাক্য ও ধর্ম্মাত্মা এবং এ তিনই এক॥ ২ করি ১৩। ১৪। প্রভু যিশুখ্রীষ্টের অনুগ্রহ ও ঈশ্বরের প্রেম ও ধর্ম্মাত্মার সাধারণ ভোগ তোমারদের সকলের প্রতি হউক আমীন॥

১০ জি। পিতা যেঈশ্বর ইহার প্রমাণ কি।

উ। পিতা ঈশ্বর নামে বিখ্যাত আছেন এবং ঈশ্বরীয় গুণ ও কর্ম্ম ও ঈশ্বরভজনা তাঁহার আছে।

এফেস ৬। ২৩। ঈশ্বর পিতাহইতে কুশল ও প্রেম ও প্রত্যয় সকল ভ্রাতারদের প্রতি হউক॥ মার্ক ১৪। ৩৬। এবং তিনি কহিলেন হে পিতঃ হে পিতঃ সকলি তোমার সাধ্য॥ য়োহ ৫ ২১। যেমত পিতা মৃতেরদিগকে উঠান ও বাঁচান সেমত পুত্রও যাহাকে২ ইচ্ছা করেন তাহাকে বাঁচান॥ লূক ১১। ২। হে আমারদের স্বর্গস্থ পিতঃ তোমার নাম পবিত্ররূপে মান্য হউক॥

১১ জি। পুত্র যে ঈশ্বর ইহার প্রমাণ কি।

উ। পুত্রও ঈশ্বর নামে বিখ্যাত আছেন এবং ঈশ্বরীয় গুণ ও কর্ম্ম ও ঈশ্বরভজনা তাঁহারও আছে।

য়োহ ১। ১। প্রথমে বাক্য ছিল বাক্য ঈশ্বরের সহিত ছিল এবং বাক্যই ঈশ্বর॥ য়োহ ৮। ৫৮। যিশু তাহারদিগকে কহিলেন যে সত্য২ তোমারদিগকে আমি কহি অবরাহামের পূর্ব্বেই আমি হই॥ য়োহ ১। ৩। সকল বস্তু তাঁহাকর্ত্তৃক নির্ম্মিত হইল এবং যাহা২ নির্ম্মিত হইল তাহার মধ্যে এক বস্তুও তাঁহাব্যতিরেকে নির্ম্মিত হইল না॥ লূক ২৪। ৫২। পরে তাহারা তাঁহাকে ভজনা করিয়া বড় হর্ষে য়িরূশালমে পুনর্ব্বার আইল॥

১২ জি। ধর্ম্মাত্মা যে ঈশ্বর ইহার প্রমাণ কি।

উ। ধর্ম্মাত্মাও ঈশ্বর নামে বিখ্যাত আছেন এবং ঈশ্বরীয় গুণ ও কর্ম্ম ও ঈশ্বরভজনা তাঁহারও আছে।

প্রে ৫। ৩,৪। হে খননীয়াহ্ ধর্ম্মাত্মাকে মিথ্যা কথা কহি

তে শয়তান তোমার অন্তঃকরণ কেন পূর্ণ করিয়াছে তুমি মনুষ্যকে মিথ্যা কথা কহ নাই কিন্তু ঈশ্বরকে॥ ১ করি ২। ১০। আত্মা সকলের বিচার করেন ঈশ্বরের গভীর বস্তুই বিচার করেন॥ আয় ৩৩। ৪। প্রভুর আত্মা আমাকে নির্ম্মাণ করিয়াছে॥ মাতি ২৮। ১৯। অতএব তোমরা যাইয়া সকল দেশীয়েরদিগকে পিতা ও পুত্র ও ধর্ম্মাত্মার নামে ডুব দেওয়াওত॥

১৩ জি। ঈশ্বরের নিরূপণ কি।

উ। ঈশ্বর আপনার গৌরব প্রকাশকরণার্থে তাঁহার ইচ্ছানুসারে যাহা২ হইবে তাহা অনন্ত কালঅবধি নিরূপণ করিয়াছেন।

প্রে ১৫। ১৮। সৃষ্টির প্রথমাবধি ঈশ্বরের সকল কার্য্য তাঁহার সুগোচর হয়॥ প্রে ৪। ২৭। এমন তোমার ধার্ম্মিক শিশু য়িশু তাঁহার বিরুদ্ধেতে তোমার হাত ও তোমার নির্দ্ধারণ যে ভবিতব্য কার্য্য নিরূপণ করিয়াছিল॥

১৪ জি। ঈশ্বর আপনার নিরূপিত কার্য্য কিরূপে সম্পূর্ণ করেন।

উ। সৃষ্টি ও স্থিতির দ্বারা তিনি আপনার নিরূপিত কার্য্য সম্পূর্ণ করেন।

প্রকা ৪। ১১। হে প্রভু তুমি সকল সৃষ্টি করিয়াছ এবং তোমার ইচ্ছাতে তাহারা হয় ও সৃষ্ট ছিল॥ দানি ৪। ৩৫। যিনি স্বর্গের সৈন্যে ও পৃথিবীনিবাসিরদের মধ্যে আপন ইচ্ছানুসারে করেন্ এবং কেহ তাঁহার হাত স্থগিত করিতে পারে না ও তুমি কি কার্য্য কর এই কথা কেহ তাঁহাকেও কহিতে পারে না॥

## সৃষ্টির বিষয়।

১৫ জি। ঈশ্বর কি সৃষ্টি করিয়াছেন।

উ। তিনি স্বর্গ ও পৃথিবী ও সমুদ্র ও সকল বস্তু বিশেষতঃ দূতগণ ও মনুষ্য উত্তমরূপে সৃষ্টি করিয়াছেন।

আদি ১। ১। প্রথমে ঈশ্বর স্বর্গ ও পৃথিবীর সৃষ্টি করিলেন॥ কোল ১। ১৬,১৭। কেননা স্বর্গস্থ ও পৃথিবীস্থ দৃশ্য এবং অদৃশ্য সকল বস্তু তাঁহাকর্ত্তৃক সৃষ্ট ছিল সিংহাসন হউক কিম্বা প্রভুত্ব হউক কিম্বা রাজ্য হউক কিম্বা পরাক্রম হউক সকলেই তাঁহাকর্ত্তৃক ও তাঁহার কারণ সৃষ্ট ছিল॥ আদি ১। ৩১। ঈশ্বর যাহা নির্ম্মাণ করিয়াছিলেন সে সকলের উপরে তিনি দৃষ্টিপাত করিলেন এবং দেখ তাহা অত্যুত্তম॥

১৬ জি। ঈশ্বর কিরূপে দূতগণ সৃষ্টি করিলেন।

উ। তিনি তাহারদিগকে আত্মাস্বরূপ ও চিরজীবী ও ধর্ম্মময় ও অতিশক্তিমান ও অতিশয় জ্ঞানী ও তাঁহার ইষ্টকর্ম্মকারী ও নিত্য প্রশংসাকারী কিন্তু পাপে পতনীয়।

১০৪ গীত ৪। তিনি আপনার দূতেরদিগকে আত্মা করেন॥ লূক ২০। ৩৬। তাহারা আর মরিতে পারিবে না কিন্তু দূতেরদের ন্যায় থাকে॥ মাত্তি ২৫। ৩১। যখন মনুষ্যের পুত্র আপন ঐশ্বর্য্যেতে বেষ্টিত হইয়া সমস্ত ধর্ম্ম দূতেরদিগকে সঙ্গে করিয়া আসিবেন॥ ২ তেসা ১। ৭। যিশু আপন বলবান্ দূতেরদিগকে সঙ্গী করিয়া প্রজ্বলিত অগ্নিতে স্বর্গহইতে প্রকাশিত হইবেন॥ মাত্তি ২৪। ৩৬। কিন্তু সে দিন ও সেই দণ্ড কেহ জানে না স্বর্গের দূতেরাও জানে না কিন্তু কেবল আমার পিতা জানেন॥ ১০৩ গীত ২১। হে তাঁহার সকল সৈন্য তাঁহার

ইষ্টকর্ম্মকারি সেবকেরা তোমরা য়িহুহের প্রতি ধন্যবাদ কর॥ প্রকা ৪। ৮। ধর্ম্ম ধর্ম্ম ধর্ম্ম ভূত বর্ত্তমান ও ভবিষ্যৎ য়িহুহ সর্ব্বশক্তিমান ঈশ্বর এই কথা কহত তাহারা দিবা রাত্রিতে নিবৃত্ত হয় না॥ য়িহুদা ৬। এবং যে দূতেরা আপনারদের প্রথম দশা পালন করে নাই কিন্তু আপনারদের বসতি ত্যাগ করিল। তাহারদিগকে সে মহাদিনের বিচারার্থে তিনি অন্ধকারের নীচে রাখিয়াছেন॥

১৭ জি। যে উত্তম অবস্থায় দূতেরা নির্ম্মিত হইল তদবস্থায় তাহারা স্থির থাকিল কি না।

উ। না তাহারদের মধ্যে কতক পাপে পতিত হইল।

২ পিত ২। ৪। ঈশ্বর সে পাপকারি দূতেরদিগকে দয়া করিলেন না॥

১৮ জি। পাপকারি দূতেরদের বিষয় ধর্ম্মপুস্তকের মধ্যে কি লিখিত আছে।

উ। লিখিত আছে যে শয়তান তাহারদের মধ্যে প্রধান এবং তাহারা সকলই ঈশ্বরের বিরুদ্ধে পাপ করিয়া স্বর্গহইতে পতিত এবং এইক্ষণে অক্ষয় জিঞ্জিরে বদ্ধ ঈশ্বরের ও মনুষ্যেরদের শত্রু হইয়া তাহারদের কারণ অনন্ত নরক প্রস্তুত আছে।

মাতি ১২। ২৬। এবং শয়তান যদি শয়তানকে ছাড়ায় তবে সে আপনার প্রতিকূলে ভিন্ন হয়॥ প্রকা ১২। ৭,৮। এবং স্বর্গে যুদ্ধ হইলে মিখাএল আপন দূতেরদিগকে লইয়া সে নাগের সহিত যুদ্ধ করিল এবং নাগ আপন দূতেরদিগকে লইয়া যুদ্ধ করিল। এবং পরাস্ত করিতে পারিল না এবং স্বর্গে তাহারদের আর স্থানও পাওয়া গেল না॥ য়িহুদা ৬। এবং যে দূতেরা আপনারদের প্রথম দশা পালন করে নাই কিন্তু আপনারদের বসতি ত্যাগ করিল তাহারদিগকে সে মহাদিনে

বিচারার্থে তিনি অক্ষয় জিঞ্জিরেতে বদ্ধ করিয়া অন্ধকারের নীচে রাখিয়াছেন ॥ প্রকা ২০ । ২ । সে নাগ অর্থাৎ পাপাত্মা ও শয়তান নামেতে খ্যাত সে বৃদ্ধ সর্পকে সে দূত ধরিয়া এক সহস্র বৎসর ব্যাপিয়া বদ্ধ করিয়া রাখিল ॥ ১ পিত ৫ । ৮ । যাহাকে খাইয়া ফেলিতে পারিবে এই অন্বেষণ করত তোমারদের শত্রু শয়তান গর্জ্জনকারি সিংহের ন্যায় বেড়াইতেছে ॥ মাতি ২৫ । ৪১ । হে শাপগ্রস্তেরা যে অনন্তানল শয়তান ও তাহার দূতেরদের জন্যে প্রস্তুত আছে তোমরা আমার নিকট হইতে তাহাতে যাও ॥

১৯ জি । ঈশ্বর কিরূপে মনুষ্য সৃষ্টি করিলেন ।

উ । তিনি তাহারদিগকে স্ত্রী ও পুরুষ করিয়া আপনার প্রতিমূর্ত্তিতে অর্থাৎ জ্ঞান ও ধর্ম্ম ও পবিত্রতাতে তাহারদের সৃষ্টি করিলেন ।

আদি ১ । ২৭ । ঈশ্বর আপনার প্রতিমূর্ত্তিতে মনুষ্য নির্ম্মাণ করিলেন পুরুষ ও স্ত্রী করিয়া তাহারদের সৃষ্টি করিলেন ॥ এফেস ৪ । ২৩ । এবং যে নূতন মনুষ্য ঈশ্বরানুরূপে ধর্ম্ম ও সত্য পবিত্রতাতে সৃষ্ট আছে ॥

২০ জি । মনুষ্য সৃষ্টির বিশেষ অভিপ্রায় কি ।

উ । ঈশ্বরের গৌরব প্রকাশকরা এবং তাঁহার প্রেম নিত্য ভোগকরা ইহাই মনুষ্য সৃষ্টির বিশেষ অভিপ্রায় ।

১ করি ১০ । ৩১ । অতএব যদি তোমরা ভোজন কিম্বা পান কিম্বা আর কোন ক্রিয়া কর তবে সে সকলি ঈশ্বরের মহিমাপ্রকাশের নিমিত্তে কর ॥ ৭৩ গীত ২৪ । তুমি আপনার পরামর্শের দ্বারা আমাকে পথ দেখাইবা ও তৎপরে আমাকে স্বর্গসুখে গ্রহণ করিবা ॥

## ঈশ্বরকর্ত্তৃক স্থিতিবিষয়।

২১ জি। ঈশ্বরের স্থিতিকার্য্য কি প্রকার।

উ। তাঁহার তাবৎ সৃষ্ট বস্তুর প্রতিপালন ও তদুপরি কর্ত্তৃত্বকরণ ঈশ্বরের স্থিতিকার্য্য এই।

৩৬ গীত ৬। হে য়িহুহ তুমি মানুষ ও জন্তুকে রক্ষা করিতেছ॥ ১০৩ গীত ১৯। স্বর্গে য়িহুহ আপনার সিংহাসন প্রস্তুত করিয়াছেন এবং তাঁহার রাজ্য সকলের উপর কর্ত্তৃত্ব করে॥ হিত ১৬। ৯। মনুষ্যের মন তাহার পথ চিন্তা করে কিন্তু য়িহুহ তাহার গতি নিরূপণ করেন॥

২২ জি। মনুষ্য সৃষ্ট হইলে পর ঈশ্বর তাহাকে কিরূপ অবস্থায় রাখিলেন।

উ। তিনি পরীক্ষা অবস্থায় মনুষ্যকে রাখিলেন।

আদি ২। ১৫—১৭। য়িহুহ ঈশ্বর এদেন উদ্যানের কার্য্য করিতে ও তাহার রক্ষা করিতে মনুষ্যকে তাহার মধ্যে রাখিলেন। য়িহুহ ঈশ্বর মনুষ্যকে এই আজ্ঞা দিলেন যে উদ্যানের প্রত্যেক বৃক্ষের ফল তুমি অনিষিদ্ধরূপে খাইতে পার কিন্তু সদসৎ জ্ঞানবৃক্ষের ফল খাইও না কেননা যে দিনে তাহা খাইবা সে দিনে অবশ্য মরিবা।

২৩ জি। যে উত্তম অবস্থাতে মনুষ্য সৃষ্ট হয় সেই অবস্থাতে স্থির থাকিল কি না।

উ। না ঈশ্বরের বিরুদ্ধে পাপকরণপ্রযুক্ত সেই উত্তম অবস্থাহইতে মনুষ্য পতিত হইল।

আদি ৩। ৬,১৭। নারী দেখিল যে সে বৃক্ষের ফল উত্তম ভক্ষ্য ও প্রিয়দর্শন এবং জ্ঞানদানের জন্যে অত্যেষ্টবৎ অতএব পাড়িয়া খাইল ও আপন স্বামিকে দিল তাহাতে সেও খাইল॥

এবং তিনি আদমকে কহিলেন আপন স্ত্রীর বাক্য শুনিয়া তাহা খাইও না আমি এ কথা কহিয়া তোমাকে যে বৃক্ষের ফল খাইতে নিষেধ করিয়াছিলাম সেই বৃক্ষের ফল খাওয়াতে ভূমি তোমাহেতুক শাপগ্রস্ত হইয়াছে তুমি আপনার সমস্ত পরমায়ু শ্রমদ্বারা তাহাহইতে ভক্ষ্য পাইবা।

২৪ জি। পাপ কি।

উ। ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘনই পাপ।

১ য়োহ ৩। ৪। যে জন পাপ করে সেই শাস্ত্রও লঙ্ঘে কেননা শাস্ত্রলঙ্ঘনই পাপ॥ য়াআ ২। ১০। কেননা যে কেহ সমুদায় ব্যবস্থা পালন করে কিন্তু এক বিষয়ে দোষ করে সে সকলেতে অপরাধী॥ য়আ ৪। ১৭। অতএব যে জন সুক্রিয় করিতে জানে অথচ তাহা করে না তাহাই তাহার পাপ।

২৫ জি। আদি পুরুষের পাপের দ্বারা সকল মনুষ্য পাপী হইয়াছে কি না।

উ। হাঁ তাহার দ্বারা জগতের মধ্যে পাপ প্রবেশ করিল এবং এইক্ষণে সকলই পাপী।

রোম ৫। ১২ এক জনের দ্বারা পাপ জগতে প্রবেশ করিল এবং পাপের দ্বারা মৃত্যু এবং তাহাতে সকলে পাপকারী হইলে মৃত্যু সকলের উপরে আইল॥ ১ করি ১৫। ২২। আদমে সকলে মরে॥ রোম ৩। ২৩। সকলে পাপ করিয়াছে এবং ঈশ্বরের মহিমাপ্রকাশেতে ত্রুটি করিয়াছে॥

২৬ জি। পাপকরণেতে মনুষ্যের বর্ত্তমান দশা দুঃখী কি না।

উ। হাঁ পাপের নিমিত্তে ঈশ্বর এইক্ষণে মনুষ্যের প্রতি অসন্তুষ্ট হন এবং তাঁহার ক্রোধ ও শাপ তাহারদের উপরে থাকে এই আয়ুর মধ্যে তাহারা অনেক প্রকার দুঃখ ও মৃত্যু ভোগ করে এবং নিত্য নরক যন্ত্রণার যোগ্য হইয়াছে।

গীত ৭। ১১। ঈশ্বর প্রতিদিন দুষ্টেরদের প্রতি কুপিত॥ গালা ৩। ১০। কর্ম্মশাস্ত্রের ক্রিয়াসম্বন্ধীয় যত লোক তাহারা শাপাধীন কেননা লিখিত আছে যে কর্ম্মশাস্ত্রের পুস্তকে যে২ সকল লিখিত আছে তাহা করিতে যে জন নিত্য প্রবৃত্ত না হয় সেই প্রতিজন শাপগ্রস্ত॥ বিল ৩। ৩৯। জীবৎ মানুষ কেন অতুষ্টিসূচক কথা কহে অর্থাৎ মানুষ আপন পাপের শাস্তির বিষয়ে॥ রোম ৬। ২৩। কেননা পাপের বেতন মৃত্যু॥ গীত ৯। ১৭। দুষ্টেরা এবং ঈশ্বরবিস্মরণকারি সকল অন্যদেশীয়েরা নরকে ফেলা যাইবে॥

২৭ জি। এই পাপ ও দুঃখের দশাহইতে মনুষ্য আপনাকে উদ্ধার করিতে পারে কি না।

উ। না আপনার কৃত পাপের প্রায়শ্চিত্ত করিতে এবং ঈশ্বরের আজ্ঞাসকল সম্পূর্ণরূপে পালন করিতে কেহ পারে না অতএব আপনার উদ্ধার করিতে কে পারে।

এবরী ১০। ৪। আঁড়িয়া ও ছাগলের রক্ত কখন পাপমোচন করিতে পারে না॥ রোম ৩। ২০। তাহার দৃষ্টিগোচরে শাস্ত্রের ক্রিয়ার দ্বারা কোন প্রাণী ধার্ম্মিক করা যাইবে না কেননা শাস্ত্রেতে পাপজ্ঞান হয়॥

২৮ জি। এই দুঃখাবস্থাতে বিনষ্ট হওনার্থ ঈশ্বর কি সকল মনুষ্যকে ত্যাগ করেন।

উ। না তিনি অনুগ্রহ করিয়া মহাত্রাণকর্ত্তার দ্বারা তাহারদের রক্ষার উপায় প্রস্তুত করিয়াছেন।

রোম ৮। ৩। কেননা শাস্ত্র শরীরের দ্বারা দুর্ব্বল হইয়া যাহা করিতে পারিল না অর্থাৎ শরীরস্থ পাপ দণ্ডনীয় জানান তাহা ঈশ্বর পাপি লোকের মুর্ত্তিতে শরীরবিশিষ্ট ও পাপ নাশক বলির কারণ আপন পুত্রকে পাঠাইয়া করিয়াছেন॥ য়োহ ৩। ১৬। ঈশ্বর জগৎকে এইমত প্রেম করিলেন যে তিনি

আপন অদ্বিতীয়জাত পুত্রকে দিলেন যে তাঁহাতে যে জন বি
শ্বাস করে তাহার বিনাশ না হয় কিন্তু অনন্ত পরমায়ু হয়॥

---

## ত্রাণকর্ত্তার বিষয়।

২৯ জি। মনুষ্যের ত্রাণকর্ত্তা কে।

উ। প্রভু যিশু খ্রীষ্ট স্বয়ংঈশ্বর হইয়াও অবতীর্ণ হইয়া মনুষ্যেরদের ত্রাণকর্ত্তা হইয়াছেন।

১ তিম ২। ৫.৬। কেননা এক ঈশ্বর আছেন এবং ঈশ্বরের ও মনুষ্যেরদের মধ্যে এক মধ্যস্থও আছেন অর্থাৎ সে মনুষ্য যিশু খ্রীষ্ট তিনি উচিত কালে প্রমাণীকৃত হইবার জন্যে সকলের মোচনের মুল্যার্থে আপনাকে দিলেন॥ য়োহ ১। ১৪। বাক্য অবতীর্ণ হইয়া কৃপা ও সত্যতাতে পূর্ণ আমারদের মধ্যে বসতি করিলেন ও আমরা পিতার অদ্বিতীয় জাতের গৌরবের মত তাঁহার গৌরব দেখিলাম॥ প্রে ৪। ১২। আর কোন কাহাতেও ত্রাণ নাই কেননা স্বর্গের নীচে মনুষ্যেরদের মধ্যে যাহাতে আমারদের ত্রাণ হয় এমন আর কোন নাম দেওয়া যায় নাই॥

৩০ জি। প্রভু যিশু খ্রীষ্ট স্বয়ংঈশ্বর হইয়া কি রূপে অবতীর্ণ হইলেন।

উ। তিনি মারিয়ানামক কন্যার গর্ভে ধর্ম্মাত্মার পরাক্রমেতে নিষ্পাপরূপে জন্মিলেন।

লুক ১। ৩৩—৩৫। সে দূত তাহাকে কহিল হে মারিয়া ভয় করিও না তুমি ঈশ্বরের স্থানে অনুগ্রহ পাইয়াছ দেখ তুমি গর্ভবর্ত্তী হইয়া পুত্র প্রসবিবা ও তাঁহার নাম যিশু রাখিবা। ধর্ম্মাত্মা তোমার উপর আসিবেন ও সর্ব্বোপরিস্থের পরাক্রম

তোমার উপরে ছায়া করিবে অতএব যে ধর্ম্মবস্তু তোমার উপরে জাত হইবে সে ঈশ্বরের পুত্র করিয়া কহা যাইবে॥ এবরী ৭। ২৬। কেননা পুণ্যবান অহিংসক নির্ম্মল পাপি লোকেরদের হইতে ভিন্ন ও স্বর্গহইতে উচ্চীকৃত প্রধান যাজক আমারদের বিষয়ে শোভা পান। পিত ২। ২৩। যিনি কিছু পাপ করেন নাই॥

৩১ জি। য়িশু খ্রীষ্ট জন্মিয়া কি রূপ অবস্থাতে কাল যাপন করিলেন।

উ। তিনি অতি নীচ ও দুঃখাবস্থাতে জন্মিয়া তত্তদবস্থাতে কাল যাপন করিলেন।

লুক ২। ৭। পরে তাহার প্রথম জাত পুত্র প্রসবিয়া তাঁহাকে কাপড়ে জড়াইয়া হাড়ঙ্গে থুইল কেননা সরাইতে তাহারদের স্থান ছিল না॥ মাত্তি ৮। ২০। য়িশু তাহাকে বলিলেন খেকশিয়ালেরদের গর্ত্ত ও শূন্যের পক্ষিরদের বাসা আছে কিন্তু মনুষ্যের পুত্রের মস্তক রাখিবার স্থান নাই॥

৩২ জি। এই সংসারে য়িশু খ্রীষ্টের থাকিবার সময়েতে বিশেষ ঘটিল কি।

উ। বার বৎসর বয়ঃক্রম সময়ে তিনি মন্দিরে বসিয়া পণ্ডিতেরদের সঙ্গে আশ্চর্য্যরূপ উত্তর প্রত্যুত্তর করিতে লাগিলেন। অপর তিনি ডুবিত হইলে পর ধর্ম্মাত্মা তাঁহার উপরে নামিলে ঈশ্বর তাঁহার বিষয় প্রমাণ দিলেন। আরও তিনি বনমধ্যে গমন করিয়া চল্লিশ দিবসপর্য্যন্ত শয়তানকর্ত্তৃক পরীক্ষিত হইলেন। অপর তিন জন শিষ্যের দৃষ্টিতে তিনি অন্য মূর্ত্তিমান হইলেন। অপর বিস্তর দুঃখ ভোগ করিয়া এবং অনেক আশ্চর্য্য ক্রিয়া দেখাইয়া ও নানা প্রকার চমৎকার উপদেশ দিয়া তিনি কাল যাপন করিলেন।

লুক ২। ৪৬, ৪৭। তিন দিনের পর মন্দিরে পণ্ডিতেরদের

মধ্যে উপবিষ্ট তাহারদের কথা শ্রবণ করিতেছেন ও তাহার দিগকে জিজ্ঞাসা করিতেছেন এমন তাঁহাকে তাহারা পাইল যত লোক তাঁহার কথা শুনিল সে সকলে তাঁহার বুদ্ধিতে ও প্রত্যুত্তর শ্রবণেতে অতিচমৎকৃত হইল॥ লুক ৩। ২১,২২। সকল লোক ডুবিত হইলে পর য়িশুও ডুবিত হইলে এবং প্রার্থনা করিলে স্বর্গ খোলা গেল তখন ধর্ম্মাত্মা দর্শনীয়রূপে মূর্ত্তিমান হইয়া ঘুঘুর মত তাঁহার উপরে নামিলেন এবং তুমি আমার পুত্র তোমাতে আমি বড় তুষ্ট আছি এই বাক্যবাদী এই শব্দ স্বর্গহইতে শুনা গেল॥ লুক ৪। ১। পরে য়িশু ধর্ম্মাত্মাতে পূর্ণ হইয়া য়রদন ছাড়িয়া গেলেন এবং আত্মাতে আকৃষ্ট হইয়া অরণ্যে গেলেন ও চল্লিশ দিনপর্য্যন্ত শয়তানেতে পরীক্ষিত হইলেন॥ মাতি ১৭। ১,২। ছয় দিবসের পরে য়িশু পিতরকে ও য়আকুবকে ও তাহার ভ্রাতা য়োহনকে লইয়া নিভৃতেতে এক উচ্চ পর্ব্বতারোহণ করিলেন পরে তাহারদের সম্মুখে অন্য মূর্ত্তিমান হইলেন তাঁহার মুখ সূর্য্যের মত দীপ্তিমান ও তাঁহার বস্ত্র উজ্জ্বলের মত শুক্লবর্ণ হইল॥ এবরী ১২। ৪। যিনি আপন বিরুদ্ধে পাপি লোকেরদের এত বৈপরীত্য সহিলেন তাঁহাকে মনে ভাব॥ য়িশা ৫৩। ৩। তিনি অবজ্ঞাতে এবং মনুষ্যের মধ্যে গণিত নহেন তিনি দুঃখী ও শোকপরিচিত তিনি নিন্দিত ছিলেন এবং আমরাও তাঁহাকে আদর করিলাম না॥ লুক ৪। ৪০। সূর্য্য অস্তগত হইলে যত লোকের নানা প্রকার রোগেতে পীড়িত লোক ছিল তাহারা তাঁহার নিকটে তাহারদিগকে আনিল ও তিনি হস্তেতে স্পর্শ করিয়া প্রতিজনকে সুস্থ করিলেন॥ মাতি ২২। ৩৩। তখন জনতা ইহা শুনিয়া তাঁহার উপদেশেতে চমৎকৃত হইল॥ য়োহ ৭। ৪৬। পিয়াদারা প্রত্যুত্তর করিল যে এ মানুষের মত কেহ কখন কথা কহিল না॥

৩৩ জি। য়িশু খ্রীষ্টের মৃত্যুর বিষয়ে কি লিখা আছে।

উ। য়িহুদাহ স্কারিওটা তাঁহাকে পরহস্তগত করিলে ও তাঁহার অন্য শিষ্যসকল তাঁহাকে ত্যাগ করিলে ও পিলাত তাঁহার দণ্ডাজ্ঞা দিলে তিনি অন্য লোক

কর্ত্তৃক তিরস্কাররূপে নিন্দিত হইয়া অবর্ণনীয় যন্ত্রণা ভোগ করিয়া ক্রুশের উপরে হত হইলেন।

লূক ২২। ৩,৪। তখন স্কারিওটা উপনামেতে খ্যাত য়িহুদাহ দ্বাদশের মধ্যে এক জন শয়তান প্রবেশ করিল পরে সে যাইয়া তাঁহাকে তাহারদের হস্তগত যে রূপে করিতে পারে এই পরামর্শ প্রধান যাজকেরদের ও শাসনকর্ত্তারদের সহিত করিল॥ মাত্তি ২৬। ৫৬। কিন্তু আচার্য্যেরদের গ্রন্থে লিখিত কথা পূর্ণহওনের জন্যে এ সমস্ত হইল তখন সমস্ত শিষ্যেরা তাহাকে ত্যাগ করিয়া পলাইল॥ য়োহ ১৯। ১,১৬। পীলাত য়িশুকে ধরিয়া কোড়া মারিল তখন ক্রুশে খুন করিবার জন্যে সে তাঁহাকে তাহারদের কাছে সমর্পণ করিল ও তাহারা য়িশুকে লইয়া গেল॥ লূক ২৩। ৩৫,৩৬,৩৭। লোকেরা দেখত দূরে দাঁড়াইল এবং এ অন্য লোকেরদের ত্রাণ করিল এ ঈশ্বরের মনোনীত খ্রীষ্ট যদি হয় তবে এখন আপনাকে ত্রাণ করুক যদি তুমি য়িহুদীয়েরদের রাজা হও তবে আপনাকে ত্রাণ কর এই কথা কহিয়াও তাঁহাকে নিন্দা করিল॥ মাত্তি ২৭। ৪৬। তখন তৃতীয় প্রহরে য়িশু উচ্চৈঃস্বরে ডাকিয়া কহিলেন হে আমার ঈশ্বর হে আমার ঈশ্বর কি কারণ আমাকে ত্যাগ করিয়াছ॥ লূক ২২। ৪৪। তিনি বড় মনস্তাপিত হইয়া আরং অতিশয় প্রার্থনা করিলেন তাহাতে মৃত্তিকায় পতনশীল রক্তের বড় ফোটার ন্যায় তাঁহার ঘাম হইল॥ লূক ২৩। ৪৬। য়িশু উচ্চৈঃস্বর করিয়া কহিলেন যে হে পিতা তোমার হাতে আমি আপন আত্মাকে সমর্পণ করি ইহা বলিয়া তিনি প্রাণ ত্যাগ করিলেন॥ এব্রী ১২। ১। আপন অগ্রে স্থিত আনন্দের কারণ অপমান তুচ্ছ করিয়া ক্রুশের যন্ত্রণা ভোগ করিলেন॥

৩৪ জি। য়িশু খ্রীষ্টের মরণের পর কি হইল।

উ। তিনি কবরের মধ্যে রাখা গিয়া তিন দিবস পর্য্যন্ত মৃত্যুর বশীভূত হইয়া থাকিলেন।

লূক ২৩। ৫২,৫৩। সে জন পীলাতের নিকটে যাইয়া য়িশুর শরীর মাগিল পরে সে তাহা নামাইয়া কাপড়ে জড়াইল এবং

যাহার মধ্যে মানুষ শোয়ান যায় নাই পাথরে খোদা এমন এক কবরের মধ্যে তাহা শোয়াইল॥ ১ করি ১৫। ৪। যেমন ধর্ম্মগ্রন্থে বলে তেমন তিনি কবরে রাখা গিয়াছিলেন॥ মাতি ১২। ৪০। যেমত য়োনাহ তিন দিবস দিবারাত্রি মহা মৎস্যের উদরে থাকিল সেমত মনুষ্যের পুত্র পৃথিবীর অন্তরে তিন দিবারাত্রি থাকিলেন॥

৩৫ জি। য়িশু খ্রীষ্ট কবরহইতে পুনর্ব্বার উঠিলেন কি না।

উ। হাঁ তিনি তৃতীয় দিবসে পুনর্ব্বার উঠিলেন এবং নানা লোককর্ত্তৃক দৃষ্ট হইয়া ও আপনি সজীব হইবার অনেক নিশ্চিত প্রমাণ দর্শাইয়া প্রেরিতেরদের নিকটে চল্লিশ দিবসপর্য্যন্ত পুনঃ২ আপনাকে দেখাইলেন।

১ করি ১৫। ৪। তিনি তৃতীয় দিনে পুনর্ব্বার উত্থিত হইয়াছিলেন॥ মাতি ২৮। ৬। তিনি এখানে নাই তিনি যেমত কহিয়াছিলেন সেমত উঠিয়াছেন আইস যেখানে প্রভু শয়ন করিয়াছিলেন সে স্থান দেখ॥ প্রে ১। ৩। তিনি সেই প্রেরিতেরদেরকর্ত্তৃক চল্লিশ দিনপর্য্যন্ত দৃষ্ট হইয়া এবং ঈশ্বরের রাজ্যের বিষয় কথা কহিয়া অনেক নিশ্চয় প্রমাণ দিয়া আপনার মরণের পরে আপনাকে তাহারদের কাছে দেখাইলেন॥

৩৬ জি। য়িশু খ্রীষ্টের পুনরুত্থানের পরে কি হইল।

উ। তিনি স্বর্গারোহণ করিলেন এবং ঈশ্বর পিতা আপনার দক্ষিণ পার্শ্বে তাঁহাকে বসাইলেন।

মার্ক। ১৬। ১৯। তখন প্রভু তাহারদিগকে এ কথা কহিয়া স্বর্গে নীত হইলেন ও ঈশ্বরের দক্ষিণ ভাগে বসিলেন॥ এফেস ১। ২০,২১। এবং খ্রীষ্টকে মৃত্যুহইতে উঠানকালে এবং সকল রাজত্ব ও পরাক্রম ও সামর্থ্য ও কর্ত্তৃত্ব ও এই জগতে কেবল নয় কিন্তু ভবিষ্যৎ জগতেও যে প্রত্যেক নাম কহা যায়

সেই সকলহইতে অত্যুচ্চ স্বর্গীয় স্থানে আপন দক্ষিণে তাঁহাকে স্থাপন করিলেন॥

৩৭ জি। স্বর্গেতে ঈশ্বর কি নিমিত্ত য়িশু খ্রীষ্টকে বসাইলেন।

উ। রাজা ও ত্রাণকর্ত্তা হইবার নিমিত্তে ঈশ্বর তাঁহাকে উচ্চপদস্থ করিয়াছেন এবং এখন ঈশ্বর ও মনুষ্যেরদের মধ্যে এক মধ্যস্থও তিনি হইয়াছেন।

ফিলি ২। ৯। সেহেতুক ঈশ্বর তাঁহাকে অতিগুরুতর করিয়াছেন ও সমস্ত নামহইতে বড় নাম তাহাকে দিয়াছেন॥ প্রে ৫। ৩১। এবং আপনার দক্ষিণ হাতেতে উচ্চপদস্থ করিয়া য়িশরাএলকে পরামনন ও পাপমোচন দিবার জন্যে তাহাকে রাজা ও ত্রাণকর্ত্তা করিয়াছেন॥ ১ তিম। ২। ৫। কেননা এক ঈশ্বর আছেন এবং ঈশ্বরের ও মনুষ্যেরদের মধ্যে এক মধ্যস্থও আছেন অর্থাৎ সে মনুষ্য য়িশু খ্রীষ্ট॥ ১ য়োহ। ২। ১। যদি কেহ পাপ করিয়া থাকে তবে পিতার নিকটে আমারদের এক উকীল আছেন তিনিই ধর্ম্মস্বরূপ য়িশু খ্রীষ্ট॥

৩৮ জি। প্রভু য়িশু খ্রীষ্ট মনুষ্যেরদের ত্রাণকর্ত্তা হওনার্থ কি প্রকার পদ প্রাপ্ত হইলেন।

উ। তিনি আচার্য্য ও যাজক ও রাজার পদ প্রাপ্ত হইলেন।

প্রে। ৩। ২২। য়িহুহ তোমারদের ঈশ্বর তোমারদের ভ্রাতারদের মধ্যহইতে আমার ন্যায় আচার্য্য এক জন তোমারদের কারণ অবশ্য উৎপন্ন করিবেন যে২ বিষয়ক কথা সকল তিনি তোমারদিগকে কহিবেন সে সকল বিষয়ে তাঁহার কথা শুন॥ এবরী ৫। ৬। তুমি মেলকিসেদেকের ধারা মত নিত্য প্রধান যাজক আছ॥ গীত ২। ৬। আমি স্বকৃত রাজাকে আপনার পবিত্র পর্ব্বত সীওনোপরি স্থাপন করিয়াছি॥

৩৯ প্র। যিশু খ্রীষ্ট আমারদের আচার্য্য হইয়া কি করেন।

উ। তিনি আপন বাক্য ও ধর্ম্মাত্মার দ্বারা ঈশ্বরের ইষ্টক্রিয়া সকল আমারদের প্রতি প্রকাশ করেন।

যোহ ১। ১৮। কোন কেহ ঈশ্বরকে কখনও দেখিতে পায় নাই পিতার বক্ষঃস্থলস্থ সে অদ্বিতীয় জাত তাঁহাকে প্রকাশ করিয়াছেন॥ য়োহ ১৫। ১৫। আমার পিতার স্থানে যাহা আমি শুনিয়াছি সে সকল তোমারদিগকে জানাইয়াছি॥

৪০ প্র। যিশু খ্রীষ্ট আমারদের কারণ যাজক হইয়া কি করেন।

উ। তিনি পাপ মোচনের নিমিত্তে আপনাকে বলিদানরূপ উৎসর্গ করিলেন এবং আমারদের কারণ নিবেদনার্থ তিনি নিত্যই জীবিত থাকেন।

এবরী ৯। ১৩,১৭। অনন্ত আত্মার দ্বারা আপনাকে নিশ্ছিদ্রুরূপে ঈশ্বরের উদ্দেশে উৎসর্গ করিলেন যে খ্রীষ্ট। অনেকের পাপ ভোগকরণের কারণ খ্রীষ্ট একবার উৎসৃষ্ট ছিলেন॥ এবরী ৭। ২৫। অতএব যাহারা তাহার দ্বারা ঈশ্বরের নিকটে আইসে তাহারদিগকে তিনি সর্ব্বতোভাবে ত্রাণ করিতে পারেন যেহেতুক তাহারদের কারণ নিবেদন করিতে তিনি নিত্য জীবৎ থাকেন॥

৪১ প্র। যিশু খ্রীষ্ট আমারদের রাজা হইয়া কি করেন।

উ। তিনি আপন লোকেরদিগকে আপনার বশীভূত করাইয়া তাহারদের উপর রাজত্ব করিয়া তাহারদের প্রতিপালন করেন এবং আপনার ও তাহারদের শত্রুগণ দমন করেন।

১১০ গীত। ৩। তোমার বিক্রমের দিনে ধর্ম্মের সৌন্দর্য্যে তোমার লোকেরা ইচ্ছুক হইবে॥ যিশাঈ ৩২। ১। দেখ এক

রাজা ধর্ম্মে কর্তৃত্ব করিবেন॥ করি ১৫। ২৫। কেননা যাবৎ সকল শত্রু তাঁহার পদতলে না হয় তত দিন তাঁহার রাজ্যাশাসন আবশ্যক আছে॥ ১১০ গীত। ১। যিহুহ আমার পরমেশ্বরকে কহিলেন যে তোমার শত্রুরদিগকে যে পর্য্যন্ত তোমার পাদপীঠ আমি না করি সে পর্য্যন্ত আমার দক্ষিণে বস॥

৪২ জি। যিশু খ্রীষ্ট মধ্যস্থ হইয়া মনুষ্যেরদের নিমিত্তে কি প্রকার মঙ্গল সাধন করিয়াছেন।

উ। তিনি তাহারদের নিমিত্তে অনন্ত পরিত্রাণ অর্থাৎ ইহকালে অনুগ্রহরূপ মঙ্গল ও পরকালে গৌরবরূপ অসীম সুখ প্রস্তুত করিয়াছেন।

এবরী ৯। ১১,১২। খ্রীষ্ট ভবিষ্যৎ মঙ্গলবিষয়ক প্রধান যাজকরূপে উপস্থিত হইয়া আমারদের কারণ অনন্ত মোক্ষ পাইয়া আপন রক্তের দ্বারা পবিত্র স্থানে একবার প্রবেশ করিলেন॥

---

## পবিত্রকারি ধর্ম্মাত্মার বিষয়ে

৪৩ জি। যে পরিত্রাণ প্রভু যিশু খ্রীষ্ট প্রস্তুত করিয়াছেন সেই পরিত্রাণ মনুষ্যেরা কাহার দ্বারা ভোগিতে পায়।

উ। ধর্ম্মাত্মার দ্বারা মনুষ্যেরা পরিত্রাণ ভোগিতে পায়।

তীত ৩। ৫,৬,৭। তিনি আমারদের স্বকৃত ধর্ম্ম ক্রিয়াতে নয় কিন্তু পুনর্জ্জন্মরূপ ধোওনেতে ও আমারদের তারক যিশু খ্রীষ্টের দ্বারা আমারদের উপরে বাহুল্যরূপে অভিনিক্ষিপ্ত ধর্ম্মাত্ম কর্ত্তৃক পুনর্ব্বার নূতন করণেতেও আপন কৃপানুসারে আমারা

দিগকে ত্রাণ করিলেন আমরা তাঁহার অনুগ্রহেতে ধার্ম্মিকীকৃত হইয়া অনন্ত আয়ুর ভরসানুসারে অধিকারী হই ॥

৪৪ জি। মনুষ্যেরদের পরিত্রাণের নিমিত্তে ধর্ম্মাত্মা কি করেন।

উ। তিনি তাহারদের পাপ তাহারদিগকে দেখাইয়া এবং যিশু খ্রীষ্টের গুণ ও ক্ষমতা তাহারদিগকে জানাইয়া ত্রাণকর্ত্তার মত তাঁহাকে গ্রহণ করিতে তাহারদিগকে লওয়ান।

যোহ ১৬। ৮। তিনি আসিয়া জগদ্বাসি লোককে পাপ ও ধর্ম্ম ও বিচারের বিষয়ে জ্ঞান দিবেন ॥ যোহ ১৬। ১৪। তিনি আমার মহিমাপ্রকাশ করিবেন কেননা আমার যাহা২ আছে তিনি তাহা লইয়া তোমারদিগকে দেখাইবেন ॥ যোহ ৬। ৪৪। আমাকে পাঠাইলেন যে পিতা তিনি না টানিলে কোন কেহ আমার কাছে আসিতে পারে না ॥ যিখে ৩৬। ২৬। নূতন এক অন্তঃকরণও আমি তোমারদিগকে দিব এবং নূতন এক আত্মা তোমারদের মধ্যে থুইব এবং তোমারদের মাংসের মধ্যহইতে আমি প্রস্তরময় অন্তঃকরণ লইব ও তোমারদিগকে মাংসময় অন্তঃকরণ দিব ॥ ফিলি ২। ১৩। কেননা আপন ইচ্ছাক্রমে তোমারদের মধ্যে ইচ্ছা করণ ও ক্রিয়াপূর্ণকরণ প্রবর্ত্তক ঈশ্বরই ॥ ১ করি ১২। ৩। যিশু যে প্রভু ইহা ধর্ম্মাত্মা কর্ত্তৃক কহাব্যতিরেকে কেহ কহিতে পারে না ॥

৪৫ জি। মনুষ্যেরদের হিতার্থে ধর্ম্মাত্মা আর কিছু করেন কি না।

উ। হাঁ তিনি ঈশ্বরের সমস্ত প্রমাণবাক্য তাহারদিগকে জানাইয়া কর্ত্তব্য ক্রিয়াসকল করিতে তাহারদিগকে সাহায্যতা করেন এবং তিনি তাহারদের মনের মধ্যে বাস করিয়া পারমার্থিক নানা উত্তম ফল জন্মাইয়া তাহারদিগকে পবিত্র ও সান্ত্বনা করিয়া থাকেন।

য়োহ ১৬। ১৩। কিন্তু তিনি সত্যতার আত্মা২ আসিয়া সমস্ত সত্যতাতে তোমারদিগকে পথ দেখাইবেন ॥ য়োহ ১৪। ২৬। কিন্তু পিতা আমার প্রতিনিধিস্বরূপ পাঠাইবেন যে সান্ত্বনাকর্ত্তা তিনি তোমারদিগকে সকল শিখাইবেন এবং আমি যাহা২ তোমারদিগকে কহিয়াছি সে সকল তোমারদের মনে দিবেন ॥ রোম ৮। ১৪,২৬। যত লোক ঈশ্বরের আত্মাকরণক চালিত তত লোক ঈশ্বরের শিশু। আত্মাও আমারদের দুর্ব্বলতার উপকার করেন কেননা আমারদের প্রার্থনায় যাহা২ উপযুক্ত ইহা আমরা জানি না কিন্তু আত্মা আপনি আমারদিগকে অকথনীয় কোঁকানিতে প্রার্থনা করান ॥ গালা ৫। ২২,২৩। আত্মার ফল প্রেম আনন্দ নির্ব্বিরোধতা দীর্ঘকাল ক্ষমা মৃদুতা ভদ্রতা বিশ্বস্ততা নম্রতা মিতাচারিত্ব ইহার বিরুদ্ধে কোন শাস্ত্র নাই ॥ ১ করি ৬। ১১। তোমারদের মধ্যে কেহ২ এমত ছিল কিন্তু সম্প্রতি প্রভু য়িশুর নামেতে ও আমারদের ঈশ্বরের আত্মাকরণক তোমরা ধৌত হইযাছ তোমরা নির্ম্মলীকৃতও হইয়াছ এবং তোমরা ধার্ম্মিকীকৃতও হইয়াছ ॥ য়োহ ১৪। ১৬। এবং আমি পিতার নিকটে প্রার্থনা করিব ও তোমারদের সহিত সর্ব্বক্ষণে থাকিবার জন্যে তিনি তার এক সান্ত্বনাকর্ত্তা তোমারদিগকে দিবেন ॥

৪৬ জি। পরিত্রাণ পাইবার নিমিত্ত আমারদের কি কর্ত্তব্য।

উ। পাপের বিষয় পরামনন করা এবং য়িশু খ্রীষ্টেতে বিশ্বাস করা এই আমারদের কর্ত্তব্য।

প্রে ৩। ১১। তোমারদের পাপবিমোচন হয় এই নিমিত্তে পরামনন কর এবং মন ফিরাও ॥ প্রে ২০। ২১। প্রকাশিতরূপে ও ঘরে২ য়িহুদী ও গ্রীক এই দুই প্রকার লোকের নিকটে ঈশ্বরের প্রতি পরামনন ও আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের প্রতি বিশ্বাসের আবশ্যকের প্রমাণ দিতে২ তোমারদিগকে যেরূপ জানাইলাম ও শিক্ষা করাইলাম এই সকল তোমরা জান ॥

মার্ক ১। ১৫। পরামনন কর এবং মঙ্গল সমাচারের প্রত্যয় কর॥

৪৭ জি। পাপের বিষয়ে পরামনন কি।

উ। পাপের বিষয়ে সৎবিবেচনা করা ও তৎপ্রযুক্ত খেদ করা ও তাহা ঘৃণা ও স্বীকার ও ত্যাগ করা এই পরামনন।

প্রে ২। ৩৭। তাহারা এ কথা শুনিয়া অন্তঃকরণে বিদ্ধ হইল এবং পিতরকে ও অন্য প্রেরিতেরদিগকে কহিল যে হে লোকেরা ভাইরা আমরা কি করিব॥ ২ করি ৭। ১০। কেননা ঈশ্বরবিষয়ক শোক পরিত্রাণোপকারক অননুতাপ্য পরামনন জন্মায়॥ য়িখে ৩৬। ৩১। তখন তোমরা আপনারদের কুপথ ও আপনারদের অভদ্র ক্রিয়া স্মরণ করিবা এবং আপনারদের অধর্ম্মেতে ও আপনারদের ঘৃণার্হ ক্রিয়াতে আপনারদের দৃষ্টিতে আপনারদিগকে ঘৃণা করিবা॥ গীত ৩২। ৫। তোমার কাছে আমি আপন পাপ স্বীকার করিলাম ও আপনার অপরাধ ঢাকিলাম না আমি কহিলাম যে য়িহুহের নিকটে আমি আপন ত্রুটি স্বীকার করিব এবং তুমি আমার পাপের অধর্ম্ম ক্ষমা করিয়াছ॥ য়িশা ৫৫। ৭। দুষ্ট লোক আপন আচার এবং অধার্ম্মিক লোক আপন মনের সঙ্কল্প ত্যাগ করুক সে য়িহুহের কাছে ফিরুক যেহেতুক তিনি দয়া করিয়া তাঁহাকে গ্রহণ করিবেন ও আমারদের ঈশ্বরের প্রতিও ফিরুক যেহেতুক তিনি অতিশয় ক্ষমাবান॥

৪৮ জি। য়িশু খ্রীষ্টেতে বিশ্বাস কি।

উ। প্রভু য়িশু খ্রীষ্টবিষয়ক ঈশ্বরের সমস্ত বাক্যেতে দৃঢ় প্রত্যয় করা এবং ত্রাণকর্ত্তা হওনার্থে কেবল তাঁহাকে গ্রহণ করাই সত্য বিশ্বাস।

প্রে ১৬। ৩১। প্রভু য়িশু খ্রীষ্টের উপরে বিশ্বাস কর তাহাতে তুমি ও তোমার পরিবার পরিত্রাণ পাইবা॥ য়োহ ১। ১২।

কিন্তু যে২ লোক তাঁহাকে গ্রহণ করিল ও তাঁহার নামে প্রত্যয় করিল তাহারদিগকে ঈশ্বরের পুত্র হইবার পরাক্রম তিনি দিলেন ॥ য়োহ ৩। ১৬। ঈশ্বর জগৎকে এই মত প্রেম করিলেন যে তিনি আপন অদ্বিতীয়জাত পুত্রকে দিলেন যে তাঁহাতে যে জন বিশ্বাস করে তাহার বিনাশ না হয় কিন্তু অনন্ত পরমায়ু হয় ॥

৪৯ জি। য়িশু খ্রীষ্টকে সত্যরূপ গ্রহণ করে কে।

উ। যাহারা ঈশ্বরের বাক্যদ্বারা ও ধর্ম্মাত্মাকর্ত্তৃক পুনর্ব্বার জন্মে কেবল তাহারাই।

২ করি ৫। ১৭। অতএব যদি কেহ খ্রীষ্টে হয় তবে সে জন নূতন সৃষ্টি হয় পুরাতন বিষয় বহিয়া গিয়াছে সকলে নূতন হইয়াছে ॥ য়োহ ১। ১২,১৩। যে২ লোক তাঁহাকে গ্রহণ করিল তাহারদের জন্ম রক্তহইতে নয় শরীরের ইচ্ছাহইতে নয় মানুষের ইচ্ছাহইতে নয় কিন্তু ঈশ্বরহইতে হয় ॥ য়োহ ৩। ৫। য়িশু প্রত্যুত্তর করিলেন সত্য২ তোমাকে আমি কহি যে জল ও আত্মাহইতে জন্ম লওয়াব্যতিরেকে মানুষ ঈশ্বরের রাজ্যে প্রবেশ করিতে পারে না ॥ য়আকু ১। ১৮। তিনি আপন ইচ্ছাতে সত্যতারূপ বাক্যের দ্বারা আমারদিগকে জন্ম দিলেন যে আমরা তাঁহার সৃষ্টির একপ্রকার প্রথম ফল হই ॥

---

## পরিত্রাণের ফলের বিষয়।

৫০ জি। যাহারা ঈশ্বরকর্ত্তৃক জাত হয় তাহারদের লাভ আছে কি না।

উ। হাঁ ইহকালে ও পরকালে তাহারদের বিস্তর লাভ।

১ তিমো ৪। ৮। ঈশ্বরসেবা বর্ত্তমান ও ভবিষ্যৎ পরমায়ুবিধ

য়ুক প্রতিজ্ঞাধিকারী হইয়া সর্ব্বতোভাবে ফলজনক হয়॥ প্রকা ১৪। ১৩। পরে এই বাক্যবোধক এক আকাশবাণী আমি শুনিলাম যে লিখ এই অবধি যাহারা প্রভুতে মরে তাহারা ধন্য আত্মাও ইহাই কহেন কেননা তাহারা আপনারদের কর্ম্ম হইতে বিশ্রাম পায় ও তাহারদের ক্রিয়া তাহারদের অনুগামী হয়॥

৫১ জি। বর্ত্তমান কালে তাহারদের কি প্রকার লাভ আছে।

উ। এইকালে তাহারদের প্রধান লাভ এই ঈশ্বর কর্ত্তৃক তাহারা ধার্ম্মিক ও পোষ্যপুত্র ও পবিত্র করা যায়।

রোম ৮। ৩০। যাহারদিগকে তিনি আহ্বান করিলেন তাহার দিগকে ধার্ম্মিক করিলেন॥ এফেস ১। ৫,৬। আমারদিগকে য়িশু খ্রীষ্টের দ্বারা আপনার নিমিত্তে পূর্ব্বে এ অভিপ্রায়ে নিরূপিত করিয়াছেন যে আমরা পোষ্যপুত্রতা পাই॥ ১ তেস ৫। ২৩। শান্তিকারক ঈশ্বর আপনি তোমারদিগকে ষোলয়ানা সম্পূর্ণ করুন॥

৫২ জি। ধার্ম্মিকীকরণ কি।

উ। ধার্ম্মিকীকরণ এই যে ঈশ্বর অনুগ্রহপূর্ব্বক আমারদের সমস্ত পাপ ক্ষমা করিয়া আমারদের প্রতি আরোপিত ও আমারদের প্রত্যয় দ্বারা গৃহীত প্রভু য়িশু খ্রীষ্টের ধর্ম্মের নিমিত্তে ধার্ম্মিকের ন্যায় আমার দিগকে গ্রাহ্য করেন।

রোম ৪। ৭। যাহারদের অধর্ম্মের মাফ হইল ও যাহারদের পাপ আচ্ছাদিত আছে তাহারা ধন্য যাহার পাপ ঈশ্বর হিসাবে গণিবেন না সেই ধন্য॥ রোম ৩। ২৬। তাঁহার এই ধর্ম্ম এই কালে প্রকাশ করিবার কারণ ঈশ্বর তাঁহার রক্তের দ্বারা তোষক বলিস্বরূপ যাঁহাকে নিযুক্ত করিয়াছেন এমন যে খ্রীষ্ট

য়িশু তাঁহাকর্ত্তৃক যে মুক্তি তদ্দ্বারা আমরা ঈশ্বরের অনুগ্রহেতে বিনামুল্যে ধার্ম্মিকীকৃত হইয়াছি॥ রোম ৫। ১৯। কেননা যেমন এক জনের আজ্ঞাতিক্রমেতে অনেকে পাপীকৃত হইল সেই মত এক জনের আজ্ঞানুগমনেতে অনেকে ধার্ম্মিকীকৃত হইবে॥ গালা ২। ১৬। কর্ম্মশাস্ত্রের ক্রিয়াতে মনুষ্য ধার্ম্মিকীকৃত নয় কিন্তু য়িশু খ্রীষ্টে প্রত্যয়ের দ্বারা ধার্ম্মিকীকৃত হয় ইহা জানিয়া আমরাও খ্রীষ্টে প্রত্যয়ের দ্বারা ধার্ম্মিকীকরা যাই ও কর্ম্ম শাস্ত্রের ক্রিয়ার দ্বারা না করা যাই এই নিমিত্তে আমরা আপনারা য়িশু খ্রীষ্টে প্রত্যয় করিয়াছি কেননা কর্ম্ম শাস্ত্রের ক্রিয়াতে কোন প্রাণী ধার্ম্মিকী করা যাইবে না॥

৫৩ জি। পোষ্যপুত্রত্ব কি।

পোষ্যপুত্রত্ব এই যে ঈশ্বর অনুগ্রহপূর্ব্বক আপন সন্তানেরদের মধ্যে আমারদিগকে গণনা করিয়া পুত্রেরদের যে সমস্ত অধিকার আছে তাহাই ভোগ করিতে দেন।

১ য়োহ ৩। ১। দেখ পিতা যে প্রকার প্রেম আমারদিগে দিয়াছেন যে আমরা ঈশ্বরের পুত্র বিখ্যাত হই॥ য়োহ ১। ১২। কিন্তু যে২ লোক তাঁহাকে গ্রহণ করিল ও তাঁহার নামে প্রত্যয় করিল তাহারদিগকে ঈশ্বরের পুত্র হইবার পরাক্রম তিনি দিলেন॥ রোম ৮। ১৫,১৭। তোমরা ভয়জনক দাসত্ব রূপ আত্মা আরবার পাও নাই কিন্তু যে পোষ্যপুত্ররূপ আত্মাতে তোমরা পিতা২ বলিয়া ডাক তাহাই পাইয়াছ এবং যদি শিষ্য তবে অধিকারী অর্থাৎ ঈশ্বরাধিকারী ও খ্রীষ্টের সহিত অধিকারী যে তাঁহার সহিত যদি দুঃখ ভোগ করি তবে তাঁহার সহিত মোক্ষও ভোগ করিব॥

৫৪ জি। পবিত্রীকরণ কি।

উ। পবিত্রীকরণ এই যে ঈশ্বর আমারদিগের পাপস্বভাব ক্রমে২ নষ্ট করিয়া আপনার বাক্যও

ধর্ম্মাত্মাদ্বীরা পবিত্র স্বভাব আমারদের মধ্যে দিনেং বাড়ান্।

২ তেস ২। ১৩। যেহেতুক আত্মার পবিত্রতার ও সত্যতা প্রত্যয়ের দ্বারা তিনি পরিত্রাণ পাওনার্থে প্রথমাবধি তোমার দিগকে মনোনীত করিয়াছেন ॥ য়োহ ১৭। ১৭। তাহারদিগকে আপন সত্যতার দ্বারা শুদ্ধ কর তোমার কথাই সত্য ॥ য়িখে ৩৬। ২৫—২৭। তখন আমি নির্ম্মল জল তোমারদের উপরে ছিটাইয়া দিব ও তোমরা পবিত্র হইবা তোমারদের সকল মল ও তোমারদের সকল দেবহইতে আমি তোমারদিগকে পরিষ্কৃত করিব। নূতন এক অন্তঃকরণও আমি তোমারদিগকে দিব এবং নূতন এক আত্মা তোমারদের মধ্যে থুইব এবং তোমারদের মাংসের মধ্যহইতে আমি প্রস্তরময় অন্তঃকরণ লইব ও তোমারদিগকে মাংসময় অন্তঃকরণ দিব। এবং আপন আত্মা আমি তোমারদের মধ্যে স্থাপন করিব ও তোমারদিগকে আপন ব্যবস্থাপথে গতি করাইব এবং তোমরা আমার নীতি পালন করিবা ও তদাচার করিবা ॥

৫৫ জি। ঈশ্বরীয় লোকেরদের আর কোন পারমার্থিক লাভ আছে কি না।

উ। হাঁ ঈশ্বরের প্রেমে দৃঢ় বিশ্বাস ও আপনারদের মনে সান্ত্বনা ও ধর্ম্মাত্মাতে আনন্দ ও ঈশ্বরের অনুগ্রহ বৃদ্ধি এবং সৎপথে শেষপর্য্যন্ত থাকা এই সকলই ঈশ্বরীয় লোকেরদের পরম লাভ।

২ তিম ১। ১২। এই কারণ আমিও এই সকল ভোগ করি কিন্তু আমি লজ্জিত নাহি কেননা আমি জানি যে আমি যাঁহার শরণ লইয়াছি এবং আমি তাঁহার হাতে যাহা সমর্পণ করিয়াছি তিনি যে সে দিন হওয়াপর্য্যন্ত তাহা রক্ষা করিতে পারিবেন ॥ য়োহ ১৪। ২৭। আমার শান্তি আমি তোমারদের কাছে থুইয়া যাই আমার শান্তি তোমারদিগকে আমি দি যে মত জগতের লোক দেয় সেমত আমি তোমারদিগকে দি না

তোমারদের অন্তঃকরণ দুঃখি না হউক এবং ভয়ান্বিতও না হউক॥" রোম ১৪। ১৭। কেননা ঈশ্বরের রাজ্য খাওয়া পীনা নয় কিন্তু প্রকৃত ক্রিয়া ও কুশল ও ধর্ম্মাত্মাতে আনন্দ। হিত ৪। ১৮। কিন্তু ধার্ম্মিকের পথ দিবাভাগের পূর্ণ হওনপর্য্যন্ত উত্তর২ প্রকাশক দীপ্তিকারি আলোর ন্যায়॥ য়োহ ১০। ২৭,২৮। আমার মেষ আমার রব শুনেও আমি তাহারদিগকে জানি এবং তাহারা আমার পার্শ্ববর্ত্তী হয় এবং আমি তাহার দিগকে অনন্তপরমায়ু দি ও তাহারদের বিনাশ কখনও হই বে না এবং আমার হস্তহইতে কেহ তাহারদিগকে কাড়িয়া লইতে পারে না॥ ১ পিত ১। ৩,৪। শেষকালে প্রকাশিত হইবার জন্যে প্রস্তুত যে পরিত্রাণ সে পরিত্রাণ পাওনের জন্যে রক্ষিত যে তোমরা তোমারদের কারণে স্বর্গে সংরক্ষিত অক্ষয়ণীয় ও নির্ম্মল ও অম্লান অধিকার পাওনের নিমিত্তে পুনর্ব্বার জন্মাইয়াছেন যে আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের ঈশ্বর অথচ পিতা তিনি ধন্য॥

---

## ঈশ্বরের শাস্ত্রের বিষয়।

৫৬ জি। মনুষ্যের কর্ত্তব্য কর্ম্ম কি।

উ। ঈশ্বরের তাবৎ ইষ্টক্রিয়া প্রতিপালন করাই মনুষ্যের কর্ত্তব্য কর্ম্ম।

মীকা ৬। ৮। হে মনুষ্য যে ক্রিয়া উত্তম তাহা তিনি তোমাকে দেখাইয়াছেন এবং ধর্ম্মক্রিয়াকরণ ও দয়ানুরাগ ও আপন ঈশ্বরের সহিত নম্ররূপে আচরণব্যতিরেকে য়িহুহ তোমার প্রতি আর কি চাহেন॥ ১ শিমু ১৫। ২২। তাহাতে শিমুএল কহিল য়িহুহের বাক্যমাননে যেমন তেমন কি হোমেতেও বলিদানেতে য়িহুহ তুষ্ট হন দেখ বল্যপেক্ষা আজ্ঞা পালন এবং মেষের চরবিঅপেক্ষা বাক্যাবধান উত্তম॥

৫৭ জি। আমারদের কর্ত্তব্য কর্ম্মের ব্যবস্থা কি।

উ। ঈশ্বরের যে শাস্ত্র সেই আমারদের কর্ত্তব্য কর্ম্মের নিয়ামক।

লুক ১০। ২৫,২৬। এক জন দাঁড়াইয়া তাঁহাকে পরীক্ষা করত বলিল যে হে গুরো অনন্ত পরমায়ু পাইবার জন্যে আমি কি করিব। তিনি তাহাকে কহিলেন যে ব্যবস্থায় কি লিখিত আছে তুমি কি পড়॥ রোম ৪। ১৫। শাস্ত্রই ক্রোধ জন্মায় কেননা যেখানে শাস্ত্র নাই সেখানে শাস্ত্রলঙ্ঘন নাই॥

৫৮ জি। ঈশ্বরের আজ্ঞার সার কি।

উ। সার এই যে আপন সমস্ত অন্তঃকরণ দিয়া ঈশ্বরকে প্রেম করি এবং আপন প্রতিবাসিরদিগকে আপনার মত প্রেম করি।

মাতি ২২। ৩৫—৪০। তখন তাহারদের মধ্যে শাস্ত্রজ্ঞ এক জন তাঁহার পরীক্ষা লইতে এ কথা জিজ্ঞাসা করিল হে গুরো শাস্ত্রের মধ্যে কোন্ আজ্ঞা অতি বড়। য়িশু তাহাকে কহিলেন যে তুমি আপন ঈশ্বর য়িহুহকে আপন সমস্ত অন্তঃকরণ ও আপন সমস্ত আত্মা ও আপন সমস্ত মন দিয়া প্রেম কর প্রথমও মহাজ্ঞা এই। দ্বিতীয়ও তাহার মত অর্থাৎ আপন চতুর্দ্দিগস্থ লোকেরদিগকে আপনার মত প্রেম কর। শাস্ত্র ও আচার্য্যের সকল বাক্য এই দুই আজ্ঞাবলম্বি॥

৫৯ জি। এই আজ্ঞা কোন কেহ সম্পূর্ণরূপে প্রতিপালন করিতে পারে কি না।

উ। না কেহই পারে না বরং সকলই জন্মকালাবধি নানা চিন্তা ও কথা ও কার্য্যেতে প্রতি দিন তাহা লঙ্ঘন করিয়া থাকে।

ধর্ম্মোপ ৭। ২০। যেহেতুক সুক্রিয়া যে করে ও পাপ না করে পৃথিবীতে এমন ধার্ম্মিক নাই॥ ১ য়োহ ১। ৮। যদি

আমরা কহি যে আমারদের পাপ নাই তবে আমরা আপনার দের ভ্রান্তি জন্মাই ও সত্যতা আমারদের মধ্যে নাই ॥ রোম ৩। ১০,২৩। যেমত লিখিত আছে যে ধার্ম্মিক কেহ নয় এক জনও নয়। যেহেতুক সকলে পাপ করিয়াছে এবং ঈশ্বরের মহিমা প্রকাশেতে ত্রুটি করিয়াছে ॥

৬০ জি। ঈশ্বরের আজ্ঞাতে সাধারণ মনুষ্যেরদের কি লাভ।

উ। লাভ এই যে ঐ আজ্ঞাতে মনুষ্যেরদের পাপ ও অপরাধ ও আপদ দেখা গেলে পরিত্রাণের নিমিত্তে মনুষ্যেরা যিশু খ্রীষ্টের নিকটে আকর্ষণ করা যায়।

রোম ৭। ৭। তবে আমরা কি বলিব শাস্ত্র কি পাপ তাহা না হউক শাস্ত্রব্যতিরেকে অন্যদ্বারা আমি পাপ জানিতাম না কেননা লোভ করিও না শাস্ত্রে যদি এই কথা না কহিত তবে আমি কাম জানিতাম না॥ রোম ৩। ১৯। আমরা জানি যে শাস্ত্র যাহা বলে তাহা প্রত্যেক মুক বদ্ধ হওয়ার ও সর্ব্ব জগৎ ঈশ্বরের নিকটে অপরাধি হওয়ার নিমিত্তে শাস্ত্রাধীন লোকের দিগকে বলে॥ গাল, ৩। ১০। কর্ম্মশাস্ত্রের ক্রিয়াসম্বন্ধীয় যত লোক তাহারা শাপাধীন কেননা লিখিত আছে যে কর্ম্ম শাস্ত্রের পুস্তকে যে২ সকল লিখিত আছে তাহা করিতে যে জন নিত্য প্রবৃত্ত না হয় সেই প্রতিজন শাপগ্রস্ত॥ রোম ১০। ৪। কেননা প্রত্যয়কারি প্রত্যেক জনের স্থানে ধর্ম্মের নিমিত্তে খ্রীষ্টই শাস্ত্রের অভিপ্রায়॥ গালা ৩। ২৩,২৪। কিন্তু প্রত্যয় শাস্ত্রের আইসনের পূর্ব্বে আমরা কর্ম্মশাস্ত্রের অধীন হইয়া প্রকাশয়িতব্য প্রত্যয়শাস্ত্র না হওয়াপর্য্যন্ত বদ্ধ ছিলাম অতএব খ্রীষ্টের না আইসনপর্য্যন্ত কর্ম্মশাস্ত্র আমারদের অধ্যাপক ছিল যে আমরা প্রত্যয়দ্বারা ধার্ম্মিকীকৃত হই॥

৬১ জি। ঈশ্বরের আজ্ঞাতে সাধুলোকেরদের কি লাভ।

উ। তাহারদের লাভ এই যে আজ্ঞার শাপহইতে যিশু খ্রীস্টের দ্বারা মুক্ত হওয়াপ্রযুক্ত তাঁহার প্রতি প্রেম করিতে ও তাঁহার গৌরব প্রকাশ করণার্থে ঈশ্বরের আজ্ঞানুসারে আচার করিতে তাহারদের চেষ্টা জন্মিয়া থাকে।

গালা ৩। ১৩। অবরাহামের উপরে আগত আশিস যিশু খ্রীষ্টের দ্বারা অন্যদেশীয় লোকেরদের উপরে আসিবার জন্যে এবং আমরা প্রত্যয়ের দ্বারা প্রতিজ্ঞাত আত্মা পাই এই জন্যেও খ্রীষ্ট আমারদের প্রতিনিধি হইয়া শাপভোগে নিযুক্ত হইয়া কর্ম্মশাস্ত্রের শাপহইতে আমারদিগকে মুক্ত করিয়াছেন॥ রোম ৮। ১,২। অতএব যাহারা খ্রীষ্ট যিশুতে আছে যাহারা শরীরানুসারে আচার করে না কিন্তু আত্মানুসারে করে তাহারদের শাস্তি পাওয়া নাই। কেননা খ্রীষ্ট যিশুতে জীবনদায়ি আত্মারূপ শাস্ত্র পাপ ও মৃত্যুরূপ শাস্ত্রহইতে আমাকে মুক্ত করিয়াছেন॥ রোম ৭। ২২। কেননা অভ্যন্তর পুরুষানুসারে আমি ঈশ্বরের শাস্ত্রে তুষ্ট আছি॥ তীত ২। ১২,১৩, ১৪। কেননা ঈশ্বরাসেবন ও সাংসারিক কাম হেয়জ্ঞান করিয়া সে আশীর্ম্ময় আশার প্রতীক্ষা করত অর্থাৎ আমারদিগকে সকল অধর্ম্মহইতে মুক্ত করিতে ও আপনার কারণ সুক্রিয়া করিতে উদ্যুক্ত বিশেষ এক লোকসমূহ পবিত্র করিতে আমারদের কারণ আপনাকে দিলেন যে পরমেশ্বর অর্থাৎ আমারদের তারক যিশু খ্রীষ্ট তাঁহার তেজোময় প্রকাশের প্রতীক্ষা করত এ বর্ত্তমান জগতে সংযমনরূপে ও ধর্ম্মরূপে ও ঈশ্বর সেবাকরণরূপে আচরণ করিতে আমারদিগকে শিক্ষা করায় যে ত্রাণজনক ঈশ্বরের অনুগ্রহ সে অনুগ্রহ সকল মনুষ্যেরদের প্রতি প্রকাশিত আছে॥

## ঈশ্বরের দশআজ্ঞার বিষয়ে।

৬২ জি। ঈশ্বর আপন ইষ্টক্রিয়া কি প্রকারে মনুষ্যেরদের নিকটে প্রকাশ করিয়াছেন।

উ। তিনি পাথরের দুই তক্তাতে দশআজ্ঞা লিখিয়া সীনাঈ পর্ব্বতের উপরে মোশহ্‌কে তাহা সমর্পণ করিলেন।

যাত্রা ২৪। ১২। পরে য়িহুহ মোশহকে কহিলেন আমার নিকটে পর্ব্বতে উঠিয়া আইস ও এ স্থানে থাক এবং আমি তোমাকে পাথরের তক্তা ও শাস্ত্র ও আমার লিখিত আজ্ঞা দিব যে তুমি তাহারদিগকে শিক্ষা করাও॥ যাত্রা। ৩১। ১৮। অপর সীনাঈ পর্ব্বতে তিনি তাহার সহিত কথোপকথন সাঙ্গ করিয়া সাক্ষ্যের দুই তক্তা অর্থাৎ ঈশ্বরের অঙ্গুলিতে লিখিত পাথরের দুই তক্তা মোশহকে দিলেন॥ যাত্রা ৩২। ১৬। এবং সে দুই তক্তা ঈশ্বরকৃত এবং সে তক্তার উপরে লিখিত লিখন ঈশ্বরের লিখন॥

৬৩ জি। ঈশ্বরের সমস্ত আজ্ঞার আভাষ কি।

উ। আভাষ এই যে মিসরদেশহ্‌ইতে অর্থাৎ দাসত্ব রূপ ঘরহ্‌ইতে তোমাকে বাহির করিয়াছেন যে তোমার ঈশ্বর য়িহুহ্‌ আমিই তিনি। যাত্রা ২০। ২।

৬৪ জি। ঐ কথার অভিপ্রায় কি।

উ। অভিপ্রায় এই যে ঈশ্বর সত্য য়িহুহ্‌ ও আপন লোকেরদিগের ঈশ্বর ও ত্রাণকর্ত্তা এইহেতুক তাঁহার সমস্ত আজ্ঞা পালন করা আমারদের কর্ত্তব্য।

লৈব ১৮। ৪। তোমরা আমার বিচার ও বিধি আচর•

ণার্থে তাহা পালন কর আমিই তোমারদের ঈশ্বর য়িহুহ ॥ দ্বি বা ১১। ১। অতএব তুমি সর্ব্বদা তোমার ঈশ্বর য়িহুহকে প্রেম কর ও তাঁহার পালনীয় ও তাঁহার বিধি ও তাঁহার বিচার ও তাঁহার আজ্ঞা পালন কর ॥ ১ করি ৬। ১৯, ২০। তোমরা মূল্যেতে ক্রীত হইয়াছ অতএব ঈশ্বরের অধীন যে তোমারদের শরীর ও আত্মা তাহা দিয়া ঈশ্বরের মহিমা প্রকাশ কর ॥

৬৫ জি। প্রথম আজ্ঞা কি।

উ। প্রথম আজ্ঞা এই যে আমার সম্মুখে তোমার অন্য কোন দেবতা না হউক। যাত্রা ২০। ৩।

৬৬ জি। প্রথম আজ্ঞাতে কি বিধান আছে।

উ। প্রথম আজ্ঞাতে বিধি হয় যে ঈশ্বরবিষয়ক সত্য জ্ঞান প্রাপ্ত হইয়া ও আমারদের ঈশ্বরমত তাঁহাকে স্বীকার করিয়া তাঁহার আরাধনা ও সেবা করি।

১ কালয ২৮। ৯। এবং হে আমার পুত্র শলমন তুমি আপন পিতার ঈশ্বরকে অবগত হও ও সম্পূর্ণান্তঃকরণ ও ইচ্ছুক মনের সহিত তাঁহার সেবা কর যেহেতুক য়িহুহ সকল অন্তঃকরণের বিচার করেন ও মনের সকল ভাবনা জানেন তুমি যদি তাঁহার চেষ্টা কর তবে তিনি তোমাকর্ত্তৃক প্রাপ্ত হইবেন কিন্তু যদি তাঁহাকে ত্যাগ কর তবে তিনি সতত তোমাকে ত্যাগ করিবেন॥ দ্বি বা ২৬। ১৭। য়িহুহই তোমার ঈশ্বর ইহা তুমি প্রতিজ্ঞা করিয়াছ এবং তাঁহার পথে চলিতে ও তাঁহার ব্যবস্থা ও তাঁহার আজ্ঞা ও তাঁহার বিচার পালন করিতে ও তাঁহার বাক্যে অবধান করিতেও তুমি অদ্য প্রতিজ্ঞা করিয়াছ॥ মাতি ৪। ১০। তখন য়িশু তাহাকে বলিলেন দূর হও সয়তান কেননা লিখিত আছে যে তোমার ঈশ্বর য়িহুহের ভজনা কর ও কেবল তাঁহার সেবা কর ॥

৬৭ জি। ঈশ্বরের আরাধনা ও সেবা কি প্রকারে করা যায়।

উ। তাঁহার বিষয়ক ধ্যান করণেতে ও প্রেম ও ভয় ও আহ্লাদপূর্ব্বক তাঁহার নিকটে প্রশংসা ও ধন্যবাদ ও নিবেদন করণেতে এবং নম্রতাপূর্ব্বক তাঁহার সম্মুখে আচরণ করাতে ঈশ্বরের আরাধনা ও সেবা করা হয়।

৬৩ গীত। ৫। ৬। শয্যার উপরে যখন আমি তোমার স্মরণ করি এবং রাত্রিতে প্রহরে২ তোমার বিষয় মনে২ করি তখন যেমন মজ্জা ও চরবিতে লোকেরা পরিতুষ্ট হয় তদ্রূপ আমার মন পরিতুষ্ট হইবে তখন আমার মুখ উল্লাসযুক্ত ওষ্ঠাধরেতে তোমার স্তুতি করিবে॥ দ্বি বা ১০। ১২,১৩। অতএব এখন হে য়িশরাএল তোমার মঙ্গলের নিমিত্তে আমি তোমাকে আজি যাহা২ আজ্ঞা করিয়াছি বিশেষতঃ তোমার ঈশ্বর য়িহুহকে ভয়করণ তাঁহার সকল পথে চলন তাঁহারে প্রেমকরণ তোমার সমস্ত অন্তঃকরণের ও তোমার সমস্ত মনের সহিত তোমার ঈশ্বর য়িহুহের সেবাকরণ য়িহুহের আজ্ঞা ও তাহার বিধি পালন এতদ্ব্যতিরেকে য়িহুহ তোমার ঈশ্বর তোমার স্থানে আর কি চাহেন॥ য়িশাঈ ১২। ৪। য়িহুহের প্রতি ধন্যবাদ কর তাঁহার নামে নিবেদন কর তাঁহার মহাক্রিয়া লোকেরদিগকে জানাও তাঁহার যেরূপ মহিমাবান হইয়াছে তাহা প্রকাশ কর॥ মীকা। ৬। ৮। হে মনুষ্য যে ক্রিয়া উত্তম তাহা তিনি তোমাকে দেখাইয়াছেন এবং ধর্ম্মক্রিয়াকরণ ও দয়ানুরাগ ও আপন ঈশ্বরের সহিত নম্রূপে আচরণব্যতিরেকে য়িহুহ তোমার প্রতি আর কি চাহেন॥

৬৮ জি। প্রথম আজ্ঞাতে কি নিষেধ আছে।

উ। নাস্তিকতা ও ঈশ্বরবিষয়ক অনুচিত জ্ঞান ও বিস্মরণ এবং সর্ব্ব প্রকারে দেবপূজা এই সকলই নিষেধ।

১৪ গীত। ১। অজ্ঞান আপন মনে২ করিয়াছে যে ঈশ্বর নাই॥ ৫০ গীত। ২১। তুমি ভাবিয়াছ যে আমিই তোমার মত কিন্তু আমি তোমাকে অনুযোগ করিব ও সে সকল তোমার সম্মুখে সাজাইয়া থুইব॥ য়িরি ২। ৩২। কন্যা কি আপন অলঙ্কার কিম্বা বিবাহিতা কন্যা আপন বেশ বিস্মৃতা হইতে পারে কিন্তু আমার লোকেরা অসংখ্য দিন আমাকে বিস্মরণ করিয়াছে॥ রোম ১। ২৪। এহেতুক যে লোকেরা ঈশ্বরের বাক্যের সত্যতার স্থানে মিথ্যাবাণী গ্রহণ করিল এবং যিনি সচ্চিদানন্দ আছেন সেই সৃষ্টিকর্ত্তার ভজনা ও সেবাহইতে সৃষ্ট বস্তুর ভজনা ও সেবা করিল॥ দ্বি বা ১৩। ৬-৮। তোমার মাতৃপুত্র অর্থাৎ তোমার সহোদর ভ্রাতা কিম্বা তোমার পুত্র কিম্বা তোমার কন্যা কিম্বা তোমার বক্ষস্থলস্থায়িনী ভার্য্যা কিম্বা তোমার প্রাণতুল্য মিত্র ইহা কহিয়া গুপ্তে তোমাকে যদি ভুলায় যে. আইস তুমি কিম্বা তোমার পিতৃলোকেরাও যাহারদিগকে জানে নাই এমত অন্য দেবেরদের অর্থাৎ পৃথিবীর এক সীমা হইতে পৃথিবীর অন্য সীমাপর্য্যন্ত নিকটস্থ কিম্বা দূরস্থ তোমারদের চতুর্দ্দিকস্থ লোকেরদের কোন দেবেরদের সেবা করি তবে তুমি তা াতে সম্মত হইও না ও তাহার বাক্যে অবধান করিও না ও তোমার চক্ষু তাহার প্রতি দয়াশীল না হউক এবং তাহার প্রতি ক্ষমা করিও না ও তাহাকে গোপন করিয়া রাখিও না॥

৬৯ জি। কতপ্রকার দেবপূজা আছে।

উ। প্রতিমা পূজা এবং সত্য ঈশ্বরহইতে অন্য কোন বস্তুকে প্রেম করা এই দুইপ্রকার দেবপূজা আছে।

যাত্রা ৩২। ৮। তাহারা আপনারদের কারণ ছাঁচুয়া এক বাছুর করিয়াছে ও তাহার পূজা করিয়াছে ও তাহার নিকটে বলিদান করিয়া কহিয়াছে যে হে য়িশরাএল তোমার যে দেবেরা তোমাকে মিসরদেশহইতে বাহির করিয়া আনিয়াছে তাহারা এই॥ কোল ৩। ৫। লোভ অর্থাৎ দেবপূজা॥

৭০ জি। দ্বিতীয় আজ্ঞা কি।

উ। দ্বিতীয় এই যে তুমি আপনার কারণ কোন খোদা প্রতিমা অর্থাৎ যে কোন বস্তু উপরিস্থ স্বর্গেতে কিম্বা নীচস্থ পৃথিবীতে কিম্বা পৃথিবীর নীচস্থ জলেতে থাকে তাহারদের কোন কাহারো মূর্ত্তি করিও না। তুমি তাহারদিগকে প্রণাম করিও না ও তাহারদিগকে সেবা করিও না কেননা আমি য়িহুহ্ তোমার ঈশ্বর জ্বলনশীল ঈশ্বরই তৃতীয় চতুর্থপুরুষপর্য্যন্ত সন্তানের দের উপরে মদ্‌ঘৃণাকারী পিতারদের অধর্ম্মের প্রতি ফলদাতা এবং যাহারা আমাতে প্রেম করে ও আমার আজ্ঞা পালন করে সে সহস্রং লোকের প্রতি দয়া কারী। যাত্রা ২০। ৪,৫,৬।

৭১ জি। দ্বিতীয় আজ্ঞাতে কি বিধান আছে।

উ। যে প্রকার ধর্ম্মপুস্তকের মধ্যে নিরূপণ আছে সেই প্রকারে ঈশ্বরের ভজনা সম্পূর্ণরূপে করা এই দ্বিতীয় আজ্ঞার বিধি।

দ্বি বা ১২। ৩২। আমি যে কোন বিষয় তোমারদিগকে আজ্ঞা করি তাহা মাননার্থে পালন কর তাহাতে তুমি অধিক দিবা না এবং তাহাহইতে হরণ করিবা না॥ প্রেরি ২। ৪২। এবং তাহারা প্রেরিতেরদের শিক্ষাতে ও সামঞ্জস্যে ও রুটি ভাঙ্গাতে ও প্রার্থনাতে নিত্য প্রবৃত্ত হইল॥ ১ করি ১১। ২। হে ভ্রাতারা আমি তোমারদের প্রশংসা করি যেহেতুক তোমরা সকল বিষয়েতে আমাকে মনে কর ও যেমন আমি দত্ত ব্যবস্থা তোমারদের নিকটে সমর্পণ করিয়াছি তেমন তাহা পালন কর॥ মাথি ২৮। ১৯,২০। অতএব তোমরা যাইয়া সকল দেশীয়েরদিগকে পিতা ও পুত্র ও ধর্ম্মাত্মার নামে ডুব দেওয়াওত এবং যাহা আমি তোমারদিগকে আজ্ঞা দিয়াছি সে সকল মানিতে শিক্ষা করাওত তাহারদিগকে শিষ্য কর॥

৭২ জি। দ্বিতীয় আজ্ঞাতে কি নিষেধ আছে।

উ। পুত্তলিকার দ্বারা ঈশ্বরের ভজনা করা এবং ধর্ম্মপুস্তকে অলিখিত অন্যান্য কোন প্রকার ভজনা করা এই সকলই নিষেধ।

দ্বি বা ৪অ ১৫,১৬,১৭,১৮,১৯। যেহেতুক যে দিবসে য়িহুহ খোরেবে অগ্নির মধ্যহইতে আমারদের সহিত কথা কহিলেন সে দিবসে তোমরা কোন প্রকার মুর্ত্তি দেখিলা না অতএব তোমরা আপনারদের বিষয়ে অতিসাবধান হও পাছে তোমরা আপনারদিগকে অশুদ্ধ করিয়া আপনারদের নিমিত্তে কোন এক প্রকার মুর্ত্তিবিশিষ্ট খোদা প্রতিমা নির্ম্মাণ কর বিশেষতঃ পুরুষের কিম্বা স্ত্রীর প্রতিমুর্ত্তি পৃথিব্যুপরিস্থিত কোন জন্তুর প্রতিমুর্ত্তি আকাশে উড্ডীয়মান পক্ষবিশিষ্ট কোন পক্ষির প্রতিমুর্ত্তি ভূচর কোন জন্তুর প্রতিমুর্ত্তি পৃথিব্যধঃস্থিত জলচর মৎস্যের কোন প্রতিমা মুর্ত্তি এবং পাছে তুমি আপন চক্ষু স্বর্গের দিগে তুলিয়া সূর্য্য ও চন্দ্র ও তারা বিশেষতঃ স্বর্গের তাবৎ সৈন্য দেখিয়া তাহারদিগকে প্রণাম করিতে ও যাহারদিগকে তোমার ঈশ্বর য়িহুহ তাবৎ স্বর্গনীচস্থিত সমস্ত জাতিরদের মধ্যে বিভাগ করিয়া দিয়াছেন তাহারদিগকে সেবা করিতে তোমরা উদ্যুক্ত হও॥ কোল ২।১৮,১৯। কেহ ইচ্ছাপূর্ব্বক দৈন্যেতে রত আপন মাংসিক মনেতে গর্ব্বিত হইয়া যাহা তাহার অদৃশ্য তাহাতে প্রবেশ করিয়া দূতেরদের সেবা করিতে ইচ্ছুক হইয়া তোমারদিগকে না ভাঁড়াউক॥ গালা ৪। ১০,১১। তোমরা বিশেষ দিন ও মাস ও কাল ও বৎসর মানিতেছ। তোমারদের বিষয়ে আমি ভয় করি পাছে তোমারদের জন্যে যে শ্রম করিয়াছি তাহা বৃথা হয়॥

৭৩ জি। দ্বিতীয় আজ্ঞা পালন করিবার কারণ কি।

উ। কারণ এই যে য়িহুহ আপন ভজনার বিষয়ে অতিজ্বলনশীল ঈশ্বর।

যাত্রা ৩৪। ১৪। তুমি অন্য কোন দেবতাকে প্রণাম করিবা না কেননা জ্বলনশীল নামেতে খ্যাত য়িহুহ জ্বলনশীল ঈশ্বরই॥

৭৪ জি। আপন ভজনার বিষয়ে ঈশ্বর জ্বলনশীলত্ব কি প্রকারে প্রকাশ করেন।

উ। যাহারা তাঁহার ভজনা প্রকৃতরূপে না করে তাহারদিগকে দণ্ড করিবাতে ও যাহারা সম্পূর্ণরূপে তাঁহার ভজনা করে তাহারদের প্রতি দয়া করিবাতে তিনি আপন জ্বলনশীলত্ব প্রকাশ করেন।

য়িরি ৭। ১৮,১৯,২০। আমাকে ক্রুদ্ধ করিবার কারণ স্বর্গের রাণীর উদ্দেশে পিণ্ডপাক করিতে ও অন্যদেবেরদের উদ্দেশে পানীয় বস্তু উৎসর্গ করিতে বালকেরা কাষ্ঠ সংগ্রহ করে এবং পিতারা অগ্নি জ্বালায় ও স্ত্রীরা ছানা ময়দা প্রস্তুত করে। য়িহুহ কহেন তাহারা কি আমাকে ক্রুদ্ধ করে তাহারা কি আপনারদের মুখের ব্যাকুলতা আপনারা করে না। অতএব য়িহুহ পরমেশ্বর এ কথা কহেন দেখ এ স্থানের উপরি অর্থাৎ মনুষ্যেরদের উপরি ও পশুরদের উপরি মাঠের বৃক্ষের উপরি ও ভূমির ফলের উপরি আমার ক্রোধ ও আমার চণ্ডতা ঢালা যাইবে ও জ্বলিবে ও নির্ব্বাণ হইবে না॥ যাত্র ৩৪। ৬,৭। এবং য়িহুহ তাহার সম্মুখ দিয়া গমন করিয়া ঘোষণা করিলেন যে য়িহুহ পরমেশ্বর দয়ালু ও কৃপাবান চিরসহিষ্ণু এবং দয়াতে ও সত্যতাতে বহুল সহস্রং লোকেরদের প্রতি দয়াকারী এবং অধর্ম্ম ও আজ্ঞালঙ্ঘন ও পাপক্ষমকারী এবং সর্ব্বথা অপরাধমোচক তৃতীয় ও চতুর্থ পুরুষপর্য্যন্ত পুত্র ও পৌত্রেরদের প্রতি পিতারদের অধর্ম্মের ফলদাতা॥

৭৫ জি। সন্তানেরদের উপরে পিতারদের অধর্ম্মের প্রতিফলদাতা, যে ঈশ্বর হন ইহার অভিপ্রায় কি।

উ। অভিপ্রায় এই যে পুত্র যদি পিতার অধর্ম্ম পথে যায় তবে পিতার সহিত সে পাপের ফল

ভোগ করিবে কিন্তু আপনি যদি পাপী না হয় তবে কোনি কেহ অন্য ব্যক্তির পাপের ফল কখন ভোগ করিবে না।

য়িখেজ ১৮। ১৪। ১৭। ২০। আরও দেখ আপন পিতার কৃত সকল পাপ দেখে ও বিচার করে ও তদনুযায়ি ক্রিয়া করে না তবে সে আপন পিতার অধর্ম্মেতে মরিবে না সে অবশ্য বাঁচিবে। যে প্রাণী পাপ করে সেই মরিবে পুত্র পিতার পাপ ভোগ করিবে না ও পিতা পুত্রের পাপ ভোগ করিবে না ধার্ম্মিকের ধর্ম্মভোগ তাহার উপরে হইবে ও দুষ্টের দুষ্টতা ভোগ তাহারি উপরে হইবে॥

৭৬ জি। তৃতীয় আজ্ঞা কি।

উ। তৃতীয় আজ্ঞা এই যে তোমার ঈশ্বর য়িহুহের নাম নিরর্থক লইও না কেননা যে তাঁহার নাম নিরর্থক লয় য়িহুহ তাহাকে নিরপরাধী করিয়া গণনা করিবেন না। যাত্রা ২০। ৭।

৭৭ জি। তৃতীয় আজ্ঞাতে কি বিধান আছে।

উ। ঈশ্বরের নাম ও গুণ ও সমস্ত ব্যবস্থা সম্ভ্রমরূপে আদর করা এই তৃতীয় আজ্ঞার বিধি।

দ্বি বা ২৮। ৫৮। শ্রীযুক্ত অথচ ভয়ানক এই নামবিশিষ্ট তোমার ঈশ্বর য়িহুহকে যে ভয় কর এতদর্থে যদি তুমি এ পুস্তকে লিখিত এ ব্যবস্থার সমস্ত বাক্যপালনার্থমনোযোগ না কর তবে তোমার আঘাত ও তোমার বংশের আঘাত য়িহুহ আশ্চার্য্য করিবেন॥ প্রকা ১৫। ৪। অতএব হে প্রভু তোমাকে কে ভয় না করিবে ও তোমার নামের মাহাত্ম্য কে না করিবে॥ ১ তিম ১। ১৭। সম্প্রতি অনন্ত অমর অদৃশ্য রাজার অর্থাৎ অদ্বিতীয় বুদ্ধিমান ঈশ্বরের প্রতি সম্ভ্রম ও মাহাত্ম্য সদা সর্ব্বক্ষণে হওক॥

৭৮ জি। কোন্ সময়ে ঈশ্বরকে সম্ভ্রম করা বিশেষরূপে কর্ত্তব্য।

উ। তাবৎ সময়ে ঈশ্বরকে সম্ভ্রম করা কর্ত্তব্য কিন্তু যখন তাঁহার ভজনার নিমিত্তে আমরা একত্র হই তখনই তাহা বিশেষরূপে কর্ত্তব্য।

হিতো ২৩। ১৭। য়িহুহবিষয়ক ভয় সমস্ত দিন থাক॥ ৮৯ গীত। ৭। পুণ্যবানেরদের সভায় প্রভু বড় ভেতব্য তিনি আপনার সকল চতুর্দ্দিকস্থেরদের মধ্যে অতিমান্য॥ ধর্ম্মোপ ৫। ১। ঈশ্বরের গৃহে যাওন সময়ে আপন পা রক্ষা কর এবং অজ্ঞানেরদের উৎসর্গ করাহইতে উপদেশ শ্রবণার্থে প্রস্তুত হও যেহেতুক যাহারা যে মন্দ কর্ম্ম করে ইহা বিবেচনা করে না॥

৭৯ জি। তৃতীয় আজ্ঞাতে কি নিষেধ আছে।

উ। ঈশ্বরের নাম অপবিত্রীকরা ও সকল প্রকার নিরর্থক দিব্য এবং কাল্পনিকতারূপে তাঁহার সেবাতে প্রবৃত্ত হওয়া এই সকলই নিষেধ।

১৩৯ গীত। ২০। তাহারা তোমার বিষয়ে কুকথা কহে এবং তোমার শত্রুগণ অকারণ তোমার নাম লয়॥ ২ রাজা ১৯। ২২। তুমি কাহাকে নিন্দা ও ভর্ৎসনা করিয়াছ তুমি কাহার বিপরীতে স্বর উচ্চ করিয়াছ ও চক্ষু উঠাইয়াছ য়িশরাএলের ধর্ম্মস্বরূপের বিপরীতেই॥ মাতি ৫। ৩৪-৩৭। কিন্তু তোমারদিগকে আমি বলি কিছু শপথ করিও না স্বর্গ লইয়া করিও না কেননা তাহা ঈশ্বরের সিংহাসন। পৃথিবী লইয়াও করিও না কেননা তাহা তাঁহার পাদপীঠ য়িরুশালম লইয়াও নহে কেননা তাহা মহারাজের রাজধানী। আপন মস্তক লইয়াও দিব্য করিও না কেননা এক গাছ চুল শুক্ল কি কৃষ্ণবর্ণ তুমি করাইতে পার না। কিন্তু তোমারদের কথোপকথন হাঁ হাঁ না না হউক কেননা যে কিছু ইহাহইতে অধিক তাহা পাপমুলক হয়॥ মাতি ২৩। ১৪। হে অধ্যাপক ও ফারিসিরূপ কাল্পনিকেরা তোমারদের

সন্তাপ হক্ষে কেননা তোমরা বিধবারদের ঘর খাইয়া ফেল ও ছেলের কারণদীর্ঘ প্রার্থনা কর অতএব তোমরা আর বড় শাস্তি পাইবা ॥ য়িখেজ ৩৩। ৩১। ও লোকেরা যেমন আইসে তেমন তাহারা তোমার নিকটে আইসে ও আমার লোকেরদের মত তোমার সম্মুখে বসে ও তোমার কথা শুনে কিন্তু তাহা পালন করে না যেহেতুক তাহারা মুখে অনেক প্রেম প্রকাশ করে কিন্তু তাহারদের মন তাহারদের লোভে অনুগামি হয় ॥

৮০ জি। তৃতীয় আজ্ঞা পালন করিবার কারণ কি।

উ। কারণ এই যে যে ব্যক্তি সেই আজ্ঞা লঙ্ঘন করে ঈশ্বর তাহাকে নিরপরাধী জ্ঞান করিবেন না।

১ শিমূ ২। ৩০। ঈশ্বর য়িহুহ কহেন আমার মর্য্যাদাকারিরদিগকে আমি মর্য্যাদা করিব এবং আমার তুচ্ছকারিরা হতমর্য্যাদা হইবে ॥ দ্বিবা ২৮। ৫৮,৫৯। শ্রীযুক্ত অথচ ভয়ানক এই নামবিশিষ্ট তোমার ঈশ্বর য়িহুহকে যে ভয় কর এতদর্থে যদি তুমি এ পুস্তকে লিখিত এ ব্যবস্থার সমস্ত বাক্যপালনার্থে মনোযোগ না কর তবে তোমার আঘাত ও তোমার বংশের আঘাত য়িহুহ আশ্চর্য্য করিবেন ॥

৮১ জি। চতুর্থ আজ্ঞা কি।

উ। চতুর্থ আজ্ঞা এই যে শাবত দিন পবিত্র করিতে তাহার স্মরণ কর। ছয় দিবস তুমি ব্যবসায় কর ও তোমার সমস্ত কার্য্য কর। কিন্তু সপ্তম দিবস তোমার ঈশ্বর য়িহুহের শাবত তাহাতে কোন কর্ম্ম করিও না অর্থাৎ তুমি কিম্বা তোমার পুত্র কিম্বা তোমার কন্যা কিম্বা তোমার দাস কিম্বা তোমার দাসী কিম্বা তোমার পশু কিম্বা তোমার দ্বারবর্ত্তি বিদেশী। কেননা য়িহুহ স্বর্গ ও পৃথিবী ও সমুদ্র ও তাহাতে যে সকল থাকে তাহা ছয় দিনে নির্ম্মাণ করিলেন এবং সপ্তম দিনে বি

শ্রাম করিলেন তাহাতে য়িহুহ্ শাবত দিনকে বর দিলেন ও তাহা পবিত্র করিলেন। যাত্রা ২০। ৮—১১।

৮২ জি। চতুর্থ আজ্ঞাতে কি বিধান আছে।

উ। বিধি এই যে সাত দিবসের মধ্যে এক দিন ঈশ্বরের শাবতরূপে মানিয়া তাহা পবিত্ররূপে পালন কর।

দ্বি বা ৫। ১২। তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে যেমন আজ্ঞা করিয়াছেন তেমন শাবত দিবস পবিত্রকরণার্থে তাহা পালন কর॥ য়িশাঈ ৫৬। ২। যে মানুষ ইহা করে সে ধন্য অর্থাৎ শাবত পালন করিয়া তাহা অশুচি না করে এবং আপনার হাতকে কুকর্ম্ম করিতে নিষেধ করে সে জন ধন্য॥

৮৩ জি। প্রথমে সাত দিবসের মধ্যে কোন্ দিন শাবতরূপে নিশ্চয় ছিল।

উ। প্রথমে ঈশ্বর সপ্তম দিবস শাবতরূপে নিরূপণ করিলেন।

আদি ২। ৩। ঈশ্বর সপ্তম দিনকে আশীর্ব্বাদ করিলেন ও পবিত্র করিলেন॥ দ্বি বা ৫। ১৪। কিন্তু সপ্তম দিবস তোমার ঈশ্বর য়িহুহের শাবতই॥

৮৪ জি। ঈশ্বর সপ্তম দিবস শাবতরূপে স্থির করেন কেন।

উ। তিনি তাবৎ সৃষ্টি কর্ম্ম সমাপ্ত করিয়া সপ্তম দিবসে বিশ্রাম করিলেন এবং মনুষ্যেরাও যে বিশ্রাম পায় এইপ্রযুক্ত সপ্তম দিবসই শাবত বলিয়া স্থির করিলেন।

আদি ২। ৩। পরে ঈশ্বর সপ্তম দিনকে আশীর্ব্বাদ করিলেন ও পবিত্র করিলেন কেননা ঈশ্বর নির্ম্মাণার্থ যে সকল কার্য্য সৃষ্টি করিয়াছিলেন সে সমস্তহইতে তিনি তাহাতে বিশ্রাম

করিলেন॥ দ্বিবা ৫। ১৪। কিন্তু সপ্তম দিবস তোমার ঈশ্বর য়িহুহের শাবতই তোমার দাস ও দাসী যে তোমার মত বিশ্রাম করে এ নিমিত্তে তুমি তাহাতে কোন কর্ম্ম করিও না॥

৮৫ জি। সপ্তম দিবস শাবতরূপে কোন্ কালপর্য্যন্ত মানিত ছিল।

উ। প্রথমঅবধি প্রভু য়িশু খ্রীষ্টের পুনরুত্থান পর্য্যন্ত সপ্তম দিবস শাবতরূপে মানিত ছিল।

আদি ২। ২,৩। ঈশ্বর স্বনির্ম্মিত সমস্ত কর্ম্ম সপ্তম দিনে সমাপ্ত করিলেন এবং সপ্তম দিনে স্বনির্ম্মিত সমস্ত কর্ম্মহইতে বিশ্রাম করিলেন। ঈশ্বর সপ্তম দিনকে আশীর্ব্বাদ করিলেন ও পবিত্র করিলেন॥ যাত্রা ১৬। ২৩। তাহাতে সে তাহারদিগকে বলিল য়িহুহ যাহা আজ্ঞা করিয়াছেন তাহা এই কল্য য়িহুহের পবিত্র শাবতরূপ বিশ্রাম হইবে॥ লুক ২৩। ৫৬। তখন তাহারা ফিরিয়া যাইয়া মসলা ও সুগন্ধি তৈল প্রস্তুত করিল পরে আজ্ঞানুসারে শাবত দিনে বিশ্রাম করিল॥

৮৬ জি। এখন সপ্তাহের মধ্যে কোন্ দিবস খ্রীষ্টীয়ান শাবত।

উ। প্রভু য়িশু খ্রীষ্টের পুনরুত্থানসময়অবধি সপ্তাহের প্রথম দিবস খ্রীষ্টীয়ান শাবত হইল।

মার্ক ১৬। ৯। সপ্তাহের প্রথম দিবসের প্রভাতে য়িশু উঠিয়া যে মারিয়া মাগদলেনহইতে সাত ভূতকে ছাড়াইয়াছিলেন তাহাকে প্রথমে দর্শন দিলেন॥ প্রেরি ২০। ৭। সপ্তাহের প্রথম দিনে শিষ্যেরা রুটি ভাঙ্গিতে একত্র হইল সে কালে পাউল পরদিনে যাইতে প্রস্তুত হইয়া তাহারদিগকে উপদেশ করিল ও আপন উপদেশ অর্দ্ধরাত্রিপর্য্যন্ত করিল॥

৮৭ জি। সপ্তাহের প্রথম দিবস খ্রীষ্টীয়ান শাবত হইবার নিমিত্তে কেন নিরূপিত হইল।

উ। প্রভু য়িশু খ্রীষ্ট সেই দিনে পরিত্রাণের কর্ম্ম

সমাপ্ত করিয়া বিশ্রাম পাইলেন। এবং সর্ব্ব পুস্তকের মধ্যে সেই দিবস প্রভুর দিন খ্যাত আছে। অপর খ্রীষ্টের প্রেরিতেরা ও প্রথম খ্রীষ্টিয়ান লোকেরা সেই দিবস পবিত্র করিয়া শাবতরূপে মানিল।

১১৮ গীত। ২৪। এই যিহুহের নিরূপিত দিন আমরা তাহাতে হৃষ্ট হইব এবং আনন্দ করিব॥ এব্রী ৪। ৮,৯। ঈশ্বরের লোকেরদের জন্যে ভবিষ্যৎ বিশ্রাম আছে। কেননা যে জন তাঁহার বিশ্রামে প্রবেশ করিযাছে সে জন ঈশ্বরের ন্যায় আপন কর্ম্মকরা ত্যাগ করিয়াছে॥ প্রকা ১। ১০। প্রভুর দিবসে আমি আত্মাতে ছিলাম॥ য়োহ ২০। ১৯। সে দিনে সায়ং কালে অর্থাৎ সপ্তাহের প্রথম দিনে য়িহুদীয়েরদের ভয়েতে শিষ্যেরা যে স্থানে একত্র হইয়াছিল সে স্থানের কপাট রুদ্ধ হইলে য়িশু আসিয়া মধ্যখানে দাঁড়াইলেন ও তাহারদিগকে কহিলেন যে তোমারদের শান্তি হউক॥ ১ করি ১৬। ২। সপ্তাহের প্রথম দিন তোমারদের প্রতিজন আপনার বর্দ্ধনের মত সঞ্চয় করিয়া রাখুক যে আমার আইসন কালে কিছু চাঁদা না হয়॥ প্রেরি ২০। ৭। সপ্তাহের প্রথম দিনে শিষ্যেরা রুটি ভাঙ্গিতে একত্র হইল সে কালে পাউল পরদিনে যাইতে প্রস্তুত হইয়া তাহারদিগকে উপদেশ করিল॥ মার্ক ২। ২৮। মানুষের পুত্র শাবতদিনেরও ঈশ্বর আছেন॥

৮৮ জি। শাবত দিন কি প্রকারে পবিত্র করা যায়।

উ। সাংসারিক চিন্তা ও কথা ও সুখ ও কর্ম্মহইতে ক্ষান্ত হইয়া গুপ্তরূপে ও প্রকাশরূপে ঈশ্বরের ভজনা করণেতে শাবত দিন পবিত্র করা যায়।

নিখে ১৩। ১৯। অপর এমত হইল সাবতের পূর্ব্বে যখন য়িরূসালমের দ্বার অন্ধকারময় হইতে লাগিল তখন আমি দ্বার রুদ্ধ করিতে আজ্ঞা দিলাম এবং দৃঢ় আজ্ঞা দিলাম যে শাবত না গেলে তাহা খোলা যাইবে না এবং শাবত দিনে কোন ভার ভিতরে আনীত না হয় এ কারণ আমি আপন কতক দাসকে

দ্বারেতে রাখিলাম॥ য়িশা ৫৮। ১৩,১৪। তুমি যদি শাবত দিনহইতে অর্থাৎ আমার পবিত্র দিনে আপনার অভিলষিত ক্রিয়াকরণহইতে আপন পাকে নিষেধ কর এবং শাবত'কে তোষক দিন ও য়িহুহের পবিত্র পর্ব্ব ও আদরণীয় করিয়া যদি মান এবং আপনার মানস চেষ্টা এবং আপনার সুখের চেষ্টা এবং অকারণ কথা কহা ত্যাগ করিয়া যদি তাহার সম্ভ্রম কর তবে তুমি য়িহুহেতে আপনাকে সন্তুষ্ট করিবা॥ য়িশা ৬৬। ২৩। য়িহুহ কহেন এমনও হইবে প্রতি অমাবস্যায় ও প্রতি শাবতে সকল প্রাণিরা আমার স্থানে ভজনা করিতে আসিবে॥ প্রেরি ১৬। ১৩। নগরের বাহিরে নদীর তীরে ব্যবহারের মত প্রার্থনা করিবার এক স্থানে আমরা শাবতদিনে গেলাম॥ প্রেরি ২০। ৭। সপ্তাহের প্রথম দিনে শিষ্যেরা রুটি ভাঙ্গিতে একত্র হইল সে কালে পাউল তাহারদিগকে উপদেশ করিল ও আপন উপদেশ অর্দ্ধরাত্রিপর্য্যন্ত করিল॥

৮৯ জি। চতুর্থ আজ্ঞাতে কি নিষেধ আছে।

উ। ঈশ্বরের ভজনা ত্যাগ করা বা অনুচিতরূপে তাহা পালন করা এবং কোনমতে শাবত দিন অপবিত্র করা এই সকলই নিষেধ।

য়িখে ২২। ২৬। তাহার যাজকেরা আমার শাস্ত্র লঙ্ঘন করিয়াছে ও আমার পবিত্র দ্রব্য সাধারণ করিয়াছে তাহারা পবিত্রাপবিত্র দ্রব্য কিছু ভেদ করে নাই এবং শুচ্যশুচির ভেদ দেখায় নাই এবং আমার শাবতহইতে আপনারদের চক্ষু লুকাইয়াছে এবং আমি তাহারদের মধ্য সাধারণরূপে মান্য হই॥ আমোস ৮। ৫। অর্থাৎ অমাবাস্যা কখন গত হবে যে আমরা শস্য বিক্রয় করি এবং শাবত কখন গত হবে যে আমরা গোম বাহির করি॥ মল ১। ১৩। তাহা কিবা ক্লান্তিকরক্রিয়া এই কথাও তোমরা কহিয়াছ এবং সৈন্যের য়িহুহ কহেন যে তোমরা তাহা তুচ্ছকরাতে নিশ্বাস ছাড়িয়াছ এবং আঁচড়ান ও খোঁড়া ও রোগিকে আনিয়াছ এ প্রকারে তোমরা আ

মার নৈবেদ্য আনিয়াছ য়িহুহ কহেন যে আমি কি তোমার
দের হাত হইতে ইহা গ্রহণ করিব ॥ মাতি ১৫ । ৭,৮ । হে কা
পনিকেরা তোমারদের বিষয়ে য়িশাঈয়াহ্ এই আচর্য্যের
বাক্য উত্তমরূপে কহিল যে এই লোকেরা আপনারদের মুখে
তে আমার নিকটে আইসে ও আপনারদের ওষ্ঠাধরেতে আ
মাকে সম্ভ্রম করে কিন্তু তাহারদের অন্তঃকরণ আমাহইতে দূর
থাকে ॥ য়িখে ২৩ । ৩৮ । তাহারা ইহাও আমাকে করিয়াছে
তাহারা সেই দিনে আমার পবিত্র স্থান অশুচি করিয়াছে
ও আমারশাবত সাধারণ করিয়াছে ॥

৯০ জি। চতুর্থ আজ্ঞা পালন করিবার কারণ কি।

উ। কারণ এই যে সাংসারিক কর্ম্ম করিবার নি
মিত্ত আমারদের ছয় দিবস আছে কিন্তু শাবত দিন
ঈশ্বরের হওয়াহেতুক তিনি ঐ দিবস পবিত্র করিয়া
তাহার উপরে বর দেন।

দ্বি বা ৫ । ১৩ । ছয় দিবস তুমি শ্রম কর ও আপন সমস্ত
কার্য্য কর্ম্ম কর ॥ মাতি ১২ । ৮ । মনুষ্যের পুত্র শাবত দিনের
কর্ত্তা ॥ দ্বি বা ৫ । ১২ । তোমার ঈশ্বর য়িহুহ তোমাকে যেমন
আজ্ঞা করিয়াছেন তেমন শাবত দিবস পবিত্র করণার্থে তাহা
পালন কর ॥ দ্বি বা ৫ । ১৫ । এবং স্মরণ কর যে তুমি মিসর
দেশে দাস ছিলা এবং তোমার ঈশ্বর য়িহুহ পরাক্রান্ত হস্তেতে
ও বিস্তীর্ণ বাহুতে সে স্থানহইতে তোমাকে বাহির করিয়া আ
নিলেন অতএব তোমার ঈশ্বর য়িহুহ শাবত দিবস পালন
করিতে তোমাকে আজ্ঞা করিলেন ॥

৯১ জি। পঞ্চম আজ্ঞা কি।

উ। পঞ্চম আজ্ঞা এই যে আপন পিতামাতাকে
সম্ভ্রম কর যে তোমার ঈশ্বর য়িহুহ্ যে দেশ তোমাকে
দেন সে দেশে তোমার বাসকাল দীর্ঘ হয়। যাত্রা
২০ । ১২ ।

৯২ জি। পঞ্চম আজ্ঞাতে কি বিধান আছে।

উ। বিধি এই যে পিতা মাতা ও সন্তান স্বামী ও স্ত্রী মুনিব ও চাকর উপদেশক ও শিষ্য রাজা ও প্রজা এবং অন্যান্য নানা লোকের আপনং কর্ত্তব্য কর্ম্ম অবশ্য পালন করে।

এফে ৬। ৪। হে পিতরা তোমরা আপন বালকেরদিগকে ক্রুদ্ধ করিও না কিন্তু ঈশ্বরীয় নীতিতি ও উপদেশেতে তাহারদিগকে শিক্ষা ও পালন কর॥ কল ৩। ২০। হে বালকেরা সকল কার্য্য তোমারদের পিতা মাতার কথা মান কেননা প্রভুর প্রতি এই অতিতোষক ক্রিয়া॥ এফে ৫। ২৫—২৭। হে পতিরা যেমন খ্রীষ্ট মণ্ডলীকে প্রেম করিলেন তেমন আপন২ স্ত্রীকে তোমরা প্রেম কর॥ ১ পিত ৩। ১,২। হে ভার্য্যারা তোমরা আপন২ স্বামির বশীভূতা হও যে যদি কেহ বাক্য না মানে তবে তোমারদের ভয়যুক্ত সতীত্বাচরণ দেখনেতে তাহারা ভার্য্যারদের আচরণের দ্বারা বাক্যব্যতিরেকে আকৃষ্ট হয়॥ এফে ৬। ৯। হে মুনিবেরা স্বর্গে যে তোমারদের এক মুনিব আছেন ও তাঁহার কাছে মুখাপেক্ষা নাই ইহা জানিয়া তর্জ্জন সম্বরণ করিয়া তোমরা তাঁহারদের প্রতি সেই মত কর॥ এফে ৬। ৫। হে চাকরেরা যাহারা তোমারদের শারীরিক মুনিব তোমরা যেমন খ্রীষ্টকে মান তেমন ভয় ও কম্পনেতে আপনারদের অন্তঃকরণের একসন্ধানপূর্ব্বক তাহারদিগকে মান॥ ১ পিত ৫। ২,৩। ঈশ্বরের যে পাল তোমারদের মধ্যে আছে তাহার রক্ষাকরণপদ অন্যের জোরেতে গ্রহণ না করিয়া কিন্তু স্বেচ্ছাপূর্ব্বক গ্রহণ করিয়া সকল লোভার্থে নয় কিন্তু ব্যগ্রমনেতে গ্রহণ করিয়া এবং অধিকারের উপরে প্রভুত্বকারিরদের মত নয় কিন্তু পালের আদর্শের ন্যায় হইয়া সে পালকে চরাও॥ ১ থেস ৫। ১২,১৩। হে ভ্রাতারা আমরা এপ্রমনতি করি যে তোমারদের মধ্যে যাহারা শ্রম করে ও প্রভুতে তোমারদের উপরে হয় এবং তোমারদিগকে অনুযোগ করে তাহারদিগকে

জ্ঞান। এবং তাহারদের ক্রিয়াপ্রযুক্ত তাহারদিগকে প্রেম করিয়া বড় আদর কর এবং পরস্পর নির্ব্বিরোধ হও॥ ২ কাল ১৯ ৫.৬। পরে সে দেশে য়িহুদাহের প্রাচীরবেষ্টিত সকল নগরের সর্ব্বত্র নগরে২ বিচারকর্ত্তারদিগকে নিযুক্ত করিল। এবং বিচারকর্ত্তারদিগকে কহিল তোমরা যাহা কর তাহাতে অবধান কর যেহেতুক তোমরা মনুষ্যেরদের জন্যে বিচার কর না কিন্তু বিচারে তোমারদের সহিত আছেন যে য়িহুহ তাঁহার জন্যে॥ রোম ১৩। ১,২। প্রত্যেক জন উচ্চতর শাসনপদের বশীভূত হউক কেননা ঈশ্বরের নিরূপণব্যতিরেকে কোন শাসনপদ নাই যে২ শাসনপদ আছে তাহা ঈশ্বরেতে নিরূপিত। অতএব যে জন শাসনপদের বিপরীত করে সে ঈশ্বরের নিয়মের বিপরীত করে ও যাহারা বিপরীত করে তাহারা আপনারদের দোষের শাস্তি পাইবে॥ ১ পিত ৫। ৫। হে যুবকেরা তোমরা প্রাচীনেরদের বশীভূত হও এবং সকলেও পরস্পর বশীভূত হও এবং নম্রতাতে পরিহিত হও কেনন ঈশ্বর অহঙ্কারিরদের বৈপরীত্য করেন কিন্তু নম্র লোকেরদের প্রতি অনুগ্রহ করেন॥ রোম ১২। ৯,১০। প্রেম প্রতারণাব্যতিরেকে হউক কুক্রিয়া ঘৃণাকারি ও সুক্রিয়া পালক হও। সৌভ্রাত্রপূর্ব্বক পরস্পর প্রেম পূর্ণ হও পরস্পর আদর করাতে রত হও॥

৯৩ জি। পঞ্চম আজ্ঞাতে কি নিষেধ আছে।

উ। অন্যেরদের প্রতি আমারদের কর্ত্তব্য কর্ম্ম ত্যাগ করা এবং কোন প্রকারে অন্যের প্রতি মন্দ করা এই নিষেধ।

১ তিম ৫। ৮। কিন্তু যদি কেহ আপনার পরিবারের কারণ বিশেষতঃ আপন বাটীর লোকেরদিগকে প্রতিপালন না করে তবে সে জন ভক্তি অপহ্নব করিয়াছে এবং অনাস্তিকহইতেও অধম॥ মাতি ১৫। ৪। ঈশ্বর আজ্ঞা করিয়া কহিয়াছেন যে আপনার পিতা মাতাকে সম্ভ্রম কর এবং যে জন পিতাকে কিম্বা মাতাকে নিন্দা করে সে অবশ্য মারা যাইবে॥ হিতো ১৯। ১৩। মূর্খ পুত্রই পিতার বিপদ এবং স্ত্রীলোকের বিরোধই

নিত্য টিপ্‌টিপানি॥ য়্কা ৫। ৪। দেখ যে মজুরেরা তোমার দের ক্ষেত কাটিয়াছে তাহারদের যে মজুরি ছলেতে তোমা কর্ত্তৃক বদ্ধ আছে সে মজুরি চেঁচাইতেছে এবং দাওয়ালির দের চেঁচান সৈন্যের য়িহুহের কর্ণে প্রবেশ করিয়াছে॥ তীত ২। ৯,১০। দোসেরদিগকে আজ্ঞা দেও যে তাহারা প্রত্যুত্তর না করত এবং চুরি না করত কিন্তু উত্তমরূপে বিশ্বস্ততাচার করত আপন২ প্রভুরদের বশীভূত ও তুষ্টিকর হয়॥ যাত্রা ২২। ২৮। বিচারাধ্যক্ষেরদিগকে নিন্দা করিও না ও তোমার লোকাধ্যক্ষেরদিগকে শাপ দিও না॥ রোম ১৩। ৮। পরস্পর প্রেমকরারূপ ঋণব্যতিরেকে কাহার অন্য প্রকার ঋণী হইও না॥ মাতি ৭। ১২। অতএব তোমরা যাহা২ চাহ যে মনুষ্যেরা তোমারদের প্রতি করে তোমরাই তাহারদের প্রতি সেমত্ত কর কেননা শাস্ত্র ও আচার্য্যেরদের বাক্য এই॥

৯৪ জি। পঞ্চম আজ্ঞা পালন করিবার কারণ কি।

উ। কারণ এই যে যাহারা এই আজ্ঞা পালন করে যেপর্য্যন্ত, ঈশ্বরের গৌরব ও তাহারদের মঙ্গল তাহাতে সিদ্ধ হইতে পারে সেপর্য্যন্ত তাহারা দীর্ঘ কাল বাঁচিয়া সুখ ভোগ করিবে।

এফেস ৬। ২। ৩। আপন পিতা মাতার সম্ভ্রম কর যে তোমারদের কল্যাণ হয় ও পৃথিবীতে তোমার অনেক কালস্থিতি হয় প্রতিজ্ঞাযুক্ত প্রথম আজ্ঞা এই॥

৯৫ জি। ষষ্ঠ আজ্ঞা কি।

উ। ষষ্ঠ আজ্ঞা এই যে বধ করিও না। যাত্রা ২০। ১৩।

৯৬ জি। ষষ্ঠ আজ্ঞাতে কি বিধান আছে।

উ। বিধি এই যে আপনার ও পরের জীবন রক্ষা কর।

এফেস ৫। ২৯। কেননা কেহ কোন কালে আপন শরীর

ঘৃণা করে নাই কিন্তু যেমন প্রভু মণ্ডলীর ভরণ ও পোষণ করেন তেমন তাহার ভরণ পোষণ করে॥ ১ রাজা ১৮। ৪। কেননা এমন ছিল যখন য়ীজেবেল য়িহূহের আচার্য্যেরদিগকে উচ্ছিন্ন করিল তখন ওবদীয়াহ একশত আচার্য্যকে লইয়া তাহারদিগকে পঞ্চাশ২ করিয়া গুহাতে লুকাইল ও তাহারদিগকে অন্নজল দিল॥

৯৭ জি। কেমন করিয়া আমারদের জীবন রক্ষা করা উচিত।

উ। ঘর কাপড় এবং উপযুক্ত আহার ইত্যাদিতে স্বশরীর পোষণ করাতে ও হৃষ্টমনে পরিশ্রমেতে স্বাস্থ্য করাতে আমারদের জীবন রক্ষা করা উচিত।

হিতো ৩১।২১। সে আপন পরিবারের বিষয়ে বরফ ভয় করে না যেহেতুক তাহার সকল পরিজন কির্মিজি রঙ্গের বস্ত্রে বস্ত্রান্বিত আছে॥ ১ তিম ৫।২৩। এ অবধি কেবল জল পান করিও না কিন্তু তোমার উদরের জন্যে ও তোমার ঘন২ অস্বাস্থ্যেতে কিঞ্চিৎ দ্রাক্ষারস পান কর॥ ধর্ম্মোপ ৫।১২। মজুর লোক অনেক খাইবা অল্পইবা খাইলে তাহার নিদ্রা মিঠা কিন্তু ধনির ধন তাহাকে নিদ্রা যাইতে দেয় না॥ হিতো ১৭।২২। আনন্দযুক্ত মন ঔষধের ন্যায় সুস্থ করে কিন্তু ভগ্ন আত্মা অস্থি শুষ্ক করে॥

৯৮ জি। আমারদের জীবন রক্ষার্থে য়িশু খ্রীষ্টকে অপহ্নব করা কিম্বা অন্য কোন প্রকার পাপ করা কি কখন উচিত।

উ। না তাহা কখন উচিত নহে যেহেতুক যে জন সেইরূপে আপন জীবন রক্ষা করে সে বিনষ্ট হইবে।

মাতি ১০।৩৩। যে কেহ মনুষ্যেরদের সাক্ষাৎ আমাকে

অপহ্নব করে আমিও আপন স্বর্গস্থ পিতার সাক্ষাৎ তাহাকে অপহ্নব করিব॥ মাতি ১৬। ২৫। কেননা যে কেহ আপনার প্রাণ রক্ষা করিতে চাহে সে তাহা হারাইবেক ও যে কেহ আমার নিমিত্তে আপন প্রাণ হারায় সে তাহা পাইবেক॥ রোম ৩। ৮। আইস ভালোর নিমিত্তে আমরা কুকর্ম্ম করি এই কথা যে আমরা কহি নরক যন্ত্রণাযোগ্য কতক২ লোক আমারদের অপবাদার্থে দৃঢ় করিয়া বলে॥

৯৯ জি। কি প্রকারে অন্যরে রক্ষা করা উচিত।

উ। সাধ্যপর্য্যন্ত নিরপরাধি লোকেরদিগকে অন্যায় হইতে উদ্ধার করিবাতে ও দীনহীন দরিদ্র লোকেরদিগকে প্রতিপালন করিবাতে পরের রক্ষা করা উচিত

৮২, গীত ৩। দরিদ্রেরদের ও পিতৃহীনেরদের বিচার কর দুঃখী ও দরিদ্রেরদের প্রকৃত বিচার কর॥ হিতো ২৪। ১১,১২ মারিবার কারণ সমর্পিত ও বধ্য মনুষ্যেরদিগকে যদি তুমি উদ্ধার না কর। যদি কহ যে দেখ আমরা তাহা জানি নাই তবে যিনি মনের বিচার করেন তিনি কি বুঝেন না ও যিনি প্রাণ রক্ষা করেন তিনি কি জ্ঞাত হন না ও তিনি প্রত্যেক জনকে আপন২ ক্রিয়ানুসারে ফল কি দিবেন না॥ য়আ ২। ১৫ ১৬। যদি কোন ভাই কি ভগিনী উলঙ্গ ও নিত্য ভক্ষ্যহীন হইয়া থাকে এবং তোমারদের এক জন তাহাকে কহে যে কুশলে যাও তপ্ত হও তৃপ্ত হও তথাপি কায়িক যে বস্তুর আবশ্যক তাহা তাহাকে যদি না দেও তবে তাহার কি ফল॥

১০০ জি। ষষ্ঠ আজ্ঞাতে কি নিষেধ আছে।

উ। আপন ও পরের প্রাণ নষ্ট করা এই নিষেধ আছে।

প্রেরি ১৬। ২৭,২৮। তখন কয়েদের রক্ষক আপন ভালো

য়ার খুলিল এবং আপনাকে বধ করিতে উদ্যত হইল কিন্তু পাউল উচ্চঃস্বরে কহিল যে আপনার মন্দ কিছু করিও না॥ আদি ৯। ৬। যে জন মনুষ্যেরদের রক্ত পাত করে মনুষ্যের হাতেতে তাহার রক্ত পাত করা যাইবে কেননা ঈশ্বরের প্রতিমূর্ত্তিতে তিনি মনুষ্যকে নির্ম্মাণ করিলেন॥

১০১ জি। নিতান্ত বধ করাভিন্ন অন্য কোন প্রকারে এই আজ্ঞা লঙ্ঘন হইতে পারে কি না।

উ। হাঁ অতিশয় ভোজন পান করিবাতে অস্বাস্থ্য হইয়া ও অন্য কোন ব্যক্তির প্রতি ঈর্ষা ও ঘৃণা করিয়া এ আজ্ঞা আমরা লঙ্ঘন করিতে পারি।

লূক ২১।৩৪। সাবধান হও পাছে পেটকমীতে ও মাতালামীতে ও এ জগতের কারণ চিন্তাতে তোমারদের হৃদয় কোন কালে অতিভারগ্রস্ত হয় তাহাতে সে দিন অকস্মাৎ তোমারদের উপরে আইসে॥ হিতো ১৪।৩০। স্বস্থ অন্তঃকরণই শরীরের জীবন কিন্তু মাৎসর্য্যই অস্থির ক্লেদ। ১ য়োহ॥ ৩। ১৫। যে জন আপন ভ্রাতাকে ঘৃণা করে সেই হত্যাকারী এবং তোমরা জান যে কোন হত্যাকারির মধ্যে অনন্ত পরমায়ু থাকে না॥

১০২ জি। সপ্তম আজ্ঞা কি।

উ। সপ্তম আজ্ঞা এই যে পরদার করিও না। যাত্রা ২০।১৪।

১০৩ জি। সপ্তম আজ্ঞাতে কি বিধান আছে।

উ। বিধি এই যে মনেতে ও বাক্যেতে ও ক্রিয়াতে আপনার ও পরের শুদ্ধতা রক্ষা কর।

১ তেস ৪।৩—৫। তোমারদের শুদ্ধ হওয়া বিশেষতঃ তোমারদের বেশ্যাগমন ত্যাগ করা এবং শুদ্ধতা ও সম্ভ্রমে তোমারদের মধ্যগত প্রতিজনের আপন২ পাত্র অধিকার করা এই২ ঈশ্বরের অভিমত॥ হিতো ৪।২৩। আপনার অন্তঃকরণ

যত্নপূর্ব্বক রক্ষা কর যেহেতুক তাহাহইতেই জীবনরূপ প্রবাহ হয়॥ এফে ৪।২৯। কোন খেঁচড়া কথা তোমারদের মুখহইতে নির্গত না হউক॥ ১ পিত ১। ১৫। কিন্তু যিনি তোমারদিগকে নিযুক্ত করিলেন তিনি যেমন শুদ্ধ তেমন তোমরা আজ্ঞাবর্ত্তি বালকেরদের ন্যায় সকল আচরণে শুদ্ধ হও॥

১০৪ জি। আমারদের শুদ্ধতা কি প্রকারে রক্ষা করিতে হয়।

উ। সমস্ত ইন্দ্রিয় দমন করাতে ও সর্ব্বপ্রকার পরীক্ষা ত্যাগ করিয়া ঈশ্বরবিষয়ক ভয়েতে নিত্য আচরণ করাতে শুদ্ধতা রক্ষা করা যায়।

১ করি। ৯ ২৭। আমি আমার শরীর দমনে রাখি ও তাহা বশীভূত করি পাছে আর২ লোকরদের প্রতি ঘোষণাকারী হইলেও আমি আপনি প্রক্ষেপণীয় বস্তু হই॥ আয়োব ৩১। ১। আপনার চক্ষুর সহিত আমি নিয়ম করিয়াছিলাম তবে যুবতীকে কেন মনে করিব॥ গালা॥ ৫। ১৬। অতএব আমি ইহা কহি আত্মাতে আচরণ কর করিলে শরীরের অভিলাষ পূর্ণ করিবা না॥ ১ করি ৭। ২। কিন্তু লোচ্চাগিরি না হওনের জন্যে প্রত্যেক পুরুষের আপন২ স্ত্রী হউক এবং প্রত্যেক স্ত্রীর আপন২ স্বামী হউক॥

১০৫ জি। সপ্তম আজ্ঞাতে কি নিষেধ আছে।

উ। সর্ব্বপ্রকার কামরূপ চিন্তা ও কথা ও ক্রিয়া এই সকলই নিষেধ।

মাতি ৫।২৮। কিন্তু আমি তোমারদিগকে কহি যে স্ত্রী লোকের প্রতি কামভাবেতে দৃষ্টিকারি পুরুষ অন্তঃকরণে তাহার সহিত তখনই পরদার করিয়াছে॥ এফে ৫।৩। কিন্তু লোচ্চামি ও সকল অসৎ ক্রিয়া ও লোভ ও উপযুক্ত নয় যে খেঁচড়া কথা ও উন্মত্ত প্রলাপ ও কৌতুক কথা যেমন পবিত্র লো

কেরদের মধ্যে এই সকল কথা না কহা উচিত তেমন একবার ও তোমারদের মধ্যে এমন কথা না হউক॥ গালা ৫। ৬৯। ২১। সম্প্রতি শারীরিক ক্রিয়া প্রকাশিত আছে অর্থাৎ পরদার ব্যভিচার অশুচিতা কাম এই প্রকার কর্ম্মকারিরা স্বর্গাধিকার পাইবে না॥

১০৬ জি। আমারদের শুদ্ধতা রক্ষা করিবার প্রয়োজন কি।

উ। মনুষ্যের অসাধুতা অত্যন্ত পাপ অতএব বড় দুঃখদায়ক আছে। অপর আমরা যদি খ্রীষ্টীয়ান হই তবে আমারদের শরীর খ্রীষ্টের অঙ্গ ও ধর্ম্মাত্মার মন্দির হয়।

আদি ৩৯। ৯। আমি কিরূপে এমন বড় দুষ্টতা করিয়া ঈশ্বরের প্রতিকূলে পাপ করিতে পারি॥ হিতো ৬। ৩২। কিন্তু পরস্ত্রীগামি পুরুষই অবোধ যে জন তাহা করে সে আপনার প্রাণ নষ্ট করে॥ ১ করি ৬। ১৫। তোমরা কি জান না যে তোমারদের শরীর খ্রীষ্টের অঙ্গই তবে কি আমি খ্রীষ্টের অঙ্গ লইয়া বেশ্যার অঙ্গ করিব তাহা না হউক॥ ১ করি ৩। ১৬ ১৭। তোমরা কি জান না যে তোমরাই ঈশ্বরের মন্দির ও ঈশ্বরের আত্মা তোমারদের মধ্যে বাস করেন। যদি কেহ ঈশ্বরের মন্দির নষ্ট করে তবে তাহাকে ঈশ্বর বিনাশ করিবেন কেননা ঈশ্বরের মন্দির পবিত্র সেই মন্দির তোমরাই॥

১০৭ জি। অষ্টম আজ্ঞা কি।

উ। অষ্টম আজ্ঞা এই যে চুরি করিও না। যাত্রা ২০। ১৫।

১০৮ জি। অষ্টম আজ্ঞাতে কি বিধান আছে।

উ। বিধি এই যে আপনার ও পরের মঙ্গল অন্বেষণ কর।

১ তিম ৫। ৮। কিন্তু যদি কেহ আপনার পারিবারের কারণ বিশেষতঃ আপন বাটীর লোকেরদিগকে প্রতিপালন না করে সে জন ভক্তি অপহ্নব করিয়াছে এবং অনাস্তিকহইতেও অধম॥ ১ করি ১০। ২৪। কোন কেহ আপনার বিষয় চেষ্টা না করুক কিন্তু প্রতিজন পরের কল্যাণ চেষ্টা করুক॥

১০৯ জি। আপনার মঙ্গল কি প্রকারে অন্বেষণ করা উচিত।

উ। পরিশ্রমপূর্ব্বক স্ব২ ব্যবসায় করাতে ও তাহাতে ঈশ্বরের আশীর্ব্বাদ নিত্য প্রার্থনা করাতে এবং আমারদের যাহা২ প্রাপ্তি হয় ঈশ্বরের গৌরব প্রকাশার্থ তাহা ব্যয় করাতে আমারদের কল্যাণ অন্বেষণ করা উপযুক্ত।

হিতো ১০। ৪। যে জন শিথিল হাত কর্ম্ম করে সে দরিদ্রতা পায় কিন্তু কর্ম্মশূরের হাত ধনবান্ করে॥ এফে ৪। ২৮। যে জন চুরি করিয়াছে সে আর চুরি না করুক কিন্তু বরং আপন হাতেতে শ্রম করিয়া ভাল ক্রিয়া করুক যে দরিদ্রকে দিতে তাহার কিছু সংস্থান থাকে॥ হিতো ১০। ২২। য়িহুহের আশিস্ ধনবান্ করে এবং তিনি তাহার সহিত দুঃখ দেন না॥ হিতো ১১। ২৪,২৫। ছড়িয়া দিলেও যাহার ধন উত্তর২ বাড়ে এমন লোক আছে এবং দেয় দ্রব্য আপন হাতে রাখিয়াও দরিদ্রতা পায় এমন লোকও আছে। দানশীল জন পরিতুষ্ট হইবে এবং জলসেচনকারী জলেতে সিক্ত হইবে॥

১১০ জি। পরের মঙ্গল কি প্রকারে অন্বেষণ করা কর্ত্তব্য।

উ। আমরা যাহা চাই যে মনুষ্যেরা আমারদের প্রতি করে সেমত তাহারদের প্রতি তাহা করিবাতে তাহারদের মঙ্গল করা আমারদের কর্ত্তব্য।

গালা ৬। ১০। অতএব যেমন আমারদের অবকাশ তেমন সকলের মঙ্গল করি বিশেষতঃ প্রত্যয়কারি সম্প্রদায়ের॥ মার্থি ৭। ১২। অতএব তোমরা যাহা২ চাহ যে মনুষ্যেরা তোমারদের প্রতি করে তোমরাই তাহারদের প্রতি সেমত কর কেনন। শাস্ত্র ও আচার্য্যেরদের বাক্য এই॥

১১১ জি। অষ্টম আজ্ঞাতে কি নিষেধ আছে।

উ। নিষেধ এই যে আপনাব কিম্বা পরের কল্যাণ কোন প্রকারে আমরা ত্রুটি করি।

হিতো ২১। ১৭। যে জন সুখানুরাগী হয় সে দরিদ্র হইবে ও যে জন দ্রাক্ষারস ও তৈলানুরাগী হয় সে জন ধনবান হইবে না॥ হিতো ২২। ২৬। যাহারা হাতেতে হাত দেয় ও যাহারা ঋণের জামিন হয় তাহারদের মধ্যে এক জন হইও না। তোমার শোধ করিবার যদি কিছু না থাকে তবে সে তোমার শয্যা তোমার নামোহইতে কেন লইবে॥ হিতো ২৪। ৩০,৩১। আমি অলসের ক্ষেত্র দিয়া গিযাছি এবং অবোধের দ্রাক্ষা ক্ষেত্র দিয়া গিয়াছি এবং দেখ তাহা সর্ব্বত্র কাঁটা ও বিছুটীতে ব্যাপ্ত ছিল এবং তাহার প্রস্তরময় প্রাচীর ভগ্ন ছিল॥ হিতো ২১। ১৩। যে জন দরিদ্রের চেঁচানে কণ মুদে সে জন আপনি চেঁচাইবে কিন্তু কেহ শুনিবে না॥

১১২ জি। ঐ আজ্ঞাতে কি প্রকার দুষ্টতা বিশেষরূপে নিষেধ আছে।

উ। সকল প্রকার চুরী ও ছল ও অন্যায় ও উৎকোচ গ্রহণ ও অনুচিত সুদ লওয়া ইত্যাদি এই সকলের নিষেধ।

হিতো ২৮। ২৪। যে জন আপনার পিতামাতার ধন চুরি করিয়া বলে যে এ পাপ নয় সেই বিনাশকের মিত্র॥ ৫০ গীত ১৮। তুমি চোরকে দেখিয়া তাহার সহিত দৌড়িয়াছ॥ হিতো

১১। ১। মিথ্যা তৌল য়িহুহেতে ঘৃণা প্রকৃত বাটখরাতে তাঁহার সন্তোষ॥ য়িশাঈ ১। ২২,২৩। তোমার রূপা খাইদ হইয়াছে ও তোমার দ্রাক্ষারস জলেতে মিশ্রিত হইয়াছে। তোমার অধ্যক্ষেরা হুজ্জতি ও চোরের সখা হইয়াছে তোমার মধ্যে
অধ্যক্ষেরা হুজ্জতি ও চোরের সখা হইয়াছে তোমার মধ্যে
প্রতি জন ঘুষ চাহে এবং সওগাত প্রার্থনা করে॥ হিতো ২২। ২২। দরিদ্রের দরিদ্রহওয়াতে তাহার দ্রব্য চুরি করিও না এবং দ্বারে তস্মাস্তিকের উপরে উপদ্রব করিও না॥ যাত্রা ২২। ২৫। যদি তুমি আপন নিকটস্থ আমার কোন দরিদ্র লোককে কর্জ দেও তবে তাহার প্রতি সুদগ্রাহকরূপ হইও না ও তাহার স্থানে সুদ ধরিয়া লইও না॥

১১৩ জি। নবম আজ্ঞা কি।

উ। নবম আজ্ঞা এই যে আপন প্রতিবাসির বিপরীতে মিথ্যা সাক্ষ্য দিও না। যাত্রা ২০। ১৬।

১১৪ জি। নবম আজ্ঞাতে কি বিধান আছে।

উ। বিধি এই যে সকল বিষয়ে বিশেষতঃ সাক্ষ্য দেওনের সময়ে সত্য কথা কহ।

জিখর ৮। ১৬। তোমরা এই২ কার্য্য কর প্রত্যেক জন আপন২ প্রতিবাসিকে সত্য কথা কহ সত্য ও শান্তির বিচার তোমারদের দ্বারে নিষ্পন্ন কর॥ ১৫ গীত। ১,২। হে য়িহুহ তোমার তাম্বুতে কে রহিবে তোমার পবিত্র পর্ব্বতে কে বাস করিবে। যে জন সাধু আচরণ ও প্রকৃত ক্রিয়া করে ও মনের সহিত সত্য কথা কহে॥ হিতো ১৪। ৫। সত্যবাদি সাক্ষী মিথ্যা কথা কহিবে না কিন্তু মিথ্যাবাদি সাক্ষী মিথ্যা কথা কহিবে॥

১১৫ জি। নবম আজ্ঞাতে কি নিষেধ আছে।

উ। যাহা কোন প্রকার মিথ্যা ও পরের বিষয়ে অমনি মন্দ কহা এই নিষেধ।

কলস ৩। ৯। এক জন অন্য জনকে মিথ্যা কথা কহিও না

যেহেতুক তোমরা পুরাণ মনুষ্যকে তাহার ক্রিয়া সুদ্ধ ত্যাগ করিয়াছ॥ কৈল ১৯। ১৬। আপন লোকেরদের মধ্যে তুমি কর্ণেজপের ন্যায় ইতস্ততো বেড়াইও না ও তোমার' প্রতিবাসির রক্তের প্রতিকূলে তুমি দাঁড়াইও না আমিই য়িহুহ॥ ১৫ গীত ৩। যে জন জিহ্বাতে গ্লানি করে না এবং প্রতিবাসির হিংসা কিম্বা অপবাদ করে না॥ য়কা ৪। ১১। হে ভ্রাতারা কেহ কাহারো মন্দ না কহুক যে কেহ আপন ভ্রাতার মন্দ কহে সে শাস্ত্রের মন্দ কহে ও শাস্ত্রের দোষ করে॥ হিতো ১৯। ৫। মিথ্যা সাক্ষী নিষ্পাপ হইবে না ও মিথ্যাবক্তা অদণ্ডিত হইবে না॥ জিখর ৮। ১৭। এবং তোমারদের মধ্যে কেহ আপন প্রতিবাসির প্রতিকূলে অন্তঃকরণে মন্দ চিন্তা না করুক এবং মিথ্যা দিব্য ভাল বাসিও না যেহেতুক য়িহুহ কহেন যে আমি এ সকল ঘৃণা করি॥

১১৬ জি। দশম আজ্ঞা কি।

উ। দশম আজ্ঞা এই যে আপন প্রতিবাসির ঘরে লোভ করিও না আপন প্রতিবাসির ভার্য্যাতে কিম্বা তাহার দাসেতে কিম্বা তাহার দাসীতে কিম্বা তাহার গরুতে কিম্বা তাহার গাধাতে কিম্বা তোমার নিকটবর্ত্তি জনের কোন বস্তুতে লোভ করিও না। যাত্রা ২০। ১৭।

১১৭ জি। দশম আজ্ঞাতে কি বিধান আছে।

উ। এই বিধি যে আপন সম্পদঅবস্থাতে সম্পূর্ণরূপে পরিতুষ্ট হইয়া পরের বিষয়ে সর্ব্বপ্রকারে নির্লোভী হও।

এবরী ১৩। ৫। তোমারদের আচরণ লোভবিনা হউক এবং তোমারদের যে সম্পদ আছে তাহাতে সন্তুষ্ট হও কেননা তিনি কহিয়াছেন যে তোমাকে আমি কখন ছাড়িব না এবং কখন ত্যাগ করিব না॥ রোম ১২। ১০। সৌভ্রাত্রপূর্ব্বক পরস্পর প্রেম পূর্ণ হও পরস্পর আদর করিতে রত হও॥ ১ করি

১৩। ৪,৫। প্রেম বহুকাল সহে ও কোমলস্বভাব হয় প্রেম মাৎসর্য্য করে না প্রেম ঠেটা নয় এবং মানীও নয় কুদৃশ্যব্যাপার করে না আপনার চেষ্টা করে না হঠাৎ ক্রুদ্ধ নহে কিছু মন্দ ভাবে না ॥

১১৮ জি। দশম আজ্ঞাতে কি নিষেধ আছে।

উ। সাংসারিকবিষয়ে অসন্তোষ ও দ্বেষ ও পরের সুখবিষয়ে খেদ ও সর্ব্বপ্রকার অনুচিত লোভ এই সকল নিষেধ।

এস্তের ৫। ১৩। কিন্তু যত কাল আমি রাজদ্বারে উপবিষ্ট য়িহুদীয় মারদিকঈকে দেখি ততকাল এ সকলেতে আমার কিছু সুখ নাই॥ ১ করি ১০। ১০। যেমন তাহারদের কতক লোক কচকচি করিয়া নাশকের দ্বারা নষ্ট হইয়াছিল সেমত তোমরা কচকচি করিও না॥ গাল ৫। ২৬। আমরা স্বপ্রশংসা কারী না হই এক জন আর এক জনের ক্রুদ্ধকারী ও এক জনে অন্যের দ্বেষকারী না হই॥ নিখেমি ২। ১০ যখন খোরোণীয় সনবলট ও অম্মোনীয় টোবিয়াহ দাস শুনিল তখন তাহারদের বড়শোক হইল যে য়িশরাএলের সন্তানেরদের মঙ্গল অন্বেষণ করিবার কারণ কোন মানুষ আসিয়াছে॥ রোম ১৩। ৯। কেননা পরদার করিও না বধ করিও না চুরি করিও না মিথ্যা সাক্ষী হইও না লোভ করিও না এই২ এবং আর কোন আজ্ঞাও যদি থাকে তবে অন্য লোকেরদিগকে আপনার তুল্য প্রেম কর এই বাক্যের অন্তর্গত তাহা হয়॥

# ঈশ্বরীয় অনুগ্রহ পাইবার সাধারণ উপায়ের বিষয়।

১১৯ জি। ঈশ্বরের অনুগ্রহ পাইবার সাধারণ উপায় কি।

উ। সে উপায় বিস্তর কিন্তু তন্মধ্যে ঈশ্বরের বাক্য ও প্রার্থনা ও পারমার্থিক ধ্যান ও সাধু লোকেরদের সহিত আলাপ এই প্রধান।

য়োহ ৫। ৩৯। ধর্ম্মগ্রন্থ আলোচনা কর কেননা তোমরা বুঝ যে তাহার মধ্যে অনন্ত পরমায়ু আছে ও তাহাই আমার বিষয়ে প্রমাণদায়ী॥ মাতি ৭। ৭,৮। যাচ্ঞা কর করিলে তোমারদিগকে দেওয়া যাইবেক অন্বেষণ কর করিলে পাইবা ঘা মার মারিলে তোমারদের প্রতি দ্বার খোলা যাইবেক। কেননা যে প্রত্যেক জন যাচ্ঞা করে সে পায় ও যে জন অন্বেষণ করে সে পায় ও যে জন ঘা মারে তাহার প্রতি দ্বার খোলা যায়॥ ১ গীত ১। ২। যে জন য়িহুহের শাস্ত্রে সন্তোষ পায় এবং তাঁহার শাস্ত্রে দিবারাত্রি ধ্যান করে সে জন ধন্য॥ মল ৩। ১৬, ১৭। তখন যাহারা য়িহুহকে ভয় করিল তাহারা পুনঃ২ পরস্পর কথা কহিল এবং য়িহুহ অবধান করিলেন ও তাহা শুনিলেন এবং যাহারা য়িহুহকে ভয় করিল ও তাঁহার নামের বিষয়ে ভাবনা করিল তাহারদের জন্যে তাঁহার সম্মুখে স্মরণার্থ এক পুস্তক লেখা গেল। এবং সৈন্যের য়িহুহ কহেন যে দিনে আমি আপন রত্ন সংগ্রহ করি সে দিনে তাহারা আমার হইবে ও কোন মানুষ যেমন আপন সেবক পুত্রকে দয়া করে তেমনি আমি তাহারদিগকে দয়া করিব॥

১২০ জি। ঈশ্বরের বাক্য কিপ্রকারে মনুষ্যের দের হিতজনক হয়।

উ। ঈশ্বরের বাক্য ধর্ম্মাত্মাদ্বারা মনুষ্যেরদের মন পরিবর্ত্তন করাইয়া সান্ত্বনা ও পবিত্রতাতে পরিত্রাণপর্য্যন্ত তাহারদিগকে বাড়ান।

১৯ গীত। ৭। য়িহুহের শাস্ত্র সম্পূর্ণ ও মনঃপরাবর্ত্তক য়িহুহের প্রমাণবাক্য স্থির ও অজ্ঞানিরদের জ্ঞানদায়ক। প্রেরি ২০।৩২। অতএব হে ভ্রাতারা ঈশ্বরের নিকটে ও তাঁহার অনুগ্রহের যে কথা তোমারদিগকে উদ্গ্রন্থন করিতে পারে এবং পবিত্রীকৃত সকলের মধ্যে তোমারদিগকে অধিকার দিতে পারে সে কথারও নিকটে আমি সম্প্রতি তোমারদিগকে সমর্পণ করি॥

১২১ জি। ঈশ্বরের বাক্য আমারদের হিতজনক হইবার নিমিত্তে আমারদের কি করা কর্ত্তব্য।

উ। কর্ত্তব্য আছে যে উদ্যোগ ও প্রার্থনাপূর্ব্বক তাহা পঠন ও শ্রবণ করিয়া এবং প্রত্যয় ও প্রেমপূর্ব্বক তাহা গ্রহণ করিয়া ও আপনারদের মনের মধ্যে তাহা রাখিয়া তদনুসারে সমস্ত আচরণ আমরা করি।

য়িহো ১।৮। এই ব্যবস্থাগ্রন্থ তোমার মুখহইতে কখন যাইবে না কিন্তু তন্মধ্যে লিখিত তাবদ্বাক্যানুযায়ি আচরণার্থে তুমি তাহাতে দিবারাত্রি আলোচনা কর কেননা তাহা করিলে তুমি আপনার পথ সফল করিবা এবং তোমার কার্য্য সুসিদ্ধ হইবে॥ হিতো ৮।৩৪। যে জন নিত্য চৌকি করত ও আমার ঘরের চৌকাঠের কাছে স্থিতি করত আমার বচন শুনে সেই ধন্য॥ ১ পিত ২।৩। অচিরজাত বালকেরদের মত বাক্যরূপ যথার্থ দুগ্ধ চাহ যে তদ্দ্বারা তোমরা বাড়॥ ১১৯ গীত। ১৮। আমার চক্ষু খুল যে আমি তোমার শাস্ত্রে আশ্চর্য্য কথা দেখি॥ এবরী ৪।৩। কিন্তু ঘোষিত বাক্য শ্রোতারদের মধ্যে প্রত্য

য়েতে মিশ্রিত না হইলে তাহারদের কিছু ফল ছিল না॥ ১১৯ গীত। ২। যাহারা তাঁহার সাক্ষ্যকথা পালন করে যাহারা সর্ব্বান্তঃকরণের সহিত তাঁহাকে চেষ্টা করে তাহারা ধন্য॥ য়আ ১। ২৫। যে জন মুক্তির সম্পূর্ণ ব্যবস্থাতে দৃষ্টিপাত করে ও তাহাতে নিত্য প্রবৃত্ত হয় সে জন বিস্মরণশীল শ্রোতা না হইয়া কিন্তু কার্য্যকারী হইয়া আপন ক্রিয়াতে ধন্য হইবে॥

১২২ জি। প্রার্থনা কি।

উ। আপনার পাপ স্বীকারপূর্ব্বক ও ঈশ্বরের দয়া প্রযুক্ত কৃতজ্ঞতা স্বীকারপূর্ব্বক ঈশ্বরের স্থানে তাঁহার ইচ্ছাক্রমে ও য়িশুখ্রীষ্টের নামে নম্রমনে নিবেদন করা এই প্রার্থনা।

৩২ গীত। ৫। তোমার কাছে আমি আপন পাপ স্বীকার করিলাম ও আপনার অপরাধ ঢাকিলাম না আমি কহিলাম যে য়িহুহের নিকটে আমি আপন ত্রুটি স্বীকার করিব এবং তুমি আমার পাপের অধর্ম্ম ক্ষমা করিয়াছ॥ ফিলি ৪। ৬। কোন বিষয়ে চিন্তিত হইও না কিন্তু সকল বিষয়েতে ধন্যবাদ যুক্ত কামনা ও প্রার্থনার দ্বারা তোমারদের সকল যাচ্ঞা ঈশ্বরের নিকটে বিজ্ঞাপিত হউক॥ ১ য়োহ ৫। ১৪। তাঁহার প্রতি আমারদের যে সাহস তাহা এই যে আমরা তাঁহার ইচ্ছানুসারে কিছু প্রার্থনা করিলে তিনি আমারদের কথা শুনেন॥ য়োহ ১৬। ২৩। সে দিনে তোমরা আমার নিকটে কিছু প্রার্থনা করিবা না সত্য২ তোমারদিগকে আমি কহি যে আমার নামে তোমরা যাহা২ পিতার নিকটে চাহিবা তাহা তিনি তোমারদিগকে দিবেন॥

১২৩ জি। প্রার্থনাবিষয়ে ধর্ম্মপুস্তকে কি প্রকার উপদেশ লিখা আছে।

উ। প্রার্থনা বিষয়ে নানা উপদেশ আছে বিশেষতঃ

যে প্রার্থনা প্রভু য়িশু খ্রীষ্ট আপন শিষ্যেরদিগকে শি ক্ষাইলেন তাহা প্রার্থনার অত্যুত্তম নমুনা।

মাত্তি ৬। ৫—৮। তুমি যখন প্রার্থনা কর তখন কাপ্পনিকে রদের মত হইও না কেননা তাহারা মনুষ্যকর্ত্তৃক দৃষ্ট হওনার্থে সিনাগগে ও পথের কোণে দাঁড়াইয়া প্রার্থনা করে সত্য আমি তোমারদিগকে বলি যে তাহারা আপনারদের কর্ম্মের ফল পায়। কিন্তু যখন তুমি প্রার্থনা কর তখন আপন গুপ্ত স্থানে প্রবেশ কর এবং দ্বার রুদ্ধ করিয়া গুপ্ত স্থানবর্ত্তী তোমার পিতার কাছে প্রার্থনা কর এবং গুপ্তস্থানদর্শী তোমার পিতা সকলের গোচরে তোমাকে ফল দিবেন। কিন্তু তোমার প্রার্থনাকালে দেবপূজকেরদের মত নিরর্থক পুনরুক্তি করিও না কেননা তাহারা ভাবে যে তাহারদের অনেক কহনেতে তাহারদের কথা শুনা যাইবে। অতএব তাহারদের মত হইও না কেননা তোমারদের প্রার্থনাকরণের পূর্ব্বে তোমারদের পিতা তোমারদের প্রয়োজন জানেন॥ লুক ১১।১,২। পরে তিনি প্রার্থনা করত এক স্থানে থাকিলেন এবং সাঙ্গ হইলে তাঁহার এক শিষ্য বলিল হে প্রভু যেমত য়োহন আপনার শিষ্যেরদিগকে শিক্ষা করাইলেন সেমতে আমারদিগকে প্রার্থনা করিতে শিক্ষা করাও। তিনি তাহারদিগকে কহিলেন যখন তোমরা প্রার্থনা কর তখন কহ যে হে আমারদের স্বর্গস্থ পিতা॥ মাত্তি ৬। ৯। অতএব এই মত প্রার্থনা কর॥

১২৪ জি। প্রভুর প্রার্থনা কি।

উ। তাহা এই যে হে আমারদের স্বর্গস্থ পিতা তোমার নাম পবিত্ররূপে মান্য হউক। তোমার রাজ্যের আগমন হউক। যেমন স্বর্গে তেমন পৃথিবীতে তোমার ইষ্ট ক্রিয়া করা যাউক। অদ্য আমারদের নিত্য ভক্ষ্য আমারদিগকে দেও। এবং যেমন আমরা আপনারদের ঋণধারিরদিগকে মাফ করি সেই মত আমারদের

ঋণ মাফ কর। এবং আমারদিগকে পরীক্ষায় চালা ইও না কিন্তু আমারদিগকে আপদহইতে পরিত্রাণ কর কেননা সদাসর্ব্বক্ষণে রাজ্য ও শক্তি ও গৌরব তোমার আমিন। মাতি ৬। ৯—১৩।

১২৫। হে আমারদের স্বর্গস্থ পিতা এই কথার অর্থ কি।

উ। অর্থ এই যে পুত্র যেমন পিতার নিকটে সম্ভ্রম ও আদর ও বিশ্বাসপূর্ব্বক আপনার বাঞ্ছিত বিষয় যাচ্ঞা করে তদ্রূপে ঈশ্বরের স্থানে স্বার্থে ও পরার্থে আমারদের প্রার্থনা করা কর্ত্তব্য।

রোম ৮। ১৫। তোমরা ভয়জনক দাসস্বরূপ আত্মাতে আর বার পাও নাই কিন্তু যে পোষ্য পুত্ররূপ আত্মাতে তোমরা পিতা পিতা বলিয়া ডাক তাহাই পাইয়াছ॥ এবরী ৪। ১৬। অতএব কৃপা এবং আবশ্যক কালে উপকার করিবার নিমিত্তে অনুগ্রহ পাওনের জন্যে আমরা প্রসাদসিংহাসনের নিকট নির্ভয়রূপে আইসি॥ মাতি ৭। ১১। অতএব তোমরা দুষ্ট হইয়া আপনারদের ছালিয়ারদিগকে ভাল দ্রব্য দিতে যদি জান তবে তোমারদের স্বর্গস্থ পিতার প্রতি প্রার্থনাকারিরদিগকে তিনি কি ততোধিক ভাল বস্তু দিবেন না॥ প্রেরি ১২। ৫। অতএব পিতার কারাগারে রাখা গেল কিন্তু তাহার নিমিত্তে ঈশ্বরের স্থানে সমস্ত মণ্ডলীকর্ত্তৃক নিরন্তর প্রার্থনা করা গেল॥ ১ তিমো ২। ১। অতএব আমি আদেশ করি যে প্রথমে সকল লোকের কারণ বিশেষতঃ রাজারদের ও শাসনকর্ত্তারদের কারণ বিনয় ও প্রার্থনা ও মিনতি ও ধন্যবাদ করা যায়॥

১২৬। প্র। তোমার নাম পবিত্ররূপে মান্য হউক এই কথার অর্থ কি।

উ। অর্থ এই যে ঈশ্বর সকল লোকেরদিগকে আপ-

নাকে মান্য জানাইবার কারণ তাবৎ বিষয়েতে ও সর্ব্বপ্রকারে আপনার পবিত্রতা প্রকাশ করেন।

২ শিমু ৭। ২৬। এবং সৈন্যের যিহুহ যিশরাএলো পরি ঈশ্বর এই কথা কহাতে তোমার নাম নিত্য বর্দ্ধিত হউক॥ ৬৭ গীত।১,২।ঈশ্বর আমারদের উপর অনুগ্রহ করুন এবং আমারদিগকে আশীর্ব্বাদ দিউন হে ঈশ্বর পৃথিবীতে তোমার পথ এবং সকল দেশীয় লোকেরদের মধ্যে তোমার ত্রাণ জানা যাওনের জন্যে আপন মুখ আমারদের প্রতি প্রসন্ন কর॥ রোম ১১। ৩৬। কেননা তাঁহাহইতে ও তাঁহাকর্ত্তৃক ও তাঁহার উদ্দেশে সকল বস্তু তাঁহার প্রশংসা সদাসর্ব্বক্ষণে হউক॥

১২৭ জি। তোমার রাজ্যের আগমন হউক এই কথার অর্থ কি।

উ। অর্থ এই যে শয়তানের রাজ্য শীঘ্র নষ্ট হইলে ও যিশু খ্রীষ্টের রাজ্য জগতের সীমাপর্য্যন্ত স্থাপন করা গেলে তাহাতে তাবৎ লোক প্রবেশ করে এবং যে গৌরবীয় রাজ্যের আগমন হয়।

৬৮ গীত। ১। ঈশ্বর উঠুন তাঁহার শত্রুরা ছিন্নভিন্ন হউক যাহারা তাঁহাকে ঘৃণা করে তাহারা তাঁহার সম্মুখহইতে পলাউক॥ যিশাঈ ২। ২। শেষকালে এমন হইবে যে যিহুহের গৃহের পর্ব্বত পর্ব্বতেরদের মাথার উপরে স্থাপিত হইবে এবং গিরিহইতেও উচ্চ করা যাইবে ও সকল দেশীয়েরা স্রোতের ন্যায় তাহার প্রতি দৌড়িয়া যাইবে॥ ২ তেস ৩। ১। বস্তুতঃ হে ভ্রাতারা আমারদের কারণ প্রার্থনা কর যে ঈশ্বরের বাক্য যেমত তোমারদের মধ্যে চলিতেছে সে বাক্য তদ্মতে অবাধিতরূপে চলে ও গৌরব বিশিষ্ট হয়॥ প্রকাশিত ২২। ২০। যিনি এ কথার প্রমাণ দেন তিনি কহেন যে অবশ্য আমি শীঘ্র আসিতেছি আমিন হে প্রভু যিশু আইস॥

১২৮ জি। যেমন স্বর্গে তেমন পৃথিবীতে তোমার ইষ্ট ক্রিয়া করা যাউক এই কথার অর্থ কি।

উ। তাহার অর্থ এই যে পৃথিবীস্থ তাবৎ মনুষ্যেরা স্বর্গবাসিরদের ন্যায় সর্ব্ব বিষয়ে ঈশ্বরের বশীভূত হইয়া তাঁহার ইচ্ছানুসারে সদাচরণ করে।

১০৩ গীত। ২০। হে তাঁহার কথা শুনিয়া তাঁহার আজ্ঞাপালক অতিশক্তিমান দূত তোমরা সকল য়িহুহের ধন্যবাদ কর॥ মাতি ২৬,। ৩৯। পরে আর কিছু দূর যাইয়া তিনি উবুড় হইয়া পড়িয়া প্রার্থনা করিয়া কহিলেন যে হে আমার পিতঃ যদি হইতে পারে তবে এই পেয়ালা আমাহইতে যাউক কিন্তু আমার ইচ্ছা নয় তোমার ইচ্ছা হউক॥

১২৯ জি। অদ্য আমারদের নিত্য ভক্ষ্য আমারদিগকে দেও এই কথার অর্থ কি।

উ। অর্থ এই যে ঈশ্বর অনুগ্রহ করিয়া আমারদিগকে প্রয়োজনমত আবশ্যক ভক্ষ্যদ্রব্যাদি প্রতিদিন দিয়া তাহাতে আশীর্ব্বাদ দেন।

হিতো। ৩০। ৭—৯। তোমার ঠাঁই আমি দুই বর প্রার্থনা করিয়াছি তাহা আমার মরণপর্য্যন্ত বারণ করিও না। অবস্তুতা ও মিথ্যা কথা আমাহইতে দূর কর দরিদ্রতা কিম্বা ধন আমাকে দিও না যে আহার উচিত তাহা আমাকে দেও। কি জানি তৃপ্ত হইয়া আমি তোমাকে অস্বীকার করি ও কহি যে য়িহুহকে কিম্বা দরিদ্র হইয়া চুরি করি ও আমার ঈশ্বরের নাম নিরর্থক লই॥ ১ তিমো ৪। ৪,৫। ঈশ্বরের সৃষ্ট সকল বস্তু উত্তম এবং যদি ধন্যবাদ করণেতে লওয়া যায় তবে অগ্রহণীয় নয়। কেননা ঈশ্বরের বাক্য ও প্রার্থনার দ্বারা তাহা পবিত্র করা যায়॥

১৩০ জি। এবং যেমন আমরা আপনারদের ঋণ

ধারিরদিগকে মাফ করি সেই মত আমারদের ঋণ মাফ কর এই কথার অর্থ কি।

উ। অর্থ এই যে আমরা যেমন পরের দোষ মার্জ না করি তেমন প্রভু যিশু খ্রীষ্টের নিমিত্তে ঈশ্বর আমারদের সমস্ত পাপ ক্ষমা করিবেন। অতএব আমরা যদি তাহারদের প্রতি ক্ষমা না করি তবে তিনি আমারদের প্রতি ক্ষমাবান হইবেন না।

মাতি ১৮। ৩৫। যদি তোমরা প্রত্যেক জন অন্তঃকরণের সহিত আপনার ভ্রাতার দোষ ক্ষমা না কর তবে আমার স্বর্গীয় পিতা সেমতও তোমারদিগকে ক্ষমা করিবেন না॥ মাতি ৬। ১৪। কেননা তোমরা যদি মনুষ্যেরদিগকে তাহারদের আজ্ঞা লঙ্ঘনদোষ মাফ কর তবে তোমারদের স্বর্গীয় পিতা তোমারদিগকেও মাফ করিবেন॥

১৩১ জি। এবং আমারদিগকে পরীক্ষায় চালাইও না কিন্তু আমারদিগকে আপদহইতে পরিত্রাণ কর এই কথার অর্থ কি।

উ। অর্থ এই যে ঈশ্বর পাপপরীক্ষাহইতে আমারদিগকে রক্ষা করেন অথবা পরীক্ষা ঘটিলেও তিনি অনুগ্রহ করিয়া তাহাহইতে আমারদিগকে উদ্ধার করেন।

মাতি ২৬। ৪১। পরীক্ষায় না পড়নের কারণ চৌকী দেও ও প্রার্থনা কর॥ ১৯ গীত ১৩। তোমার দাসকেও সাহসেতে কৃত পাপহইতে রক্ষা কর তাহা আমার উপরে কর্ত্তৃত্ব করিতে না পাউক॥ ১ করি ১০। ১৩। মনুষ্যেরদের মধ্যে যে পরীক্ষার সম্ভব হয় তদ্ব্যতিরেকে কোন পরীক্ষা তোমারদিগকে ঘটে নাই। কিন্তু যিনি তোমারদের সাধ্যের অধিক তোমারদিগকে পরীক্ষিত হইতে দিবেন না কিন্তু পরীক্ষার সহিত এমত

উপায় করিবেন যে তোমরা তাহা সহিতে পারিবা এমন যে ঈশ্বর তিনি বিশ্বস্ত আছেন ॥ ২ করি ॥ ১২। ৯। তিনি আমাকে কহিলেন তোমার কারণ আমার অনুগ্রহ প্রচুর আছে তোমার দুর্ব্বলতায় আমার বল পূর্ণ করা যায় ॥

১৩২ জি। কেননা সদাসর্ব্বক্ষণে রাজ্য ও শক্তি ও গৌরব তোমার আমিন এই কথার অর্থ কি।

উ। অর্থ এই যে আমারদের প্রার্থনা সিদ্ধ করিতে ঈশ্বরের অনেক ক্ষমতা আছে এবং আমিন বলিয়া আমরা স্বীকার করি যে আমারদের সমস্ত প্রার্থনা তিনি অবশ্য শুনিবেন।

এফে ৩। ২০,২১। সম্প্রতি যিনি আমারদের মধ্যে থাকা কর্ম্মসাধন পরাক্রমানুসারে আমারদের চাহন ও চিন্তাকরণ শক্তিহইতেও অতিশয় বিস্তর করিতে সমর্থ আছেন তাঁহাকে খ্রীষ্ট য়িশুর দ্বারা সকল পুরুষানুক্রমে অনন্তকালপর্য্যন্ত মণ্ডলীতে গৌরবের প্রশংসা হউক ॥ ১ তিমো। ১, ১৭। সম্প্রতি অনন্ত অমর অদৃশ্য রাজার অর্থাৎ অদ্বিতীয় বুদ্ধিমান ঈশ্বরের প্রতি সম্ভ্রম ও মাহাত্ম্য সদাসর্ব্বক্ষণে হউক ॥ প্রকা ২২। ২০। যিনি এ কথার প্রমাণ দেন তিনি কহেন যে অবশ্য আমি শীঘ্র আসিতেছি। আমিন হে প্রভু য়িশু আইস ॥ ১ রাজা ১। ৩৬। এবং য়িহোয়াদার পুত্র বিনায়াহ রাজাকে প্রত্যুত্তর করিয়া কহিল আমিন আমার প্রভু মহারাজের ঈশ্বর য়িহুহও তাহাই কহুন ॥

# ঈশ্বরীয় অনুগ্রহ পাইবার অসাধারণ বা বিশেষ উপায়ের বিষয়।

১৩৩ জি। ঈশ্বরের অনুগ্রহ পাইবার অসাধারণ উপায় কি।

উ। ঈশ্বরের মণ্ডলীর অধিকার অর্থাৎ সাধুলোকেরদের সাধারণভোগ ও ডুব ও প্রভুর ভজন এই।

১ য়োহ ১। ৩। আমরা যাহা দেখিয়াছি ও শুনিয়াছি তাহা তোমারদের নিকটে প্রকাশ করি যে আমারদের সহিত তোমারদের সাধারণভোগ হয় এবং এই নিশ্চয় যে আমারদের সাধারণভোগ পিতা ও তাঁহার পুত্র য়িশু খ্রীষ্টের সহিত আছে। প্রেরি ২। ৪১,৪২। তাঁহাতে যত লোক হর্ষেতে তাহার কথা গ্রহণ করিল তত লোক ডুবিত হইল এবং সেই দিন জন সহস্র তিনেক তাহারদের সঙ্গী করা গেল। এবং তাহারা প্রেরিতেরদের শিক্ষাতে ও সামঞ্জস্যে ও রুটি ভাঙ্গাতে ও প্রার্থনাতে নিত্য প্রবৃত্ত হইল॥

১৩৪ জি। ঈশ্বরের মণ্ডলী কি।

উ। স্বর্গ ও পৃথিবীস্থ যে সকল মনুষ্য ত্রাণ প্রাপ্ত হয় সে সকল ঈশ্বরের মণ্ডলী। অপর ঈশ্বরের ভজনা করণার্থ কোন এক স্থানে একত্রহওত দৃষ্টতঃ প্রত্যয়ি লোকেরদের সভা ঈশ্বরের মণ্ডলী এই।

এবরী ১২। ২২,২৩। কিন্তু তোমরা সিওন পর্ব্বত ও জীবৎ ঈশ্বরের নগর, অর্থাৎ স্বর্গীয় য়িরুশালম এবং কোটি২ দূত ও

স্বর্গে লিখিত প্রথম জাতেরদের সর্ব্বাধিষ্ঠিত সভা ও মণ্ডলী ॥ ১ করি ১। ২ করিন্তে স্থিত ঈশ্বরের মণ্ডলী অর্থাৎ খ্রীষ্ট য়িশু তে পবিত্রীকৃত পুণ্যবানরূপে খ্যাত লোক এবং প্রতিস্থানে যত লোক আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের নামে প্রার্থনা করে তিনিই তাহারদের ও আমারদের প্রভু ॥

১৩৫ জি। মণ্ডলীর লোক কি প্রকার হওঁয়া আবশ্যক।

উ। যাহারা পুনর্ব্বার জন্মিলে মন ও আচরণ দ্বারা খ্রীষ্টীয়ান লোকরূপে দেখা যায় কেবল তাহারা মণ্ডলীর উপযুক্ত লোক।

য়ও্যা ১। ১৮। তিনি আপন ইচ্ছাতে সত্যতারূপে বাক্যের দ্বারা আমারদিগকে জন্ম দিলেন যে আমরা তাঁহার সৃষ্টির একপ্রকার প্রথম ফল হই ॥ ২ করি ৬। ১৪—১৮। অপ্রত্যয়িরদের সহিত অসমান যোড়া হইও না কেননা ধর্ম্মাধর্ম্মের কি মিত্রতা এবং আলো অন্ধকারের কি সাধারণ ভাব এবং খ্রীষ্ট ও বঅলিয়ালের কি একশীলতা এবং অপ্রত্যয়ির সহিত প্রত্যয়ি কি ভাগ এবং দেবেরদের সহিত ঈশ্বরের মন্দিরের কি মিলন। কেননা যেমন ঈশ্বর কহিয়াছেন যে তাহারদের মধ্যে আমি বাস করিব এবং বেড়াইব এবং আমি তাহারদের ঈশ্বর হইব এবং তাহারা আমার লোক হইবে তেমন তোমরাই জীবৎ ঈশ্বরের মন্দির। অতএব য়িহুহ কহেন যে তাহারদের মধ্যেহইতে আইস এবং ভিন্ন হও এবং অশুচি বস্তু স্পর্শ করিও না এবং য়িহুহ সর্ব্বশক্তিমান কহেন যে তাহা হইলে তোমারদিগকে আমি গ্রহণ করিব এবং তোমারদের পিতা হইব এবং তোমরা আমার পুত্র কন্যা হইবা ॥

১৩৬ জি। মণ্ডলীর কর্ম্ম নির্ব্বাহ করণার্থে কতপ্রকার সেবক হয়।

উ। পূর্ব্বে প্রেরিত ও আচার্য্য প্রভৃতি নানাপ্রকার

ছিল, কিন্তু এইক্ষণে কেবল মঙ্গলসমাচারবক্তা ও প্রা চীন বা রক্ষক অথচ শিক্ষক ও দীকন থাকে।

এফে ৪। ১৩। পুণ্যবান লোকেরদের শুদ্ধতা পূরণের নিমিত্তে ও সেবার নিমিত্তে ও খ্রীষ্টের শরীরের পূরণের নিমিত্তে কতক জন প্রেরিত ও কতক জন আচার্য্য ও কতক জন মঙ্গলস মাচারবক্তা ও কতক জন শিক্ষক তিনি দিলেন॥ ২ তিমো ৪। ৫। কিন্তু তুমি সকল ক্রিয়াতে চৌকি দিও দুঃখ সহ মঙ্গলসমা চারবক্তার কার্য্য কর তোমার সেবাপদের পূর্ণ প্রমাণ কর॥ ১. তিমো ৩। ১। ১৩। এই কথা সত্য যে যদি কেহ অধ্যক্ষের পদাকাঙ্ক্ষা করে তবে সে জন উত্তম ক্রিয়াকাঙ্ক্ষা করে। যাহারা দীকনপদে ভদ্রাচরণ করিয়াছে তাহারা আপনার দের নিমিত্তে উত্তম পদ ও খ্রীষ্ট য়িশুবিষয়ক ভক্তিতে বড় সা হস পায়॥

১৩৭ জি। মঙ্গলসমাচারবক্তার পদ কি।

উ। পৃথিবীর নানা স্থানে ভ্রমণ করিতে২ মঙ্গল সমা চার ঘোষণা করা ও প্রত্যয়ি লোকেরদিগকে মণ্ডলী তে একত্র করাইয়া তাহারদের শিক্ষক নিযুক্ত করিয়া ধর্ম্ম পুস্তকের লিখনানুসারে সকল বিষয়েতে তাহারদি গকে স্থির করা এই মঙ্গলসমাচারবক্তার পদ।

প্রেরি ১৩। ৩,৪,৫। অতএব তাহারা উপবাস ও প্রার্থনা করি যা তাহারদের উপর হাত দিয়া তাহারদিগকে বিদায় করিল। তখন তাহারা ধর্ম্মাত্মাতে প্রেরিত হইয়া সিলুকিয়ায় গেল ও সেখানহইতে নৌকাতে কুপ্রসে গেল। পরে সালমিসে উপস্থিত হইয়া য়িহুদীয়েরদের সকল সিনগগে ঈশ্বরের কথা ঘোষণা করিল এবং য়োহনও তাহারদের সহকারী ছিল॥ তীত ১। ৬,৭,৮। অপূর্ণ যে কার্য্য সে কার্য্য সাজাইতে ও যেমন আমি তোমাকে কহিয়া নিরূপণ করিয়াছিলাম তেমন যদি কেহ নি র্দ্দোষী হয় এমন লোকেরদিগকে প্রতিশহরে প্রাচীনেরদের পদে নিযুক্ত করিতে তোমাকে আমি ক্রেতে রাখিলাম॥

১৩৮ জি। শিক্ষকের পদ কি।

উ। ঈশ্বরের মণ্ডলীর রক্ষা ও শাসন করা এবং প্রকাশরূপে ও ঘরে২ ঈশ্বরের বাক্য ঘোষণা করা এই শিক্ষকের পদ।

পিত ৫। ২,৩। ঈশ্বরের যে পাল তোমারদের মধ্যে আছে তাহার রক্ষাকরণপদ অন্যের জোরেতে গ্রহণ না করিয়া কিন্তু স্বেচ্ছাপূর্ব্বক গ্রহণ করিয়া সমল লোভার্থে নয় কিন্তু ব্যগ্রমনেতে গ্রহণ করিয়া এবং অধিকারের উপরে প্রভুত্বকারিরদের মত নয় কিন্তু পালের আদর্শের ন্যায় হইয়া সে পালকে চরা ও॥ ১ তিমো ৫। ১৭। যে প্রাচীনেরা ভালরূপে শাসন করে তাহারা দ্বিগুণ সম্ভ্রমযোগ্য গণিত হউক বিশেষতঃ বাক্যেতে ও শিক্ষাতে শ্রম কারিরা॥ প্রেরি ২০। ২১। কিন্তু প্রকাশিতরূপে ও ঘরে২ য়িহুদী ও গ্রীক এই দুই প্রকার লোকের নিকটে ঈশ্বরের প্রতি পরামনন ও আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের প্রতি বিশ্বাসের আবশ্যকের প্রমাণ দিতে২ তোমারদিগকে যেরূপ জানাইলাম ও শিক্ষা করাইলাম এই২ সকল তোমরা জান॥

১৩৯ জি। শিক্ষকের লোক কি প্রকার হওয়া আবশ্যক।

উ। তাবৎ আচরণেতে অতিপবিত্র নমুনারূপ হওয়া এবং আপনারদের ভারী কর্ম্ম সম্পন্ন করিবার যোগ্য ও নিত্য প্রস্তুত হওয়া এই তাহারদের আবশ্যক।

১ তিমো ৩। ১—৭। এই কথা সত্য যে যদি কেহ অধ্যক্ষের পদাকাঙ্ক্ষা করে সে জন উত্তম ক্রিয়াকাঙ্ক্ষা করে অতএব প্রয়োজন আছে যে অধ্যক্ষ নির্দ্দোষী এক স্ত্রীর স্বামী চৌকিশীল সল্লোক সদাচারী আতিথ্যশীল শিক্ষা করাইতে যোগ্য হয়। মদিরাপানশীল নয় মারক নয় সকল লভ্য লোভী নয় কিন্তু সহিষ্ণু ও নির্ব্বিরোধ হয় ধনলোভী নয় আপন বালকেরদিগকে বশ করিয়া সর্ব্বতোভাব গাম্ভীর্য্যেতে আপন বাটীর

সুশাসক হয়। কেননা কেহ যদি আপন বাটীর কর্ত্তৃত্ব করিতে পারে না তবে সে জন ঈশ্বরের মণ্ডলীর ক্রিয়ার চিন্তা কেমন করিবে। অল্প কাল ভক্তও নয় পাছে অহঙ্কারেতে মত্ত হইয়া সে শয়তানের দোষে পড়ে। বহির্ভূত লোকেরদেরও কাছে তাহার সুখ্যাত হওয়ার আবশ্যক আছে পাছে অপমানেও শয়তানের ফাঁদে পড়ে॥

১৪০ জি। শিক্ষকের প্রতি মণ্ডলীর লোকেরদের কি কর্ত্তব্য।

উ। তাহার উপদেশেতে বশীভূত হইয়া তাহার ক্রিয়াপ্রযুক্ত অতিসমাদরপূর্ব্বক তাহাকে উপযুক্ত প্রদানকরণ এই মণ্ডলীর লোকেরদের কর্ত্তব্য।

এবরী ১৩। ১৭। যাহারা তোমারদের উপরে কর্ত্তৃত্ব করে তাহারদিগকে মান এবং তাহারদের বশীভূত হও কেননা আপন কার্য্যের ভাল মন্দ যাহারদের বক্তব্য হয় তাহারদের মত তাহারা তোমারদের আত্মার চৌকী দেয় যে তাহারা সানন্দ হইয়া এবং দুঃখযুক্ত না হইয়া তাহা করে কেননা তাহা তোমারদের অফলদ হয়॥ ১ তেসলো ৫। ১২,১৩। হে ভ্রাতারা আমরা এ মিনতি করি যে তোমারদের মধ্যে যাহারা শ্রম করে ও প্রভুতে তোমারদের উপরে হয় এবং তোমারদিগকে অনুযোগ করে তাহারদিগকে জান। এবং তাহারদের ক্রিয়াপ্রযুক্ত তাহারদিগকে প্রেম করিয়া বড় আদর কর এবং পরস্পর নির্ব্বিরোধ হও॥ ১ তিমো ৫। ১৭, ১৮। যে প্রাচীনেরা ভালরূপে শাসন করে তাহারা দ্বিগুণ সম্ভ্রমযোগ্য গণিত হউক বিশেষতঃ বাক্যেতে ও শিক্ষাতে শ্রম কারিরা। কেননা ধর্ম্মগ্রন্থে ইহা বলে শস্যমাড়া গরুর মুখ বাঁধিও না এবং মজুর আপন মজুরীযোগ্য॥ ১ করি ৯। ১১। আমরা যদি তোমারদের প্রতি পারমার্থিক বস্তু বুনিয়া থাকি তবে এ কি বড় বিষয় যে আমরা তোমারদের সাংসারিক বস্তুরূপ ফল পাই॥

১৪১ জি। দীকনের পদ কি।

উ। মণ্ডলীর তাবৎ সাংসারিক বিষয়ের রক্ষণ করা বিশেষতঃ মণ্ডলীর দরিদ্র লোকেরদিগকে প্রতিপালন করা এই দীকনের পদ।

প্রেরি ৬। ১—৪। সে কালে শিষ্যেরা অতিবর্দ্ধিত হইলে প্রাত্যহিক দানকালে গ্রীকেরদের বিধবারা উপেক্ষিত হওয়াপ্রযুক্ত এবরীয়েরদের সহিত গ্রীকেরদের বিবাদ হইল। তাহাতে সে দ্বাদশ জন শিষ্যেরদের মণ্ডলীকে ডাকিয়া কহিল যে ঈশ্বরের কথা ছাড়িয়া মেজের কার্য্য করণ আমারদের উচিত নয়। অতএব হে ভ্রাতারা যাহারদিগকে এ কার্য্যে আমরা নিযুক্ত করিতে পারে সুখ্যাত অথচ ধর্ম্মাত্মাতে ও জ্ঞানেতে পূর্ণ এমন সাত জনকে আপনারদের হইতে পসন্দ করিয়া লও। কিন্তু আমরা প্রার্থনা ও বাক্যঘোষণারূপ সেবাতে নিত্য উদ্যোগী থাকিব॥

১৪২ জি। দীকন লোক কি প্রকার হওয়া আবশ্যক।

উ। সকল বিষয়েতে উত্তম অর্থাৎ ভাই লোকেরা পসন্দ ও আদর ও প্রেম করিতে পারে এমন যে লোক হওয়া তাহারদের আবশ্যক।

১ তিমো ৩। ৮—১৩। আবশ্যকও আছে যে দীকনেরা গম্ভীর অদ্বিজিহ্ব অনেক মদিরা পানশীল নয় সকল লভ্যলোভী নয় ও নির্ম্মল মনে খ্রীষ্টের ধারার তত্ত্বগ্রাহক। ইহারাও প্রথমে পরীক্ষিত হউক তারপর নির্দ্দোষী জানা গেলে দীকন পদে ব্যাপার করুক। আবশ্যকও আছে যে তাহারদের স্ত্রীও গম্ভীরা অপরিবাদিকা সল্লোকা ও সর্ব্ব ক্রিয়াতে বিশ্বস্যা হয়। দীকনেরা এক স্ত্রীর স্বামী এবং আপন বালক ও বাটীর সুশাসক হউক। কেননা যাহারা দীকনপদে ভদ্রাচরণ করিয়াছে তা

হারা আপনারদের নিমিত্তে উত্তম পদ ও খ্রীষ্ট য়িশুবিষয়ক ভক্তিতে বড় সাহস পায়॥

## খ্রীষ্টীয়ান ডুববিষয়।

১৪৩ জি। খ্রীষ্টীয়ান ডুব কি।

উ। পিতা ও পুত্র ও ধর্ম্মাত্মার নামে জলে মগ্ন হওয়া এই খ্রীষ্টীয়ান ডুব।

মাতি ২৮। ১৯। অতএব তোমরা যাইয়া সকল দেশীয়ের দিগকে পিতা ও পুত্র ও ধর্ম্মাত্মার নামে ডুব দেওয়াওত॥

১৪৪ জি। জলে মগ্ন হওয়াব্যতিরেকে খ্রীষ্টীয়ান ডুব হইতে পারে কি না।

উ। না কেননা বাপটাইজ এই যে গ্রীক কথা সে কথার ঠিক অর্থ ডুব এবং ডুব দেওয়াওত য়িশু খ্রীষ্টের প্রেরিতেরা বাপ্‌টাইজ করাইতেন।

লুক ১২। ৫০। কিন্তু আমাকে এক ডুবেতে ডুবিত হইতে হয় তাহা পূর্ণ না করণপর্য্যন্ত আমি কিবা ক্লিষ্ট॥ ৬৯গীত ২। যে গভীর কর্দ্দমেতে দাঁড়াইবার স্থল নাই তাহাতে আমি ডুবিয়া রহিয়াছি আমি গভীর জলে আসিয়াছি এবং বন্যা আমাকে ঢাকিয়াছে॥ যোহ ৩। ২৩। য়োহনও শালোমের নিকটস্থ আইনোনে ডুব দেওয়াইতেছিল কেননা অনেক জল সেখানে॥ প্রেরি ৮। ৩৮। তখন রথ স্থগিত করিতে সে আজ্ঞা করিল এবং ফিলিপ ও খোজা এই দুই জন জলে নামিলে পর সে তাহাকে ডুব দেওয়াইল॥ মাতি ৩। ১৬। তৎপরে য়িশু ডুবিত হইয়া জলহইতে উঠিলেন॥ রোম ৬। ৪। অতএব

আমরা তাঁহার মরণের উদ্দেশে ডুবিত হওয়াতে তাহার সহিত কবরে পোতা হই ॥

১৪৫ জি। কি প্রকার লোকের ডুব দেওয়া উপযুক্ত।

উ। যাহারা পাপপ্রযুক্ত পরামনন করে ও মঙ্গল সমাচারে বিশ্বাস করে কেবল তাহারদের।

প্রেরি ॥ ২। ৩৮। পিতর তাহারদিগকে বলিল পরামনন কর ও পাপমোচনের কারণ প্রতিজন যিশু খ্রীষ্টের নামে ডুবিত হও তাহাতে ধর্ম্মাত্মারূপ দান পাইবা ॥ প্রেরি ৮। ৩৬, ৩৭। তাহারা যাইতে২ জলের এক স্থানে উত্তরিল তখন খোজা কহিল যে দেখ এখানে জল আছে আমার ডুবিত হইবার আটক কি। ফিলিপ কহিল তুমি সর্ব্বান্তঃকরণের সহিত যদি প্রত্যয় কর তবে হইতে পারিবে ॥

১৪৬। জি। খ্রীষ্টীয়ান লোকেরদের অতিশিশু বালকেরদিগের ডুব দেওয়া উচিত কি না।

উ। না যেপর্য্যন্ত তাহারা পরামনন না করে ও মঙ্গল সমাচারে বিশ্বাস না করে সেপর্য্যন্ত তাহারদের ডুব কদাচ উচিত নয়।

রোম ৯। ৮। তাহার তাৎপর্য্য এই যাহারা শারীরিক সন্তান তাহারা ঈশ্বরের সন্তান নয় কিন্তু প্রতিজ্ঞাতে উৎপন্ন সন্তানেরা বংশরূপে গণিত হয় ॥ লুক ৩। ৮। অতএব পরামননের উচিত ফলোৎপন্ন কর এবং অবরাহাম আমারদের পিতা এ কথা কহিতে মনে করিও না কেননা তোমারদিগকে আমি কহি যে অবরাহামের শিশুরদিগকে এই২ পাথরহইতে ঈশ্বর উৎপন্ন করিতে পারেন ॥ ২ করি ৫। ১৬, ১৭। অতএব শরীরের মত আমরা ইহার পরে কাহাকে জানি না। এবং শরীরের মত খ্রীষ্টকে জানিয়াও এখন তাঁহাকে এঅবধি আমরা জানি না। অতএব যদি কেহ খ্রীষ্টে হয় তবে সে জন নূতন সৃষ্টি হয় পুরাতন বিষয় বহিয়া গিয়াছে সকলে নূতন হইয়াছে ॥

১৪৭ জি। য়িশু খ্রীষ্টের প্রেরিতেরা নানা পরিবা রেরদিগকে কি ডুব দেওয়ান নাই।

উ। হাঁ বটে কিন্তু ঐ পরিবারের মধ্যে যে অতি ক্ষুদ্র বালক ছিল এমত লিখিত নাই বরং সেই পরি বারেরা প্রত্যয়ী ছিল এবং ঈশ্বরের বাক্যদ্বারা আ নন্দ ও সান্ত্বনা পাইল। কিন্তু ইহা অতিছোট বালকের দের অসম্ভব।

প্রেরি ১৬।৩৪.৪০। পরে আপন ঘরে তাহারদিগকে আনিয়া খাইতে দিল এবং আপন পরিবার সকল লোকসুদ্ধ ঈশ্বরেতে প্রত্যয় করিয়া উল্লষিত হইল। তাহারা কারাগার হইতে যাইয়া লুদিয়ার বাড়ীতে প্রবেশ করিল পরে ভ্রাতারদি গকে দেখিয়া ও সান্ত্বনা করিয়া সেখানহইতে গেল॥ প্রেরি ১৮।৮। কিন্তু কৃষপস নামে সিনগগের কর্ত্তা সপারবারে প্রভু তে বিশ্বাস করিল॥

১৪৮ জি। অবরাহামসম্বন্ধীয় নিয়মপ্রযুক্ত ক্ষুদ্র বা লকেরা ডুবিত হইতে পারে কি না।

উ। না যেহেতুক ঐ নিয়ম কেবল অবরাহাম ও তাহার সন্তানেরদের সহিত নিরূপিত ছিল কিন্তু আম রা অবরাহামের প্রত্যয়ভাগী না হইলে তাহার সন্তান কখন হইতে পারি না।

গালা ৩। ৭,২৭,২৯। অতএব প্রত্যয়াবলম্বিরাই অবরা হামের সন্তান। যেহেতুক তোমারদের মধ্যে যত লোক খ্রীষ্টে ডুবিত ছিল তত লোক খ্রীষ্টকে পরিধান করিয়াছে। এবং খ্রীষ্টের লোক যদি তোমরা হও তবে অবরাহামের সন্তান বটে এবং প্রতিজ্ঞানুসারে অধিকারী॥

১৪৯ জি। পূর্ব্বে ক্ষুদ্রবালকেরদের ত্বক্‌ছেদ ছিল অতএব এইক্ষণে তাহারা ডুবিত হইতে না পারে কেন।

উ। ধর্ম্মপুস্তকের মধ্যে ক্ষুদ্র বালকেরদের ডুব দেওন বিষয়ে কিছুমাত্র লিখিত নাই।

হিতোপ ৩০। ৬। তাঁহার বাক্যের সহিত কিছু মিশাইও না পাছে তোমাকে ধমকান ও তুমি মিথ্যা বক্তারূপে যানা যাও॥

১৫০ জি। প্রত্যয়িলোকেরদের ডুবিত হওয়ার কারণ কি।

উ। মণ্ডলীর রাজা অর্থাৎ প্রভু য়িশু খ্রীষ্ট আপন শিষ্যেরদের প্রতি ঐ নিয়ম করিয়াছেন।

মাতি ৩। ১৩—১৫। সে কালে য়িশু গালিলিহইতে য়রদনে য়োহনের দ্বারা ডুবিত হইবার জন্যে তাহার নিকটে গেলেন। কিন্তু য়োহন এ কথা কহিয়া তাঁহাকে নিষেধ করিল যে তোমার হাতে ডুবিত হওনের আবশ্যক আমার আছে এবং তুমি কি আমার নিকটে আসিতেছ। য়িশু প্রত্যুত্তর করিয়া তাহাকে বলিলেন যে এখন এমত হইতে দেহ কেননা সকল ধর্ম্মের পূর্ণকরা আমারদের উচিত কার্য্য তখন সে তাহা করিতে তাঁহাকে দিল॥

১৫১ জি। খ্রীষ্টীয়ান ডুবিত হওয়াতে কি প্রকাশিত হয়।

উ। মৃত্যু ও কবর ও পুনরুত্থানেতে প্রভু য়িশু খ্রীষ্টের সহিত সাধারণ ভোগ অপরি পাপের মোচন ও ধর্ম্মাত্মারূপ দান ও পরম পুনরুত্থানের ভরসা এই সকল যে ডুবিত ব্যক্তিরদের আছে এবং নূতন সদাচরণ যে তাহারদের অতিকর্ত্তব্য এই ডুবেতে জানা যায়।

রোম ৬। ৩,৪। তোমরা কি জান না যে আমারদের মধ্যে যত লোক খ্রীষ্টের উদ্দেশে ডুবিত ছিল তত লোক তাঁহার মরণের উদ্দেশে ডুবিত ছিল। অতএব আমরা তাঁহার মরণের উদ্দেশে ডুবিত হওয়াতে তাঁহার সহিত কবরে পোতা হই যে যেমন পিতার মহিমাতে খ্রীষ্ট মৃত্যুহইতে উত্থাপিত ছিলেন, তেমনও আমরা নূতনাচার করি॥ প্রেরি ২২। ১৬। এবং এখন কেন বিলম্ব কর উঠ ডুবিত হও এবং প্রভুর নামে প্রার্থনা

স্মরত আপন পাপ ধুইয়া ফেল॥ প্রেরি ২। ৩৮। পিতর তাহারদিগকে বলিল পরামনন কর ও পাপমোচনের কারণ প্রতিজন যিশু খ্রীষ্টের নামে ডুবিত হও তাহাতে ধর্ম্মাত্মারূপে দান পাইবা॥ রোম ৬। ১,২। অতএব আমরা কি বলিব বলি যে অনুগ্রহের বাহুল্য হইবার জন্যে আমরা কি পাপাচরণ করিব তাহা না হউক পাপের প্রতি মৃত যে আমরা কেমন করিয়া আমরা তাহাতে আচরণ করিব॥ ১ করি ১৫। ২৯। মৃতেরা না উঠিলে যাহারা মৃতেরদের স্থানে ডুবিত হয় তাহারা কি করিবে তাহা না হইলে তাহারা মৃতেরদের স্থানে কেন ডুবিত হয়॥ রোম ৬। ৫। যদি তাঁহার মরণের মত আমরা একত্র রোপিত হইয়াছিলাম তবে তাঁহার পুনরুত্থানরূপে হইব॥

## প্রভুর ভোজনবিষয়।

---

১৫২ জি। প্রভুর ভোজন কি।

উ। প্রভু যিশুখ্রীষ্টের মৃত্যু স্মরণার্থে ঈশ্বরীয় লোকেরদের রুটি ভক্ষণ ও দ্রাক্ষারস পানকরণ এই প্রভুর ভোজন।

১ করি ১১। ২৩। কেননা যাহা তোমারদের নিকটে সমর্পণ করিয়াছিলাম তাহা আমি প্রভুহইতে পাইলাম তাহা এই প্রভু যিশু যে রাত্রিতে পরহস্তগত হইলেন সেই রাত্রিতে রুটি লইয়া ধন্যবাদ করিয়া ভাঙ্গিয়া কহিলেন যে লও খাও তোমারদের কারণ ভাঙ্গা আমার শরীর এই আমার স্মরণকরণের নিমিত্তে ইহা কর। সেমত ভোজন করিলে পর তিনি পেয়ালাও লইয়া এ কথা কহিলেন আমার রক্তেতে সিদ্ধ নূতন নিয়ম এই যত

বার তোমরা ইহা পান কর ততবার আমার স্মরণের নিমিত্তে তাহা কর ॥

১৫৩ জি। প্রভুর ভোজনেতে কি প্রকাশিত হয়।

উ। প্রভু যিশু খ্রীষ্টকর্ত্তৃক যে মহাপ্রায়শ্চিত্ত এবং খ্রীষ্টীয়ানেদের পরস্পর ও ঈশ্বরের সহিত একশীলতার সাধারণ ভোগ এই প্রকাশিত হয়।

মাতি ২৬। ২৮। নূতন নিয়ম দৃঢ়কারী আমার যেরক্ত পাপ মোচনের জন্যে অনেকের কারণ পাতিত হয় তাহা এই ॥ ১ করি ১০। ১৬, ১৭। যে আশীর্ব্বাদরূপ পেয়ালা আমরা আশীর্ব্বাদ করি তাহা কি খ্রীষ্টের রক্তের পেয়ালার সাধারণ ভোগ নয় যে রুটি আমরা ভাঙ্গি তাহা কি খ্রীষ্টের শরীরের সাধারণ ভোগ নয়। যেহেতুক আমরা অনেক হইয়া এক রুটি ও এক শরীর হই কেনন আমরা সকলে সে এক রুটির ভাগী ॥

১৫৪ জি। এই ভোজনের প্রয়োজন কি।

উ। যেপর্য্যন্ত প্রভু যিশু খ্রীষ্ট পুনরাগমন না করেন সেইপর্য্যন্ত তাঁহার মৃত্যুর স্মরণ করণের নিমিত্তে এই ভোজন স্থাপিত হয়।

লূক ২২। ১৯। পরে রুটি লইয়া তিনি স্তব করিয়া ভাঙ্গিলেন এবং এই তোমারদের কারণ দত্ত আমার শরীর ইহা আমার স্মরণার্থে কর এই কথা কহিয়া তাহারদিগকে দিলেন ॥ ১ করি ১১। ২৬। কেননা তোমরা যতবার এ রুটি ভোজন কর ও এ পেয়ালা পান কর ততবার প্রভুর আগমন না হওয়া পর্য্যন্ত তোমরা তাঁহার মরণ প্রকাশ কর ॥

১৫৫ জি। এইরূপ ভোজনকরা কি প্রকার লোকেরদের কর্ত্তব্য।

উ। যাহারা সত্যরূপে খ্রীষ্টীয়ান হইয়া ঈশ্ব

রের তাবৎ আজ্ঞাপালন করত কাল যাপন করিয়া থাকে কেবল এমত লোকেরদের কর্ত্তব্য।

১ করি ১০। ২১। তোমরা প্রভুর পেয়ালা এবং দেবতারদের পেয়ালা এই দুইতে পীতে পার না তোমরা ঈশ্বরের মেজ ও দেবতারদের মেজ এই দুয়ের ভাগী হইতে পারিবা না॥ ১ করি ৫। ৭, ৮। অতএব যেমন তোমরা অখমির আছ তেমন তোমারদের এক নূতন তাল হওয়ার কারণ পুরাতন খমির দূর কর। কেননা আমারদের হিতার্থে আমারদের পেসাখরূপ খ্রীষ্ট বলীকৃত হইয়াছেন অতএব আমরা পর্ব্ব পালন করি পুরাতন খমির এবং হিংসেচ্ছা ও দুর্মতিরূপ খমিরেতে তাহা নয় কিন্তু অপ্রতারণা ও সত্যতারূপ অখমিরী রুটিতে পালন করি॥

১৫৬ জি। এইরূপ ভোজনের পূর্ব্বে আমারদের কি কর্ত্তব্য।

উ। আপনারদের তাবৎ পারমার্থিক বিষয় বিচার করণ ও সমস্ত পাপহইতে পৃথক হওন এই অতি কর্ত্তব্য।

১ করি ১১। ২৮। কিন্তু মনুষ্য আপনাকে বিচার করুক তাপের এ রুটি ভোজন ও এ পেয়ালা পান করুক॥ ২ করি ১৩। ৫। তোমরা প্রত্যয়ী বটে কি না এ বিষয়ে আপনারদিগকে আপনারা বিচার কর আপনারদের পরীক্ষা কর তোমরা কি জান না যে তোমরা যদি অনুপাদেয় না হও তবে খ্রীষ্ট তোমারদের মধ্যে আছেন॥ মাতি ৫। ২৩, ২৪। অতএব যজ্ঞবেদির কাছে তোমারদের দেয় বস্তু আনিয়া তোমার প্রতিকূলে তোমার ভ্রাতার কিছু থাকে সেখানে যদি ইহার স্মরণ কর তবে বেদির সম্মুখে তোমার দেয় বস্তু রাখিয়া যাও এবং প্রথমে আপন ভ্রাতার সহিত মিল তারপর আসিয়া তোমার দেয় দ্রব্য নিবে

দন কর॥ ২৬ গীত। ৬। আমি নিরপরাধিত্বে হাত ধুইব সে মত হে য়িহুহ তোমারদের যজ্ঞবেদি আমি প্রদক্ষিণ করিব॥

১৫৭ জি। প্রভুর ভোজনকরণসময়ে কর্ত্তব্য কি।

উ। পাপের বিষয়ে অনুতাপকরণ ও প্রভু য়িশু খ্রীষ্টের মহাপ্রেমের বিষয় মনে করিয়া তাঁহাতে দৃঢ় বিশ্বাস করণ ও অভিনম্র মন হইয়া ঈশ্বরের পরমদয়া প্রযুক্ত কৃতজ্ঞতা স্বীকার করণ এই সকল কর্ত্তব্য।

জিখ ১২। ১০। এবং আমি দাউদের বংশের উপরে ও য়িরুশালমনিবাসিরদের উপরে অনুগ্রহে ও প্রার্থনার আত্মা ঢালিব এবং তাহারদেরকর্ত্তৃক বিদ্ধ আমার উপরে তাহারা অবলোকন করিবে এবং এক পুত্রের বিষয়ে যেমন কেহ শোক করে তেমন আমার জন্যে শোক করিবে ও প্রথম জাতপুত্রের বিষয়ে যেমন কেহ তিক্তমনা হয় তেমন আমার জন্যে তিক্তমনা হইবে॥ য়োহ ৬। ৩৫। য়িশু তাহারদিগকে কহিলেন যে আমিই জীবনদায়ি ভক্ষ্য যে কেহ আমার নিকটে আইসে সে কখনও ক্ষুধিত হইবে না ও যে কেহ আমায় বিশ্বাস করে সে কখনও তৃষিত হইবে না॥ ৬৩ গীত। ৩,৪। তোমার কৃপা জীবনহইতে বড় তন্নিমিত্তক আমার ওষ্ঠাধর তোমার স্তুতি করিবে। সে মত আমার পরমায়ুঃ যাবৎ থাকে তাবৎ তোমাকে ধন্য২ কহিব তোমার নামে আমি হাত তুলিব॥ এবরী ১২। ২৮। অতএব অকম্পয়িতব্য এক রাজ্য পাইয়া আমরা সম্মান ও ঈশ্বরের সেবাতে উচিত ভয় করিয়া সুগ্রাহ্যরূপে ঈশ্বরের সেবা যাহাতে করিতে পারি এই অনুগ্রহ পাই॥

১৫৮ জি। এইরূপ ভোজন বারম্বার করা কর্ত্তব্য কি না।

উ। হাঁ৹ কেননা ধর্ম্মপুস্তকে লিখিত আছে যে প্রথম খ্রীষ্টীয়ান লোকেরা প্রভুর ভোজন করিবার নিমিত্তে পুনঃপুনঃ একত্র হইল।

১করি ১১। ২৬। কেননা তোমরা যতবার এ রুটি ভোজন কর এ পেয়াল পান কর ততবার প্রভুর আগমন না হওয়া পর্য্যন্ত তোমরা তাঁহার মরণ প্রকাশ কর॥ প্রেরি ২০। ৭। সপ্তাহের প্রথম দিনে শিষ্যেরা রুটি ভাঙ্গিতে একত্র হইল॥ প্রেরি ২। ৪২। এবং তাহারা প্রেরিতেরদের শিক্ষাতে ও সামঞ্জস্যে ও রুটি ভাঙ্গিতে ও প্রার্থনাতে নিত্য প্রবৃত্ত হইল॥

১৫৯ জি। অনুচিতরূপে যদি আমরা এই ভোজন করি তবে কি ফল হইবে।

উ। তাহাতে আমারদের বড় পাপ ও তৎপ্রযুক্ত আমরা ঈশ্বরের ক্রোধপাত্র হইব।

১ করি ১১। ২৯, ৩০। কেননা কেহ যদি অযোগ্যরূপে ভোজন পান করে তবে সে জন প্রভুর শরীর আলোচনা না করিয়া আপন কারণ শাস্তির ভোজনপান করে এইহেতুক তোমারদের মধ্যে অনেক লোক দুর্ব্বল ও পতিত হয় এবং কেহ নিদ্রিত।

## মণ্ডলীর শাসনবিষয়।

---

১৬০ জি। মণ্ডলীর লোকেরদের পরস্পর কর্ত্তব্য কর্ম্ম কি।

উ। ঈশ্বরের ভয়েতে পরস্পর বশীভূত হইয়া প্রেম পূর্ব্বক এক জন অন্যজনের চৌকি দিয়া উত্তরোত্তর পরস্পর ধর্ম্মবৃদ্ধি চেষ্টা করণ এই কর্ত্তব্য।

১ পিত ৫। ৫। হে যুবকেরা তোমরা প্রাচীনেরদের বশীভূত

হয় এবং সকলেও পরস্পর বশীভূত হও এবং নম্রতাতে বিরি হিত হও কেননা ঈশ্বর অহঙ্কারিরদের বৈপরীত্য করেন কিন্তু নম্র লোকেরদের প্রতি অনুগ্রহ করেন ॥ য়োহ ১৩। ৩৪,৩৫। এক নূতন আজ্ঞা তোমারদিগকে আমি দি পরস্পর প্রেম কর। যেমত আমি তোমারদিগকে প্রেম করিয়াছি সেমত তোমরা এক জন আর এক জনকে প্রেম কর। তোমারদের এমত পর স্পর প্রেম করণদ্বারা সকলে জানিবে যে তোমরাই আমার শিষ্য ॥ ১ তেস ৫। ১১। অতএব যেমত তোমরা কর তেমন আপনারদিগকে পরস্পর সান্ত্বনা কর ও উত্তরোত্তর পরস্পর ধর্ম্মবৃদ্ধি কর ॥

১৬১ জি। যাহারা অল্পপ্রত্যয়ী তাহারদের প্রতি আমারদের কি কর্ত্তব্য।

উ। তাহারদিগকে তুচ্ছ না করিয়া বরং ক্ষমা ও স্নেহপূর্ব্বক গ্রহণ করা উচিত।

মাতি ১৮। ১০। সাবধান তোমরা এ ক্ষুদ্র লোকেরদের এক জনকেও তুচ্ছ করিও না কেননা তোমারদিগকে আমি বলি যে স্বর্গে তাহারদের দূতেরা আমার স্বর্গীয় পিতার মুখ সর্ব্বদা অবলোকন করে ॥ রোম ১৪। ১। যে জন দুর্ব্বলপ্রত্যয় তাহাকে গ্রহণ কর কিন্তু অনিশ্চিত বাদানুবাদের কারণ নয় ॥ রোম ১৫। ১,২। অতএব বলবান যে আমরা দুর্ব্বলেরদের দৌর্ব্বল্য সহা এবং আপনারদের তুষ্টি না করা আমারদের কর্ত্তব্য আমারদের মধ্যে প্রতিজন হিতের নিমিত্তে আপন নিকটস্থের তুষ্টি করুক ॥

১৬২ জি। যাহারা পরীক্ষাইত্যাদির দ্বারা দুঃখী হয় তাহারদের প্রতি আমারদের কি উচিত।

উ। তাহারদের সান্ত্বনা ও উপকার করা কর্ত্তব্য।

রোম ১২। ১৫। আনন্দকারিরদিগের সহিত আনন্দকর ও ক্রন্দনকারিরদিগের সহিত ক্রন্দন কর॥ ১ তেসলো। ৫। ১৪। হে ভ্রাতারা সম্প্রতি আমরা তোমরদিগকে এই উপদেশ করি যাহারা দুর্ব্বিনীত তাহারদিগকে অনুযোগ কর দুর্ব্বলমনারদিগকে সান্ত্বনা কর দুর্ব্বলেরদিগকে ধরিয়া রাখ সকল লোকেরদের প্রতি সহিষ্ণু হও॥ ১ তেসলো ৪। ১৮। অতএব এই কথাকহনেতে আপনারদিগকে পরস্পর সান্ত্বনা কর॥

১৬৩ জি। দরিদ্র লোকেরদের প্রতি আমারদের কি করা উচিত।

উ। দরিদ্র লোকেরদের দীনহীনতার যথাসাধ্য নিবারণ করত তাহারদের প্রতি সত্যপ্রেম প্রকাশ করা উচিত।

১ য়োহন ৩। ১৭,১৮। কিন্তু এ সংসারের ধনে ধনী যে জন আপন ভ্রাতার দীনতা দেখিয়াও আপনার দয়া তাহার প্রতি রুদ্ধ করে সেই জনের মধ্যে ঈশ্বরের প্রেম কেমন করিয়া থাকে। হে আমার ছোট বালকেরা আমরা বাক্য কিম্বা জিহ্বা মাত্রে প্রেম না করি কিন্তু ক্রিয়াতে ও সত্যতাতে॥ রোম। ১২। ১৩। পুণ্যবানেরদের দীনতা খণ্ডনার্থে ব্যয়শীল এবং আতিথ্য করিতে প্রস্তুত হও॥

১৬৪ জি। যদি কোন ভাই আমার নিকটে কোন প্রকার দোষ করিয়া থাকে তবে তাহার বিষয়ে আমার কি কর্ত্তব্য।

উ। একাকী তাহার নিকটে গিয়া প্রেমপূর্ব্বক তাহার দোষ গুপ্ত ও বিশ্বস্তরূপে তাহাকে কহা কর্ত্তব্য।

লেব ১৯। ১৭। মনেতে তুমি আপন ভ্রাতাকে ঘৃণা করিও না কোন্ প্রকারে তুমি আপন প্রতিবাসিকে অনুযোগ কর এবং তাহার উপরে পাপ আসিতে দিও না॥ মাতি ১৮। ১৫

যদি তোমার ভ্রাতা তোমার বিরুদ্ধ কোন দোষ করিয়া থাকে তবে যাইয়া তুমি ও সে কেবল থাকিলে তাহার ঘাইট তাহা কে কহ যদি সে তাহা স্বীকার করে তবে তুমি আপন ভ্রাতাকে ভালরূপে পাইয়াছ॥ লুক ১৭। ৩। সাবধান হও তোমার ভাই যদি তোমার বিপরীতে পাপ করে তবে তাহাকে অনু যোগ কর এবং যদি পরামনন করে তবে তাহাকে মাফ কর॥

১৬৫ জি। যদি সে পরামনন করে তবে কি উচিত।

উ। তাহাকে মাফ করা ও তাহার দোষ আর কখন স্মরণ না করা উচিত।

লুক ১৭। ৩,৪। তোমার ভাই যদি তোমার বিপরীতে পাপ-করে তবে তাহাকে অনুযোগ কর এবং যদি পরামনন করে তবে তাহাকে মাফ কর এবং যদি দিনে সাতবারও তোমার বিপরীতে পাপ করে ও সাতবার তোমার প্রতি ফিরিয়া বলে যে আমি পরমনন করি তবে তাহাকে মাফ করি॥ কলসী ৩। ১৩। যদি কাহার সহিত কাহার বিরোধ থাকে তবে-যেমন খ্রীষ্ট তোমারদিগকে মাফ করিলেন তেমন তোমরা অন্যান্যকে মাফ কর॥ এফেস ৪। ৩২। যেমন খ্রীষ্টহেতুক ঈশ্বর তোমার দিগকে ক্ষমা করিয়াছেন তেমন তোমরা-পরস্পর ক্ষমাবান হও॥

১৬৬ জি। যদি সে আপন দোষ স্বীকার না করে তবে কি আবশ্যক।

উ। অপর দুই তিন জনকে সঙ্গে লইয়া তাঁহার দোষের বিষয়ে তাহাকে আরবার কহা আবশ্যক।

মাত্তি ১৮। ১৬। কিন্তু যদি তাহা স্বীকার না করে তবে দুই তিন জনকে সঙ্গে লও যে প্রত্যেক বাক্য দুই তিন সাক্ষির মুখেতে স্থির হয়॥ দ্বিবা। ১৯। ১৫। কোন অযাথার্থ্যপ্রযুক্ত

কিম্বা মনুষ্যকৃত কোন পাপপ্রযুক্ত এক সাক্ষী কোন মনুষ্যের প্রতিকূলে না উঠুক দুই সাক্ষির মুখেতে কিম্বা তিন সাক্ষির মুখেতে মোকদ্দমা স্থির হইবে ॥

১৬৭ প্রি। যদি সে তাহারদের কথা না শুনে তবে কি উচিত।

উ। বিচার করিবার নিমিত্তে মণ্ডলীকে সে বিষয় কহা আবশ্যক।

মাতি ১৮। ১৭। কিন্তু যদি তাহারদের বাক্যশ্রবণ উপেক্ষা করে তবে মণ্ডলীকে বল ॥ প্রেরি ১৫। ৬। তখন প্রেরিতেরা ও প্রাচীন লোকেরা এ বিচার করিতে সভাস্থ হইল ॥ ১ করি ৬। ১,২। কোন লোকের উপর যদি তোমারদের কাহারো মোকদ্দমা থাকে তবে পুণ্যবানেরদের নিকটে ফরিয়াদ না করিয়া অধার্ম্মিকেরদের নিকটে ফরিয়াদ করাতে তোমারদের কি কিছু ভয় নাই। তোমরা কি জান না যে পুণ্যবান লোকেরা জগতের বিচার করিবে অতএব যদি তোমাকর্ত্তৃক জগতের বিচার হবে তবে অতিক্ষুদ্র মোকদ্দমার বিচার করিতে তোমরা কি যোগ্য নহ ॥

১৬৮। যদি সে মণ্ডলীর বাক্য না শুনে তবে কি।

উ। তাহাকে খ্রীষ্টীয়ান ভাইরূপ আর জ্ঞান না করিয়া দেবপূজকের ন্যায় ঈশ্বরের মণ্ডলীহইতে সে জনকে বাহির করা কর্ত্তব্য।

মাতি ১৮। ১৭। যদি মণ্ডলীর বাক্যশ্রবণ উপেক্ষা করে তবে দেবপূজক কিম্বা পাটোয়ারির ন্যায় তোমার নিকটে সে হউক ॥ ১ করি ৫। ১১,১৩। কিন্তু আমি সম্প্রতি লিখিয়াছি যে ভ্রাতা নামেতে খ্যাত কেহ যদি লোচ্চা কিম্বা লোভী কিম্বা দেবপূজক কিম্বা নিন্দক কিম্বা মাতওয়ালা কিম্বা জুয়াচোর হয়

তবে তাহার সহিত সখ্য করা এবং ভোজনকরার নিষেধ আছে। অতএব সে কদাচার লোককে তোমারদের মধ্যেহইতে দূর কর ॥

১৬৯ জি। যদি কোন ভাই প্রকাশরূপে দোষ করিয়া থাকে তবে কি উচিত।

উ। গুপ্তরূপে তাহাকে অনুযোগ করা আবশ্যক নাই কিন্তু তৎক্ষণাৎ মণ্ডলীকে কহা উচিত যে তদ্বিষয়ে উপযুক্ত বিচার করা যায়।

১ করি ৫। ১—৫। সর্ব্বত্র কহা যায় যে দেবপূজকেরদের মধ্যেও যে প্রকার লোচ্চাগিরি কহা যায় না অর্থাৎ কোন লোক আপন পিতার স্ত্রীর সহিত ব্যবহার করা এই মত লোচ্চাগিরি তোমারদের মধ্যে আছে। যে জন এ ক্রিয়া করিয়াছে সে তোমারদিগহইতে পৃথক করা যায় এই নিমিত্তে তোমরা তাপিত হইলা না বরং গর্ব্বিত হইয়াছিলা। যে জন এ ক্রিয়া করিয়াছে তাহার বিষয়ে আমি শরীরে তোমারদের নিকট অবিদ্যমান হইয়া কিন্তু মনে বিদ্যমান হইয়া শরীরে বিদ্যমান হইয়া যেমন বিচার করিতাম তেমন এখনি বিচার করিয়াছি। যখন প্রভু যিশু খ্রীষ্টের নামে তোমরা ও আমার আত্মা একত্র হও তখন প্রভু যিশু খ্রীষ্টের পরাক্রমযুক্ত হইয়া শয়তানের কাছে এ প্রকার ব্যক্তির সমর্পণ করা তোমারদের উচিত ॥

১৭০ জি। মণ্ডলীর শাসনের প্রয়োজন কি।

উ। পাপি লোককে শুদ্ধকরা ও পাপহইতে অন্যান্য ব্যক্তিকে পৃথক্‌করা এবং ঈশ্বরের মণ্ডলীর পবিত্রতা রক্ষাকরা এই সকল মণ্ডলীর শাসনের ফল।

১ করি ৫। ৫। যে প্রভু যিশু খ্রীষ্টের দিনে আত্মা উদ্ধৃত হইবার কারণ শরীরের নাশের জন্যে শয়তানের কাছে এ প্রকার ব্যক্তির সমর্পণ করা তোমারদের উচিত ॥ ১ তিমো

৫। ১৩।পাপকারিরদিগকে সকলের সাক্ষাৎ ধমকাও যে আরং লোকে ভয় করে॥ ১ করি ৫। ৭। অতএব যেমন তোমরা অখমির আছ তেমন তোমারদের এক নূতন তাল হওয়ার ধারণ পুরাতন খমির দূর কর॥

## পরকালের বিষয়।

---

১৭১ জি। মৃত্যু কি।

উ। শরীরহইতে প্রাণ বিয়োগ হওয়াই মৃত্যু তৎসময়ে প্রাণ ঈশ্বরের নিকটে যায় ও শরীর মৃত্তিকাতে লীন হয়।

ধর্ম্মোপ ৯। ৫। জীবৎ লোকেরা জানে যে আপনারদের মরণ হইবে কিন্তু মৃতেরা কিছুই জানে না এবং তাহারদের আর ফল নাই যেহেতুক তাহারদের স্মরণ বিস্মৃত হইয়াছে॥ ধর্ম্মোপ ১২। ৭। যেহেতুক তখন পূর্ব্বাবস্থার মতে ধূলা পৃথিবীতে আরবার যাবে এবং আত্মদাতা ঈশ্বরের কাছে আত্মা যাবে॥

১৭২ জি। সকলই মরিবে কি না।

উ। হাঁ কেননা সকলই পাপিষ্ঠ এবং মৃত্যু পাপের ফল।

এবরী ৯। ২৭। মনুষ্যেরদের একবার মরণ ও তারপর বিচার নিরূপিত আছে॥ রোম ৫। ১২ এহেতুক যেমন এক জনের দ্বারা পাপ জগতে প্রবেশ করিল এবং পাপের দ্বারা মৃত্যু

এবং তাহাতে সকলে পাপকারী হইলে মৃত্যু সকলের উপরে আইল॥ রোম ৬। ২৩। পাপের বেতন মৃত্যু॥

১৭৩ জি। মৃত্যুকালে কি হইবে।

উ। সে সময়ে আমারদের পরীক্ষা কাল সমাপ্ত হইবে এবং তৎকালীন যেং অবস্থা সে অনন্তকাল পর্য্যন্ত স্থায়ী হইবে।

ধর্ম্মোপ ৯। ১০। তোমার হাত যাহাং করিতে পায় তাহা তোমার বলের সহিত কর যেহেতুক তোমার গন্তব্য কবরে কিছু কার্য্য নাই উপায় নাই জ্ঞান নাই বুদ্ধি নাই॥ য়োহ ৯। ৪। যে রাত্রিকালে কেহ কর্ম্ম করিতে পারে না তাহা আসিতেছে॥ লূক ১৬। ২৬। আমারদের ও তোমারদের মধ্যে এক মহাগম্ভীর স্থল ব্যবহিত আছে তাহার কারণেতে আমারদের কেহ তোমারদের সে স্থানে যাইতে পারে না ও তোমারদের কেহ আমারদের এ স্থানে আসিতে পারে না॥

১৭৪ জি। দুষ্টলোকেরদের মরণকালে কি হইবে।

উ। তাবৎ সুখের শেষ হইয়া তাহারদের শরীর কারাগারের ন্যায় কবরে রাখা যাইবে ও প্রাণ মহা দুঃখ স্থানে তৎক্ষণাৎ পতিত হইবে।

লূক ১৬। ২৩—২৫। ধনী ও মরিল এবং কবরে থোয়া গেল পরে নরকে ব্যথিত হইয়া সে ধনী চক্ষু তুলিল ও বড় দূরে অবরাহামকে ও তাহার বক্ষঃস্থলে লাজারকে দেখিল। তখন সে ডাকিয়া বলিল যে হে পিতা অবরাহাম আমাকে দয়া কর এবং লাজার আপন অঙ্গুলির আগা জলে ডুবাইয়া আমার জিহ্বা শীতল করিবার তরে তাহাকে পাঠাও কেননা এ অগ্নি শিখায় আমি যন্ত্রণা পাই। কিন্তু অবরাহাম তাহাকে কহিল যে পুত্র মনে কর যে তুমি আপন জীবনকালে আপন

মৃত্যু পাইয়াছ ও লাজার দুঃখ কিন্তু এখন সে সান্ত্বনা পায় তুমি যন্ত্রণা॥

১৭৫ জি। সাধুলোকেরদের মৃত্যুকালে কি হয়।

উ। তাহারা বর্ত্তমান আয়ুর তাবৎ দুঃখহইতে মুক্তি পায় এবং পবিত্রতা ও আনন্দতে পরিপূর্ণ হই য়া ঈশ্বরের গৌরবস্থানে তৎক্ষণাৎ প্রবেশ করে।

প্রকাশ ১৪। ১৩। পরে এই বাক্যবোধক এক আকাশবাণী আমি শুনিলাম যে লিখ এই অবধি যাহারা প্রভুতে মরে তা হারা ধন্য আত্মাও ইহাও কহেন কেননা তাহারা আপনার দের কর্ম্মহইতে বিশ্রাম পায় ও তাহারদের ক্রিয়া তাহারদের অনুগামী হয়॥ এবরী ১২। ২৪। সাধু লোকেরদের শুদ্ধীকৃত আত্মা॥ ২ করি ৫। ১। কেননা আমরা জানি যে আমারদের এ পার্থিব বাসা ঘর যদি আলিয়া যায় তবে ঈশ্বরেতে নির্ম্মিত অহস্তকৃত স্বর্গস্থ অনন্ত আমারদের এক বাড়ী আছে॥ লূক ২৩। ৪৩। য়িশু তাহাকে কহিলেন যে সত্য তোমাকে আমি কহি তুমি অদ্য ফারদীশে আমার সহিত হইবা॥

১৭৬ জি। মৃত্যুসময়ে সাধুলোকেরদের শরীরের কি হয়।

উ। তাহারদের শরীর য়িশু খ্রীষ্টের অঙ্গরূপ হইয়া পুনরুত্থানপর্য্যন্ত কুশলপূর্ব্বক কবরে শয়ন করিয়া থাকে।

১ তেস ৪। ১৪। কেননা যদি আমরা প্রত্যয় করি যে য়িশু মরিলেন ও পুনর্ব্বার উঠিলেন তবে যাহারা য়িশুতে নিদ্রিত আছে তাহারদিগকেও ঈশ্বর আপনার সহিত আনিবেন॥ য়িশাঈ ৫৭। ২। সাধু মানুষ এবং সরলপথগামি জন কুশলে যাইবে সে আপন শয্যোপরি বিশ্রাম করিবে॥ আয়োব ১৯। ২৫,২৬। কেননা আমি জানি যে আমার মুক্তিদ জীবৎ

আছেন এবং শেষ দিনে পৃথিবীতে দাণ্ডাইবেন। আমার চর্ম্মেরও যদি ক্ষয় হয় তথাচ আমি শরীরবিশিস্ট হইয়া ঈশ্বরকে দেখিতে পাইব॥

## পুনরুত্থানের বিষয়।

১৭৭ জি। মৃতব্যক্তিরদের পুনরুত্থান হইবে কি না।

উ। হাঁ জগতের শেষ দিনে ধার্ম্মিক ও অধার্ম্মিক লোকেরদের সাধারণ পুনরুত্থান হইবে।

প্রেরি ২৪। ১৫। এবং ধার্ম্মিক ও অধার্ম্মিক এই দুই প্রকার মৃতলোকেরদের পুনরুত্থান যে হইবে উঁহারদের ও স্বীকৃত এ কথা আমি ঈশ্বরে প্রত্যাশা করি॥ য়োহ ৫। ২৮, ২৯। ইহাতে চমৎকৃত হইও না কেননা যত লোক কবরে আছে সে সকল যে কালে তাঁহার রব শুনিবে ও বাহিরে আসিবে॥ ১ করি ১৫। ১২, ১৩। সম্প্রতি যদি ঘোষণা করা যায় যে খ্রীষ্ট মৃত্যুহইতে উত্থাপিত ছিলেন তবে আমারদের মধ্যে কতক লোক কেমন করিয়া কহে যে মৃতেরদের পুনরুত্থান নাই কিন্তু যদি মৃতেরদের পুনরুত্থান নাই তবে খ্রীষ্ট পুনরুত্থাপিত নহেন॥

১৭৮ জি। পুনরুত্থান কিরূপে হইবে।

উ। ঈশ্বর আপন মহাপরাক্রমেতে মৃতব্যক্তিরদি

গকে এক নিমিষের মধ্যেই কবরহইতে উঠাইবেন এবং তৎকালীন জীবিতেরদের রূপান্তর হইবে।

১ করি ১৫। ৫১.৫২। দেখ তোমারদিগের প্রতি এক গূঢ় কথা আমি প্রকাশ করি আমরা সকলে নিদ্রা যাইব না কিন্তু শেষ তূরী বাজানেতে এক তিলকালে এক পলকেই আমরা সকলে অন্যরূপ করা যাইবে। কেননা তূরী বাজিবে এবং মৃত লোকেরা অক্ষয়ী হইয়া উঠান যাইবে ও আমরা অন্যরূপ করা যাইব॥ ১ তেস ৪। ১৫—১৭। কেননা প্রভুর বাক্যের দ্বারা আমরা তোমারদিগকে কহি যে জীবৎ এবং প্রভুর আগমন না হওয়াপর্য্যন্ত স্থায়ি আমরা নিদ্রিত জনেরদের অগ্রগামী হইব না। কেননা জয়২কার শব্দ ও প্রধান দূতের রব ও ঈশ্বরের তূরীবাদ্য করত প্রভু আপনি স্বর্গহইতে নামিলেন এবং খ্রীষ্টে যাহারা মৃত তাহারা প্রথমে উঠিবে তারপর জীবৎ অথচ অবশিষ্ট আমরা আকাশেতে প্রভুর সহিত দেখা করিতে তাহারদের সঙ্গে মেঘেতে আকৃষ্ট হইব তাহাতে প্রভুর সহিত নিত্য থাকিব॥

১৭৯ জি। তৎসময়ে ধার্ম্মিকব্যক্তিরদের কিরূপ হইবে।

উ। তাহারদের শরীর গৌরববিশিষ্ট হইয়া প্রভু যিশু খ্রীষ্টের তেজোময় শরীরের মত কবরহইতে উঠিবে।

১ করি ১৫। ৪২—৪৪। সেইমত মৃতজনেরদের পুনরুত্থান তাহা ক্ষয়ণীয় আকার বুনা গিয়াছে অক্ষয়ণীয় উত্থিত হইয়াছে তাহা অপমানে বুনা গিয়াছে গৌরবে উত্থিত হইয়াছে তাহা দুর্ব্বলতায় বুনা গিয়াছে পরাক্রমে উত্থিত হইয়াছে। তাহা স্বাভাবিক আকারে বুনা গিয়াছে পারমার্থিক আকারে উত্থিত হইয়াছে॥ ফিলি ৩। ২০,২১। আপন তেজস্বি শরীরের রূপে করা যাওনের জন্যে আমারদের ছার শরীরকে

অন্যমূর্ত্তি করিবেন যে আমারদের তারক প্রভু য়িশু খ্রীষ্ট তাঁহার অপেক্ষা যে স্বর্গহইতে আমরা করি সেই স্বর্গে আমারদের আচরণ আছে॥

১৮০ জি। দুষ্ট লোকেরদের পুনরুত্থান কিরূপ হইবে।

উ। তাহারদের শরীর অত্যন্ত অপমানিত হইয়া বিনাশরূপ পুনরুত্থানে কবরহইতে উঠিবে।

দানি ১২।২। এবং পৃথিবীর ধূলার মধ্যে যাহারা শয়ন করে তাহারদের মধ্যে অনেক উঠিবে কেহ২ অনন্ত পরমায়ুর কারণ এবং কেহ২ অপমান ও অনন্ত অবজ্ঞার কারণ॥ য়োহ ৫।২৯। যাহারা কুক্রিয়া করিয়াছে তাহারা দণ্ডাধিকাররূপ পুনরুত্থানের জন্যে সেই কাল আসিতেছে॥

## মহাবিচার দিনের বিষয়।

---

১৮১ জি। পুনরুত্থানের পর কি হইবে।

উ। পুনরুত্থান হইলে পর দূতেরদের ও তাবৎ মনুষ্যেরদের শেষ বিচার হইবে।

এব্রী ৯।২৭। মনুষ্যেরদের একবার মরণ ও তারপর বি

চারুনিরূপিত আছে ॥ য়িহু ১। ৬। এবং যে দূতেরা আপনা রদের বসতি ত্যাগ করিল তাহারদিগকে সে মহাদিনের বিচারার্থে তিনি অক্ষয় জিঞ্জিরেতে বদ্ধ করিয়া অন্ধকারের নীচে রাখিয়াছেন ॥

১৮২ জি। বিচারকর্ত্তা কে হইবেন।

উ। প্রভু য়িশু খ্রীষ্ট সকলের বিচারকর্ত্তা নিরূপিত আছেন।

প্রেরি ১৭। ৩১। কেননা যে পুরুষকে তিনি নিযুক্ত করিয়াছেন সে পুরুষের দ্বারা জগতীস্থ লোকেরদের বিচার যে দিন ধর্ম্মেতে করিবেন এমন এক দিন তিনি নিরূপণ করিয়াছেন এবং তাহাকে মৃত্যুহইতে উঠাইয়া তিনি ইহার নিশ্চয় প্রমাণ সকলকে দিয়াছেন ॥ য়োহ ৫। ২২। কেননা পিতা কোন কাহাকেও বিচার করেন না কিন্তু সমস্ত বিচার পুত্রের কাছে সমর্পণ করিয়াছেন।

১৮৩। জি। য়িশু খ্রীষ্ট জগতের বিচার করণার্থে কিরূপে আসিবেন

উ। তিনি সমস্ত স্বর্গ্য দূতেরদিগকে সঙ্গে লইয়া আপন ও পিতার ঐশ্বর্য্য ও মহাপরাক্রমবিশিষ্ট হইয়া আগমন করিবেন।

মাত্তি ২৫। ৩১। যখন মনুষ্যের পুত্র আপন ঐশ্বর্য্যেতে বেষ্টিত হইয়া সমস্ত ধর্ম্মদূতেরদিগকে সঙ্গে করিয়া আসিবেন তখন তিনি আপন তেজোময় সিংহাসনের উপরে বসিবেন ॥ প্রকাশ ২০। ১১। পরে শ্বেতবর্ণ বড় এক সিংহাসন ও তদুপবিষ্ট যে পুরুষের মুখহইতে পৃথিবী ও স্বর্গ পলাইল ও তাহারদের স্থানের উদ্দেশ আর পাওয়া গেল না আমি দেখিলাম তাঁহাকে ॥

১৮৪ জি। বিচারের দিবসে আমারদের কোন্ বিষয় বিচারিত হইবে।

উ। তৎসময়ে তাবৎ কর্ম্ম ও কথা ও মানস অর্থাৎ আমারদের সমস্ত বিষয়ের বিচার হইবে।

২ করি ৫। ১০। কেননা আমারদের কৃত ক্রিয়া ভাল হউক, কিম্বা মন্দ হউক তদনুযায়ি প্রত্যেক জন আপনার শরীরে কৃত ক্রিয়ার ফল পাইবার জন্যে খ্রীষ্টের বিচারাসনের সম্মুখে আমারদের সকলকে দাঁড়াইতে হবে॥ মাতি ১২। ৩৬। কিন্তু তোমারদিগকে আমি বলি যে প্রত্যেক অকারণ কথা মনুষ্যেরা কহে বিচারের দিনে তাহার হেতু কহিতে হইবে॥ রোমা ২। ১২। যে দিন যিশু খ্রীষ্টের দ্বারা ঈশ্বর আমারি মঙ্গল সমাচারের মত মনুষ্যেরদের গুপ্ত ক্রিয়া বিচার করিবেন॥ রোমা ১৪। ১২। অতএব আমারদের মধ্যে প্রত্যেক জনকে আপন বিষয় ঈশ্বরের নিকটে বিশেষরূপে কহিতে হইবে॥

১৮৫ জি। সেই দিনে প্রভু যিশু খ্রীষ্ট কি করিবেন।

উ। তিনি আপনার সাক্ষাৎ সমস্ত লোককে একত্র করাইয়া ধার্ম্মিকহইতে অধার্ম্মিকেরদিগকে পৃথক করিয়া ধার্ম্মিকেরদিগকে দক্ষিণে অধার্ম্মিকেরদিগকে বামপার্শ্বে স্থাপন করিবেন।

মাতি ২৪। ৩০,৩১। সে কালে মনুষ্যের পুত্রের চিহ্ন স্বর্গে প্রকাশিত হইবেক তখন পৃথিবীর সমস্ত গোষ্ঠীরা রোদন করিবে এবং তাহারা স্বর্গের মেঘারূঢ় পরাক্রম ও মহাতেজ করিয়া আসিতে মনুষ্যের পুত্রকে দেখিবেক। তখন তিনি তূরীর ধ্বনিকরিয়া আপন দূতেরদিগকে পাঠাইবেন ও তাহারা চতুর্দ্দিগহইতে আকাশের আদ্যন্তপর্য্যন্তই আপন মনোনীত লোকেরদিগকে একত্র করিবে॥ মাতি ২৫। ৩২,৩৩। সমস্ত

দেশস্থেরা তাঁহার সাক্ষাৎ একত্র হইবে প-- যেমত রক্ষক মেষ ও অজেরদিগকে পৃথক করে তেম রদের এক জন আর জনহইতে পৃথক কা মষেরদি গকে আপন দক্ষিণে ও অজেরদিগকে ন॥

১৮৬ জি। বিচারের দিনে দুষ্ট লোকেরদের কি প্রকার দশা হইবে।

উ। তাহারা মহাসিংহাসনের নিকটে অত্যন্ত ভয়ে কম্পান্বিত হইয়া খ্রীষ্টের ক্রোধহইতে আপনারদিগকে লুকাইবার নিমিত্তে পর্ব্বতের নিকটে উচ্চস্বরে প্রার্থনা করিয়া থাকিবে।

প্রকাশিত ৬। ১৫—১৭। এবং পৃথিবীর রাজারা ও বড় মনুষ্যরা ও ধনি লোকেরা ও প্রধান সেনাপতিরা ও বলবান লোকেরা ও প্রতিজন দাস কিম্বা মুক্ত পর্ব্বতের গুহাতে ও শৈলে আপনারদিগকে লুকাইল। এবং তাহারা পর্ব্বতেরদিগকে ও শৈলেরদিগকে কহিল যে আমারদের উপরে পড় এবং সিংহাসনোপবিষ্ট পুরুষের মুখহইতে ও মেষের বাচ্চার ক্রোধহইতে আমারদিগকে লুকাও। কেননা তাঁহার ক্রোধের মহাদিন উপস্থিত আছে এবং কে স্থির হইতে পারিবে॥

১৮৭ জি। সেই সময়ে সাধুলোকেরদিগকে কিরূপ দেখা যাইবে।

উ। সিংহাসনের সম্মুখে তাহারা নির্ভয়ে দণ্ডায়মান হইয়া বিচারকর্ত্তাকে আপনারদের মিত্ররূপ জ্ঞান করিয়া অত্যন্ত আহ্লাদপূর্ব্বক তাঁহাকে আইস২ করিবে।

যিশাঈ ২৫। ৮,৯। তিনি মৃত্যুকে নিঃশেষরূপে সংহার করিবেন এবং প্রভু পরমেশ্বর সকল মুখহইতে অশ্রু পুঁছিবেন। এবং আপন লোকেরদের অপমান তিনি সমস্ত পৃথিবীহইতে খণ্ডাই

বেন যেহেতুক খ্রিষ্ট তাহা কহিয়াছেন। তাহারা সেইসময়ে বলিবে দেখ এই আমারদের ঈশ্বর আমরা তাঁহার শরণ লই য়াছি এবং তিনি আমারদিগকে নিস্তার করিয়াছেন এই খ্রিষ্ট আমরা তাঁহার শরণ লইয়াছি তাঁহার তারণে আমরা আনন্দ ও জয়ধ্বনি করিব॥

১৮৮ জি। যাহারা বিচারকর্ত্তার দক্ষিণ দিগে থা কিবে তাহারদিগকে তিনি কি করিবেন।

উ। অনন্ত সুখ ভোগপ্রাপণার্থে আপনার নিকটে তিনি আহ্লাদপূর্ব্বক তাহারদিগকে গ্রহণ করিবেন অতএব প্রভুর সহিত তাহারা অনন্তকালপর্য্যন্ত স্বর্গে বাস করিবে।

মাতি ২৫। ৩৪,৪৬। তখন রাজা আপন দক্ষিণে স্থিতের দিগকে কহিবেন হে আমার পিতাতে আশিঃপ্রাপ্ত জনেরা যে রাজ্য তোমারদের কারণ জগতের মুলকরণাবধি প্রস্তুত হই য়াছে তোমরা আসিয়া সে রাজ্য গ্রহণ কর। ধার্ম্মিকেরা অন ন্তায়ুতে যাইবে॥ ১ তেস ৪। ১৭। এবং খ্রীষ্টে যাহারা মৃত তাহারা প্রথমে উঠিবে তারপর জীবৎ অথচ অবশিষ্ট আমরা আকাশেতে প্রভুর সহিত দেখা করিতে তাহারদের সঙ্গে মে ঘেতে আকৃষ্ট হইব তাহাতে প্রভুর সহিত নিত্য থাকিব॥

১৮৯ জি। যাহারা বামে থাকিবে তাহারদিগকে তিনি কি করিবেন।

উ। অশেষ দুঃখ ভোগপ্রাপণার্থে তিনি আপন নিকটহইতে তাহারদিগকে দূর করিবেন অতএব শয়তান ও তাবৎ পতিত দূতেরদের সঙ্গে তাহারা অশেষক্লেশে নিত্য থাকিবে।

মাতি ২৫। ৪১ ৪৬। তখন যাহারা বামে থাকে তাহারদিগ কেও তিনি কহিবেন হে শাপগ্রস্তেরা যে অনন্তানল শয়তান ও

তাহার দূতেরদের জন্যে প্রস্তুত আছে তোমরা আমার নিকট
হইতে তাহাতে যাও। ইহারা ২
তেস ১।১০। তখন সে দিনে ার
পরাক্রমের তেজহইতে তাহার াস্তি
হইবে॥

## নরকবিষয়।

---

১৯০। বিচার হইলে পর দুষ্টলোকেরা কোথায় থাকিবে।

উ। তাহারা অচিন্তনীয় দুঃখস্থান অর্থাৎ নরকে পতিত হইবে।

৯ গীত।১৭। দুষ্টেরা এবং ঈশ্বরবিস্মরণকারি সকল অন্য দেশীয়েরা নরকে ফেলা যাইবে॥ প্রকাশিত ২১।৮। কিন্তু ভয়ার্ত্ত ও অপ্রত্যয়ী ও ঘৃণার্হ ও বধকারী ও লোচ্চা ও মায়াবী ও দেবপূজক ও সকল মিথ্যাবাদী এই সকলের অধিকার অগ্নি ও গন্ধকেতে প্রজ্বলিত সাগরে হইবে সেই দ্বিতীয় মৃত্যু॥

১৯১ প্র। ধর্ম্মপুস্তকের মধ্যে নরক কিরূপ কথিত আছে।

উ। ঐ ভয়ানক স্থানের মহাযন্ত্রণা প্রকাশ করিবার জন্যে সে নরকানল ও গন্ধক প্রজ্বলিত অগ্নি

সাগর ও অনির্ব্বাণানল ও বাহিরে অন্ধকার ও দ্বিতীয় মৃত্যুইত্যাদি ধর্ম্ম পুস্তকে বিখ্যাত আছে।

মাতি ৫। ২২। কেহ আপনার ভাইকে তুই পাগল এ কথা কহে সে নরকানলে দণ্ডনীয় ॥ প্রকাশিত ১৯। ২১। ঐ দুই জীবৎ হইয়া সগন্ধক প্রজ্বলিত অগ্নিসাগরে ফেলা গেল ॥ মাক ৯। ৪৩,৪৪। অনির্ব্বাণানলে তাহারদের পোকা মরে না এবং অনল নির্ব্বাণও হয় না সেই নরকে যাওনহইতে বরং টুটা হইয়া জীবনে যাওয়া ভাল ॥ মাতি ২২। ১৩। তখন রাজা আপন দাসেরদিগকে বলিল যে তাহার হাত পা বাঁধিয়া তাহাকে লইয়া যে বাহিরে অন্ধকারে ক্রন্দন ও দন্তের কিড়িমিড়ি আছে সেখানে তাহাকে ফেল ॥ প্রকাশিত ২০। ১৪। পরে অগ্নিসাগরেতে মৃত্যু ও নরক ফেলা গেল এই দ্বিতীয় মৃত্যু ॥

১৯২ জি। কাহার নিমিত্তে সেই ভয়ানক স্থান প্রস্তুত আছে।

উ। শয়তান ও তাহার সমস্ত দুষ্ট দূতেরদের জন্যে নরক প্রস্তুত করা গিয়াছে। কিন্তু যাহারা তাহারদের অপরাধভাগী হয় তাহারাও তাহারদের সহিত নরকানলে দণ্ডনীয় হইবে।

মাতি ২৫। ৪১। তখন যাহারা বামে থাকে তাহারদিগকেও তিনি কহিবেন হে শাপগ্রস্তেরা যে অনন্তানল শয়তান ও তাহার দূতেরদের জন্যে প্রস্তুত আছে তোমরা আমার নিকট হইতে তাহাতে যাও ॥ প্রকাশিত ২০। ১০,১৫। এবং যে অগ্নি ও গন্ধকময় সাগরে সে হিংস্র জন্তু ও মিথ্যা আচার্য্য থাকে তাহাতে তাহারদের প্রবঞ্চক শয়তান ফেলা গেল। এবং জীবনাখ্য পুস্তকে যে জনের নাম লিখা যায় না [illegible] তাও অগ্নি সমুদ্রে ফেলা গেল ॥

১৯৩ জি। যাহারা নরকে [illegible] রদের কি প্রকার দুঃখ হইবে।

উ৭ তাহারা অনন্তকালপর্য্যন্ত ঐস্থিক থাকিয়া তাবৎ সুখ ও ভরসাহীন হইয়া এ প্রকার দুঃখের অধীন হইয়া নি পাত্র থাকিবে।

লূক ১৬। ২৫,২৬। কিন্তু অবরাহাম তাহা৫ পুত্র মনে কর যে তুমি আপন জীবনকালে আপন সুখ পাইয়াছ ও লাজার দুঃখ কিন্তু এখন সে সান্ত্বনা পায় তুমি যন্ত্রণা। ইহা ছাড়াও আমারদের ও তোমারদের মধ্যে এক মহাগভীর স্থল ব্যবহিত আছে তাহার কারণেতে আমারদের কেহ তোমারদের সে স্থানে যাইতে পারে না ও তোমারদের কেহ আমারদের এ স্থানে আসিতে পারে না॥ প্রকাশিত ২২। ১১। যে জন অধার্ম্মিক সে জন অধার্ম্মিক হইয়া থাকুক এবং যে জন সমল সে জন সমল হইয়া থাকুক॥ ১১ গীত। ৬। দুষ্ট লোকেরদের উপর তিনি ফাঁদ ও অগ্নি ও গন্ধক ও প্রচণ্ড ঝড় বৃষ্টি করিবেন এই তাহারদের পেয়ালার ভাগ হইবে॥ প্রকাশিত ১৪। ১০। তবে ঈশ্বরের যে অমিশ্রিত ক্রোধমদ্য তাহার কোপরূপ বাটীতে ঢালা যায় সে জন সেই মদ্য পান করিবে এবং পুণ্যবান দূতেরদের ও মেষশাবকের সাক্ষাৎ অগ্নি ও গন্ধকেতে তাহার যন্ত্রণা করা যাইবে॥

১৯৪ জি। ঐ দুখের শেষ কখন ও হইবে কি না।

উ৫ না কখন হইবে না সে যন্ত্রণা সদাসর্ব্বক্ষণে দিবারাত্রি নিরন্তর থাকিবে।

প্রকাশিত ১৪। ১১। তাহারদের যন্ত্রণার ধূম সদাসর্ব্বক্ষণে উঠে এবং যাহারা সে জন্তু কিম্বা তাহার প্রতিমার পূজা করে ও যে জন তাহার নামের চিহ্ন গ্রহণ করে দিবারাত্রিতে কখনও তাহারদের বিশ্রাম নাই॥ প্রকাশিত ২০। ১০। তাহারা দিবারাত্রি সদাসর্ব্বক্ষণে যন্ত্রণা পাইবে॥ মাত্তি ২৫। ৪৬। ইহারা অনন্তশাস্তিতে যাইবেক॥

## স্বর্গ বিষয়।

---

১৯৫ জি। বিচার হইলে পর সাধুলোকের কোথায়-যাইতে হয়।

উ। তাহারা নূতন যিরুশালম অর্থাৎ স্বর্গে প্রবেশ করিয়া সেখানে অত্যন্ত শোভা পাইবে।

য়িশায়ি ৩৫। ১০। য়িহুদের মুক্ত লোকেরা ফিরিবে তাহারা জয়২ ধ্বনি করিতে২ সীওনে উত্তরিবে তাহারদের মাথার নিত্য আহ্লাদরূপ মুকুট হইবে তাহারা আনন্দ এবং আহ্লাদ পাইবে এবং শোক ও আর্ত্তস্বর পলাইবে॥ মাথি ১৩। ৪৩। সেকালে ধার্ম্মিকেরা আপনারদের পিতার রাজ্যে সূর্য্যের মত শোভা পাইবে॥ দানিএল ১২। ৩। এবং যাহারা জ্ঞানবান তাহারা আকাশের প্রভার মত দীপ্তি করিবে এবং যাহারা অনেককে ধর্ম্মের প্রতি ফিরায় তাহারা সদাসর্ব্বক্ষণে তারারদের ন্যায় দীপ্তি করিবে॥

১৯৬ জি। স্বর্গ কি প্রকার স্থান।

উ। অতিপবিত্র ও গৌরবীয় ও আনন্দময় স্থান এবং সেখানে সমস্ত ধর্ম্ম দূতেরা ও খ্রীষ্ট ও তাবৎ সাধুলোকেরা ধর্ম্মময় য়িহুহে নিত্য বাস করিবে।

প্রকাশিত ২১। ২—৪—২৩,২৭। পরে যেমন বরের ক|
রণ কন্যা বিভূষিতা হয় তেমন ঈশ্বরের —ঈ— সাজাইয়
স্বর্গহইতে অবরোহি. সে পবিত্র নগর স
মধ্যে আমি দেখিলাম : দেখ ঈশ্বরের গৃ
আছে এবং তাহারদের সহিত তিনি রা
তাঁহার লোক হইবে এবং ঈশ্বর আপনি তাহারদের মধ্যে হই
য়া তাহারদের ঈশ্বর হইবেন। এবং তাহারদের চক্ষুহইতে ঈশ্বর
সকল অশ্রু মুছিয়া ফেলিবেন এবং আর মৃত্যু কিম্বা শোক
কিম্বা ক্রন্দন কিম্বা আর ব্যথা হইবে না কেননা পূর্ব্ব বিষয়
বহিয়া গিয়াছে স্বর্গহইতে এই বাক্যবোধক এক মহাশব্দ আমি
শুনিলাম। সে নগরের মধ্যে প্রকাশ করিবার জন্যে সূর্য্যের
কিম্বা চন্দ্রের আবশ্যক নাই কেনন ঈশ্বরের তেজ তাহা দীপ্তি
মান করে এবং মেষশাবকই তাহার আলো। এবং যে কোন
বস্তু অশুচি করে কিম্বা ঘৃণাহ কার্য্য করে কিম্বা মিথ্যা কথা
কহে এ সকল বস্তু কোন প্রকারে তাহার মধ্যে প্রবেশ করিবে
না কিন্তু যাহারা মেষশাবকের জীবনাখ্য পুস্তকে লিখিত হয়
তাহারা প্রবেশ করিবে। এব্রী ১২। ২২—২৪। কিন্তু তোমরা
সিওন পর্ব্বত ও জীবৎ ঈশ্বরের নগর অর্থাৎ স্বর্গীয় যিরুশালম
এবং কোটি২ দূত ও স্বর্গে লিখিত প্রথম জাতেরদের সর্ব্বাধি
ষ্ঠিত সভা ও মণ্ডলী এবং সকলের বিচারকর্ত্তা ঈশ্বরও সাধুলো
কেরদের শুদ্ধীকৃত আত্মা ও নূতন নিয়মের মধ্যস্থ যিশু এবং
হেবেলের রক্তহইতে ভাল বাক্যবাদি প্রোক্ষণকারক রক্ত
এই২ সকলের নিকটে তোমরা উপস্থিত আছ॥

১৯৭ জি। স্বর্গনিবাসি লোকেরা কি করিয়া থাকে।

উ। ঈশ্বরের সিংহাসন বেষ্টন করিয়া তাঁহার
গৌরব অবলোকন ও স্তুতি ধন্যবাদইত্যাদি নিত্য করি
য়া থাকে।

প্রকাশিত ৭। ৯—১২। ইহার পরে আমি দৃষ্টি করিলাম

এবং দেখ যাহা কেহ গণনা করিতে না পারে সর্ব্বদেশীয় ও সর্ব্ববংশীয় ... লোকীয় ও সর্ব্বভাষীয় এমত এক অতিশয় ... বস্ত্রান্বিত ও তালপত্রহস্ত হইয়া সিংহাসন ... সম্মুখে দাঁড়াইল। এবং উচ্চৈঃস্বরে করিয়া ... সিংহাসনোপবিষ্ট আমারদের ঈশ্বর এবং মেষশাবকের প্রতি ত্রাণের প্রশংসা হউক। তাহাতে সমস্ত দূত সিংহাসনের ও সে প্রাচীন লোকেরদের ও চারি জন্তুর চতুর্দ্দিগে দাঁড়াইয়া সিংহাসনের সম্মুখে উবুড় হইয়া পড়িল। এবং ঈশ্বরের পূজা করিয়া কহিল যে আমিন ধন্যবাদ ও মাহাত্ম্য ও জ্ঞান ও কৃতজ্ঞতাস্বীকার ও সম্মানের ও পরাক্রমের ও বলের প্রশংসা সদাসর্ব্বদা আমারদের ঈশ্বরের প্রতি হউক॥

১৯৮ জি। তাহারদের কি প্রকার সুখ হইবে

উ। সর্ব্বপ্রকার পাপ ও আপদবিপদহইতে মুক্ত হইয়া তাহারা ঈশ্বরের প্রেম সমপূর্ণরূপে ভোগ করিবে।

প্রকাশিত ৭। ১৪—১৭। পুনশ্চ সে আমাকে কহিল মহা দুঃখহইতে আগত এবং মেষশাবকের রক্তেতে আপনারদের বস্ত্র ধুইয়া শুক্লবর্ণ করিয়াছে যাহারা এই তাহারা। এই প্রযুক্ত তাহারা ঈশ্বরের সিংহাসনের সম্মুখে থাকে এবং তাঁহার মন্দিরে দিবারাত্রি তাঁহার সেবা করে এবং যিনি সিংহাসনের উপর বসেন তিনি তাহারদের মধ্যস্থানে বসতি করিবেন। তাহারদের আর ক্ষুধা তৃষ্ণা হইবে না এবং রৌদ্র কিম্বা কোন তাপ তাহারদের উপরে লাগিবে না। কেননা সিংহাসনের মধ্যস্থিত মেষশাবক তাহারদিগকে চরাইবেন এবং জলের অমর উনইর নিকটে তাহারদিগকে লইবেন এবং তাহারদের চক্ষুহইতে ঈশ্বর সকল অশ্রু মুছিয়া ফেলিবেন॥ ১৬। গীত ১১। তুমি জীবনের পথ আমাকে দেখাইবা তোমার সম্মুখে পূর্ণআনন্দ ও তোমার দক্ষিণে অনন্ত সুখআছে॥ ১৭ গীত। ১৫। আমি ধর্ম্মে তোমার মুখ দেখিব আমি তোমার আকারাকৃত হইয়া সচেতন হওয়া কালে পরিতুষ্ট হইব।

১৯৯ জি। ঐ সুখের শেষ কখনও হইবে কি না।

উ। না কখনই ন
কিবে।

প্রকাশিত ২৫। ৪৬। ধার্ম্মিকে
৪। ১৭। তাহাতে প্রভুর স
১২। জয়ী যে জন তাহাকে
এক স্তম্ভ করিব এবং সে জন আর বাহিরে যাইবে না আমার
ঈশ্বরের নাম এবং আমার ঈশ্বরের নিকটহইতে স্বর্গহইতে
নির্গত আমার ঈশ্বরের নগর অর্থাৎ নূতন যিরূশালম তাহার
নাম এবং আমার নূতন নামও তাহার উপরে আমি লিখিব॥

২০০ জি। এই সকল সমাপ্ত হইলে কি হইবে।

উ। তখন ঈশ্বরের অনুগ্রহকরণের অভিপ্রায় সকলই সুসিদ্ধ হইবে এবং যিশু খ্রীষ্টের মধ্যস্থরূপ অধিকারের শেষ হইলে পরমেশ্বর সকলেতে সকল হইবেন।

১ করি ১৫। ২৪,২৮। অতঃপরে তিনি সকল শাসন ও প্রভুতা ও পরাক্রম লোপ করিয়া যে শেষ কালে তিনি ঈশ্বর পিতার স্থানে রাজ্য সমর্পণ করিবেন সেই শেষ হইবে। এবং যখন সকলে তাহার [illegible] কৃত হয় তখন ঈশ্বর সকলেতে সকল হইবার নিমিত্তে পুত্রও সকল তাঁহার বশীভূতকারির বশীভূত হইবেন॥ রোম ১১। ৩৩,৩৬। আহা ঈশ্বরের জ্ঞান ও বুদ্ধিরূপ ধনের গাম্ভীর্য্য কিবা আশ্চর্য্য তাঁহার বিচার কিবা অজ্ঞাতব্য ও তাঁহার গতি কিবা অননুসন্ধেয়। কেননা তাঁহাহইতে ও তাঁহাকর্ত্তৃক ও তাঁহার উদ্দেশে সকল বস্তু তাঁহার প্রশংসা সদাসর্ব্বক্ষণে হউক। আমিন॥